২৮ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ || সংখ্যা ১০ || সোমবার || অগ্রাহন ১৯ || ১৪৩০ || জমাদিউল আঃ ২০ || ১৪৪৫ || Vol. 28 || Issue 10 || December 04 || 2023 || USA. FREE in NY, Other State

www.banglapatrikausa.com

আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১







## বিজয়ের মাস ডিসেম্বর

## মুক্তিযুদ্ধ চূড়ান্ত অধ্যায়ে রূপ লাভ করে

**বাংলা পত্রিকা ডেস্কঃ** পাকিস্তান ১৯৭১ সালের এই দিনে ভারতের বিভিন্ন এলাকায় বিমান হামলা শুরু করে। এর পরই ভারত ও বাংলাদেশ মিলে **(বাকি অংশ ২০ পাতায়)**

## সিলেট-১ এ লড়াই আ'লীগের সঙ্গে আ'লীগের

# মিসবাহ স্বতন্ত্র প্রার্থী, চাপে পররাষ্ট্রমন্ত্রী মোমেন!





**বাংলা পত্রিকা ডেস্কঃ** সিলেট-১ আসন নিয়ে আগে থেকেই কিছুটা কানাঘুষা ছিলো। যার কেন্দ্রে ছিলেন আওয়ামী লীগের টানা তিনবারের সাবেক কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট মিসবাহ উদ্দিন সিরাজ। দায়িত্ব পালন করেছেন সিলেট জেলা জজ আদালতে পাবলিক প্রসিকিউটরের। ধারণা করা হচ্ছিলো তিনি প্রার্থীতা চাইবেন। হয়েছেও তাই। তবে আওয়ামী লীগের নয়, প্রার্থীতা নিশ্চিত করেছেন স্বতন্ত্র হিসেবে। এই আসনের বর্তমান এমপি পররাষ্ট্র ড. একে আবদুল মোমেন পেয়েছেন নৌকার প্রার্থীতা। এর আগে ২০০৮, ২০১৪ ও ২০১৮ সালের (নবম, দশম ও একাদশ) জাতীয় সংসদ ও সর্বশেষ সিলেট সিটি করপোরেশনের মেয়র পদে নির্বাচনে প্রার্থী হওয়ার ইচ্ছা পোষণ করলেও দলের মনোনয়ন বঞ্চিত ছিলেন মিসবাহ উদ্দীন সিরাজ। তবে **(বাকি অংশ ২০ পাতায়)**

# আতিকুর রহমান সালু গুরুতর অসুস্থ দোয়া কামনা

**নিউইয়র্ক (ইউএনএ):** যুক্তরাষ্ট্রের নিউজার্সী রাজ্যে বসবাসকারী সাবেক ছাত্রনেতা, বিশিষ্ট সংগঠন, রাজনীতিক, বীর মুক্তিযোদ্ধা আতিকুর রহমান সালু গুরুতর অসুস্থ। তিনি ক্যান্সারে ভুগছেন এবং গত সপ্তাহে নিমোনিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার রোগ মুক্তি ও সুস্থতা কামনায় পরিবারের পক্ষ থেকে সবার দোয়া কামনা করা হয়েছে। খবর ইউএনএ'র।



আন্তর্জাতিক ফারাক্কা কমিটির চেয়ারম্যান ও ফোবানা'র সাবেক চেয়ারম্যান আতিকুর রহমান সালুর পারিবারিক সূত্রে জানা গেছে, চলতি বছরের মাঝামাঝি তার ক্যান্সার রোগ ধরা পড়ে। এরপর থেকেই তার চিকিৎসা চলছিলো এবং তিনি চিকিৎসকের পরামর্শে নিয়মতি কেমো নিচ্ছিলেন। গত সপ্তাহে তিনি নিমোনিয়ায় আক্রান্ত হলে গত ৩০ নভেম্বর শনিবার তাকে নিউজার্সীর প্যাসিক সিটির একটি হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়। বর্তমানে তার শারীরিক অবস্থা খুবই খারাপ। তার রোগ মুক্তি ও সুস্থতা **(বাকি অংশ ৩৯ পাতায়)**

# ম্যানহাটানের কনজেশন জোনে গাড়ি ঢুকলেই ১৫ ডলার!

**বাংলা পত্রিকা ডেস্কঃ** নিউইয়র্কের ম্যানহাটনে গাড়ির চাপ ক্রমাগত বেড়েই চলেছে। তা কমিয়ে আনতে কিংবা এই চাপ সামলাতে এমটিএ কনজেশন প্রাইস (ভিড় বাড়ানোর জন্য মূল্য) নির্ধারন করেছে। যা সবশেষ হিসেবে ১৫ ডলার দাঁড়িয়েছে। বলা হচ্ছে, কনজেশন জোনে ঢুকলেই প্রায় সকল চালককে গুনতে হবে ১৫ ডলার। যে কোন যাত্রীবাহী গাড়ি কিংবা প্যাসেঞ্জার-টাইপ গাড়ি কমার্সিয়াল লাইসেন্স প্লেট নিয়ে ম্যানহাটানের এই ডিস্ট্রিক্টে ঢুকলে ১৫ ডলার দেবে। এর বাইরে ট্রাক ঢুকলে দিতে **(বাকি অংশ ১৬ পাতায়)**

## এফবিআইর তদন্ত

# মেয়রের ডিসেম্বরেই প্রয়োজন ৫ লাখ ডলার তহবিল



**বাংলা পত্রিকা রিপোর্টঃ** নিউইয়র্কের মেয়র এরিক অ্যাডামস তার বিরুদ্ধে চলমান এববিআই তদন্ত মোকাবেলা ও আইনি লড়াইয়ে তহবিল সংগ্রহ করছেন। নির্বাচনকালীন সংগৃহীত তহবিল নিয়ে একটি অনিয়মের জের ধরেই মেয়রের ওপর ওই তদন্ত চালাচ্ছে এফবিআই। **(বাকি অংশ ১৬ পাতায়)**

# কুইন্সে ছুরিকাঘাতে ৪ জনের মৃত্যু

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** নিউইয়র্কের কুইন্সে রোববার (৩ ডিসেম্বর) সকালে এক পরিবারের চার সদস্যকে কুপিয়ে হত্যা করেছে এক ব্যক্তি। পুলিশের গুলিতে নিহত হয়েছে হামলাকারী। ভোর ৫টার দিকে এই হামলা সংক্রান্ত কল পেয়ে পুলিশ বিচ ২২ স্ট্রিট ফার রকওয়ের **(বাকি অংশ ১৬ পাতায়)**

## মামলা-গ্রেপ্তার নেই

# গুপ্ত হত্যা, হামলায় নয়া আতঙ্ক

**ঢাকা ডেস্কঃ** হেলমেট-মুখোশ পরে বিরোধীদলীয় নেতাকর্মীদের বাসাবাড়িতে গুপ্ত হামলার ঘটনায় নয়া আতঙ্ক দেখা দিয়েছে। গুপ্ত হামলায় এখন পর্যন্ত ৪ জন নেতাকর্মী নিহত হয়েছেন। গুরুতর **(বাকি অংশ ১৬ পাতায়)**




























Tax & Consulting Services
for Individual and Businesses
Southeast USA Group Inc.
OUR SERVICES
- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services
Southeast USA Group Inc
(917) 566-1612
Prof. Ehteshamul Haque
Financial & Business Planning
74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372
Visit: www.southeastusagroup.com

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
The Weekly Bangla Patrika // Monday / December 04 // 2023



# দেশে কোটিপতি বাড়ছে হু হু করে ঃ ১৪ বছরে বেড়েছে ৪ গুণের বেশি

ঢাকা ডেস্ক: দেশে কোটিপতির সংখ্যা অনেকটা হু হু করে বাড়ছে। শুধু ব্যাংকিং খাতেই গত সাড়ে ১৪ বছরের ব্যবধানে কোটিপতির সংখ্যা সাড়ে ৪ গুণেরও বেশি বৃদ্ধি পেয়েছে। তবে ব্যাংকিংখাতের বাইরেও কোটিপতি মানুষের সংখ্যা যে বেড়েছে তা না বললেই নয়। বাংলাদেশ ব্যাংকসহ বিভিন্ন পরিসংখ্যান ঘেঁটে দেখা গেছে, চলতি পঞ্জিকা বছরের (২০২৩) গত জুন শেষে ব্যাংক খাতে এক কোটি টাকার অধিক হিসাবধারীর (আমানতকারী ও ঋণগ্রহীতা) সংখ্যা দাঁড়িয়েছে ২ লাখ ৪৯ হাজার ৬৮৯। এর মধ্যে ২ লাখ ৫ হাজার ৩২০ জন কোটিপতি বেড়েছে বর্তমান সরকারের গত সাড়ে ১৪ বছরে। সে হিসেবে বছরওয়ারি গড়ে কোটিপতি বেড়েছে ১৪ হাজার ১৬০ জন। তবে এটা শুধু রেকর্ডকৃত সংখ্যা, এর বাইরেও অসংখ্য কোটিপতি রয়েছেন এবং যাদের অর্থেরও কোনো সুনির্দিষ্ট হিসাব নেই। প্রসঙ্গত, বর্তমান সরকার যখন ক্ষমতায় আসে তখন ২০০৯ সালের শুরুতে ব্যাংক খাতে কোটিপতির সংখ্যা ছিল ৪৪ হাজার ৩৬৯ জন।

MIJAN REAL ESTATE LTD.
Reg. No. C-187784
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
রাজউক অনুমোদিত পূর্বাচল, উত্তরা এবং বসুন্ধরা,ধানমন্ডি, বনানী ও গুলশান সহ ঢাকায় জায়গা, বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন। 917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419



EXIT
EXIT REALTY PRIME
Thinking of BUYING-SELLING, INVEST, RENT
Houses, Co-op & Condo
Mijanur Rahman ( Mijan)
Licensed Real Estate Agent
189-10 Hillside Ave, Suite E, NY 11423
Tel: 718-262-0205, Fax: 718-262-0254
www.EXITprmeNY.com
Mijanur Rahman ( Mijan)
Chairman & CEO
917-631-5050
Email: RealtorMijan@gmail.com

সেইফ হেলথ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত



MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট
কার্ডিওলজী
তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি
ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট
সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ বেইনব্রিজ এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
১৩৮১ ক্যাসেলহিল এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com



### নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের মাসিক সভা অনুষ্ঠিত

# চলতি শীত মৌসুমে ৪০০ কম্বল বিতরণের সিদ্ধান্ত

**নিউইয়র্ক:** মানব সেবায় এগিয়ে নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব। গত ৪ মাসে ১৭টি কল্যানমূলক কর্মকান্ড পরিচালনা করেছে সংগঠনটি। এগুলোর মধ্যে রক্তদান কর্মসূচি, দুঃস্থদের মধ্যে খাবার বিতরণ ও বাংলাদেশে গরীব শীতার্ত মানুষের মধ্যে শীত বস্ত্র বিতরণ উল্লেখযোগ্য। আগামী ২৩ ডিসেম্বর রয়েছে বড় ধরনের রক্তদান কর্মসূচি। কর্মকর্তারা আশা করছেন এ দিন শতাধিক বাংলাদেশী রক্তদান কর্মসূচিতে অংশ নেবে। চলতে শীত মৌসুমে ব্রঙ্কস, কুইন্স ও ব্রুকলীনে প্রকৃত দরিদ্র ও হোমলেসদের মধ্যে ডিসেম্বরেই ৪ শত কম্বল বিতরনের সিদ্ধান্ত নিয়েছেন লায়ন্স কর্মকর্তারা। এ লক্ষ্যে গত মঙ্গলবার লায়নসের সভায় তাৎক্ষনিকভাবে ১৯ শত ডলার ক্লাব সদস্যরা প্রদান করেন।

গত ২৮ নভেম্বর মঙ্গলবার জ্যাকসন হাইটসের নবান্ন রেষ্টুরেন্টে নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাবের মাসিক সভা ও থ্যাংকসগিভিং ডিনার পার্টি অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ও সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ। পরিচালনা করেন সাধারণ সম্পাদক জেএফএম রাসেল। ভবিষৎ করনীয় ও কর্মসূচি নিয়ে ক্লাব সদস্যরা খোলামেলা আলোচনা করেন। এতে ব্লাড ড্রাইভ ও কম্বল বিতরণ সফল করার জন্য ২টি উপ কমিটি গঠিত হয়। ব্লাড ড্রাইভ কমিটির আহবায়ক ও সদস্য সচিব নির্বাচিত হয়েছেন যথাক্রমে আব্দুর রশীদ বাবু ও গোলাম এন হায়দার মুকুট। কমিটির ২ জন সদস্য হলেন ডেইজি ইয়াসমিন ও কামরুল মজুমদার। কম্বল বিতরণ কমিটির আহবায়ক ও সদস্য সচিব হলেন যথাক্রমে মোহাম্মদ সাইয়িদ ও মাসুদ রানা তপন। সভায় সভাপতি শাহ নেওয়াজ নিজেই ১০০ কম্বল প্রদানের ঘোষণা দেন। রিয়েলটর নুরুল আজিম ও আশা হোম কেয়ারের কর্ণধার আকাশ রহমান ৫০টি করে কম্বল দেবেন বলে জানান।




সভায় বিভিন্ন পর্বে আলোচনায় অংশ নেন ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি মতিউর রহমান, রকি আলিয়ান, রেজা রশীদ, ডা. সারোয়ারুল হাসান, আমেনা নেওয়াজ, আকাশ রহমান, রহুল আমীন, এফইএমডি রকি, আবু বকর সিদ্দীক, মোস্তফা অনিক রাজ, আব্দুর রশীদ বাবু, আবুল কাশেম, মাসুদ রানা তপন, তৌহিদ ইসলাম,সারোয়ার খান বাবু, ইঞ্জিনিয়ার আহমেদ সোহেল, নাসির উদ্দীন, এএফএম জামান, মনোয়ারুল ইসলাম ও বদরুদ্দোজা সাগর।

সভা শেষে জামাইকা বাংলাদেশ এসোসিয়েশনের সভাপতি পদে শাহ নেওয়াজ ও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি পদে মনোয়ারুল ইসলাম নির্বাচিত হওয়ায় নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব তাদের ফুল দিয়ে অভিনন্দন জানান। -প্রেস বিজ্ঞপ্তি।

# নিউইয়র্কে সেবামূলক প্রতিষ্ঠান ফাউন্ডেশন ফর বেটার ওয়ার্ল্ড'র যাত্রা শুরু

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কে সেবামূলক প্রতিষ্ঠান ফাউন্ডেশন ফর বেটার ওয়ার্ল্ড (এফবিডব্লিউ)-এর যাত্রা শুরু হয়েছে। গত ২৫ নভেম্বর শনিবার আনুষ্ঠানিকভাবে তাদের কোর্সের যাত্রা শুরু হয়। বাংলাদেশী কমিউনিটির ইংরেজি ও কম্পিউটারের উপর স্কিল ডেভেলপ করে কাজের উপযোগী করে জীবন যাত্রার মান উন্নয়ন করাই এই ফাউন্ডেশনের প্রধান ও একমাত্র লক্ষ্য। ফাউন্ডেশন ফর বেটার ওয়ার্ল্ড এর সেবাসমূহ হলোঃ কম্পিউটার কোর্স, ইংলিশ ল্যাংগুয়েজ কোর্স ও মেন্টাল হেলথ ওয়ার্কশপ।




অনুষ্ঠানে উপস্থিত কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিরা বলেন, প্রযুক্তির এই যুগে ইংরেজী ও কম্পিউটার জানা না থাকলে জীবনের প্রতিটি পদক্ষেপে সমস্যায় পড়তে হয়। তাই এসব স্কিল ডেভেলপ করা অত্যন্ত জরুরী। কোন বাংলাদেশী প্রতিষ্ঠান হিসেবে এটাই প্রথম কোন মহৎ উদ্যোগ। তাদের এই উদ্যোগকে স্বাগত জানাই এবং আমরা সবসময় তাদের পাশে আছি।

প্রতিষ্ঠানের ইংরেজি ইন্সট্রাক্টর সুমাইয়া তাবাসসুম, ট্রেজারার শিউলি আক্তার ও প্রেসিডেন্ট ইঞ্জিনিয়ার আব্দুস সোবহান এসময় উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আব্দুস সোবহান বলেন, এফবিডব্লিউ'র বিষয়ে সাংবাদিক সম্মেলনের পর থেকে আমরা প্রচুর সাড়া পাচ্ছি। আমি খুবই আশাবাদি সবাই এই সেবা গ্রহণ করে তাদের ভাগ্যের পরিবর্তন করে নিজেকে যোগ্য করে গড়ে তুলবেন। আমি সকল সংবাদকর্মী ও ইলেক্ট্রনিক্স মিডিয়াকে এই সেবামূলক সংবাদ প্রকাশ করার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমরা আরও কৃতজ্ঞতা প্রকাশ করছি স্মার্ট টেক আইটি সল্যুনসকে তাদের পৃষ্ঠপোষকতার জন্য। আমরা আপনাদের সব ধরণের সহযোগিতা চাই। যেহেতু এটা একটি নন প্রফিটেবল অর্গানাইজেশন, সেহেতু যে কেউ যেকোন ধরণের সহযোগিতা করে এই সেবামূলক কাজে পাশে থাকতে পারেন। এই মুহূর্তে আমাদের কিছু ল্যাপটপের ঘাটতি রয়েছে। কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি উদ্যোগে কেউ চাইলে ল্যাপটপ ডোনেট করে বাঙালী কমিউনিটির এই উন্নয়নে পাশে থাকতে পারেন।



বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

### জনশুমারি ও গৃহগণনার তথ্য জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে হবে

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ হিসাব বলছে, দেশের জনসংখ্যা এখন ১৬ কোটি ৯৮ লাখ ২৮ হাজার। এর মধ্যে পুরুষ ৮ কোটি ৪১ লাখ ৩৪ হাজার ৩ এবং নারী ৮ কোটি ৫৬ লাখ ৮৬ হাজার ৭৮৪ জন। মঙ্গলবার বিবিএস যে শুমারি প্রকাশ করেছে, তাতে এ তথ্য তুলে ধরা হয়। জনশুমারি ও গৃহগণনা-২০২২-এর 'ন্যাশনাল রিপোর্ট'র তথ্য অনুযায়ী, বিশ্বের বিভিন্ন দেশে এখন ৫০ লাখ ৫৩ হাজার বাংলাদেশী নাগরিক বসবাস করছেন। প্রতিবেদনে প্রকাশিত তথ্যমতে, বর্তমানে দেশের মোট জনসংখ্যার মধ্যে গ্রামে বসবাস করেন ১১ কোটি ৬০ লাখ ৬৫ হাজার ৮০৪ জন। শহরে ৫ কোটি ৩৭ লাখ ৬৩ হাজার ১০৭ জন। সিটি করপোরেশনগুলোর মধ্যে ঢাকার দুই সিটিতে বাস করেন ১ কোটি ২ লাখ ৯৫ হাজার ৭৮৬ জন।

দেশে জনসংখ্যা বাড়ছে। এ জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে যথাযথ পদক্ষেপ নিতে হবে। জানা যায়, ১০ বছরের বেশি বয়সের মানুষের মধ্যে গৃহস্থালির কাজ করেন ৩১ দশমিক ৮২ শতাংশ মানুষ; কৃষিতে ৩৭ দশমিক ৯১, সেবায় ৪৩ দশমিক ৬৮ এবং শিল্পে যুক্ত আছেন ১৮ দশমিক ৪১ শতাংশ মানুষ। বস্তিতে বসবাস করেন ১৭ লাখ ৩৬ হাজার ৩০২ জন। বস্তিতে বসবাসকারী এবং ভাসমান জনসংখ্যা রাজধানীর সামাজিক নিরাপত্তার ক্ষেত্রে কতটা হুমকিস্বরূপ তা বহুল আলোচিত। বস্তিবাসী ও ভাসমান জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়নে যথাযথ পদক্ষেপ নিতে হবে। বর্তমান ও আগামী দিনের বাস্তবতা বিবেচনায় রেখে দেশে তরুণ জনগোষ্ঠীকে প্রশিক্ষিত করে তুলতে হবে। তারা যাতে আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবিলায় সক্ষম হয়, তা বিবেচনায় নিয়ে আধুনিক প্রযুক্তি ও কারিগরি শিক্ষার ওপর জোর দিতে হবে।

ঢাকা মেগাসিটির জনঘনত্ব অস্বাভাবিক। এ অস্বাভাবিক জনঘনত্বের কারণে ঢাকাবাসীর সমস্যাগুলো কত জটিল আকার ধারণ করেছে, তার বিবরণ দেওয়া নিষ্প্রয়োজন। রাজধানীর যানজট কমাতে একের পর এক মেগা প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে এবং এগুলোর সুফলও পাওয়া যাচ্ছে। কিন্তু রাজধানীর বিপুলসংখ্যক মানুষের জন্য আধুনিক আবাসনসহ বিভিন্ন নাগরিক সুবিধা নিশ্চিত করা সম্ভব হয়নি। এ দুর্বিষহ পরিস্থিতিতে মড়ার উপর খাঁড়ার ঘায়ের মতো প্রতিবছর কয়েক লাখ নতুন মানুষ যুক্ত হচ্ছে এ শহরে। এ ধারা চলতে থাকলে ২০৫০ সালের আগেই ঢাকা বসবাসের অযোগ্য শহরে পরিণত হবে। তাই দেশের প্রতিটি অঞ্চলে কর্মসংস্থান বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে।

# বিজয়ের মাসে কিসিঞ্জার-কথন

॥ আসিফ রশীদ ॥

মহান বিজয়ের মাসের প্রথম দিনেই হেনরি কিসিঞ্জারকে স্মরণ করতে হচ্ছে তার আকস্মিক মৃত্যুর কারণে। সাবেক এই মার্কিন পররাষ্ট্রমন্ত্রী সারা বিশ্বে নানা কারণে আলোচিত, সমালোচিত ও বিতর্কিত ছিলেন। যুক্তরাষ্ট্রের জাতীয় স্বার্থের বিবেচনায় তিনি নিশ্চয়ই একজন দক্ষ ও চৌকশ কূটনীতিক; বিশ্বের বহু ঘটনার অনুঘটক। তিনি শান্তির জন্য নোবেল পুরস্কারও পেয়েছিলেন। তবে আমাদের দেশে 'কিসিঞ্জার' নামটি নেতিবাচকভাবে উচ্চারিত হয়ে থাকে। এমনকি এক সময় কারও সঙ্গে কেউ বিশ্বাসঘাতকতা করলে বলা হতো 'কিসিঞ্জারি' করা। কারণ কিসিঞ্জার ছিলেন আমাদের মুক্তিযুদ্ধের বিরুদ্ধে; বলা যায়, যুক্তরাষ্ট্র যে বাংলাদেশের স্বাধীনতার বিরোধিতা করেছিল, তার পেছনের প্রধান ব্যক্তি ছিলেন কিসিঞ্জার। তখনকার মার্কিন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সনের পররাষ্ট্রনীতি নির্ধারিত হতো মূলত কিসিঞ্জারের নেতৃত্বেই। তিনি তখন ছিলেন নিক্সনের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা।

১৯৭১ সালে আমাদের মুক্তিযুদ্ধে যুক্তরাষ্ট্রের ভূমিকা কী ছিল, তা উঠে এসেছে বিভিন্ন সময়ে অবমুক্ত করা গোপন মার্কিন নথিপত্রেই। এসব নথি নিয়ে কাজ করতে গিয়ে দেখেছি কূটনীতিক হিসাবে কতটা ধূর্ত ছিলেন কিসিঞ্জার। তিনি এ যুদ্ধের (আমাদের মুক্তিযুদ্ধ, তাদের ভারত-পাকিস্তান যুদ্ধ) ঘটনাপ্রবাহ সম্পর্কে প্রেসিডেন্ট নিক্সনের সঙ্গে আলোচনা করতে গিয়ে তাকে নানা কুমন্ত্রণা দিয়েছেন, মুক্তিযুদ্ধের মহান নেতাদের সম্পর্কে এবং ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী সম্পর্কে অত্যন্ত কদর্য ভাষায় মন্তব্য করেছেন। যুদ্ধ থামানোর চেষ্টায় তথা পাকিস্তানকে বাঁচানোর জন্য এমন কিছু নেই যা তিনি করেননি। এ বিষয়ে আলোচনার আগে সে সময়কার বিশ্বরাজনীতি তথা আন্তর্জাতিক সম্পর্কের মেরুকরণের চিত্রটি এক পলক দেখে নেওয়া প্রয়োজন।

আমরা জানি, তখন বিশ্বরাজনীতি ছিল মোটের ওপর দুই ভাগে বিভক্ত। একদিকে মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে পুঁজিবাদী বিশ্ব, অন্যদিকে সোভিয়েত ইউনিয়নের নেতৃত্বে সমাজতান্ত্রিক বিশ্ব। সত্তরের দশকের শুরুর ওই সময়টিতে এ দুই পরাশক্তির মধ্যে চলছিল তীব্র স্নায়ুযুদ্ধ; অর্থাৎ যুদ্ধ না করেও যুদ্ধের মতো উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছিল। পুঁজিবাদী বিশ্বের সামরিক জোট ছিল (এখনো বহাল আছে) 'ন্যাটো', আর সমাজতান্ত্রিক বিশ্বের 'ওয়ারশো প্যাক্ট'। এ পরিপ্রেক্ষিতেই বিশ্বরাজনীতির মেরুকরণ নির্ধারিত হয়ে আসছিল। অনেক ক্ষেত্রে এ মেরুকরণ ঘটছিল মতাদর্শকে ছাপিয়ে বিভিন্ন দেশের নিরাপত্তা ও জাতীয় স্বার্থের আলোকে। দক্ষিণ এশিয়াও এর বাইরে থাকেনি। যেমন, ভারত আদর্শগতভাবে জোটনিরপেক্ষ আন্দোলনের অংশীদার হলেও পরিণত হয়েছিল সমাজতান্ত্রিক সোভিয়েত ইউনিয়নের মিত্রে। আবার ভারতের প্রধান প্রতিদ্বন্দ্বী পাকিস্তানকে মিত্র হিসাবে বেছে নিয়েছিল যুক্তরাষ্ট্র। এর একটি কারণ ছিল পাকিস্তানের তখনকার সামরিক জান্তার মাধ্যমে চীনের সঙ্গে যুক্তরাষ্ট্রের 'নতুন সম্পর্ক' প্রতিষ্ঠার চেষ্টা। তবে বড় কারণটি ছিল, বলাই বাহুল্য, এ অঞ্চলে কমিউনিজমের প্রবেশ ঠেকানো। আর এজন্য যুক্তরাষ্ট্র পাকিস্তানকে অস্ত্র দিয়ে এবং কূটনৈতিক ক্ষেত্রে সর্বাত্মক সহায়তা করেছে। কিসিঞ্জার প্রচ্ছন্ন সমর্থন দিয়েছেন পাকিস্তানি গণহত্যাকারীদেরও। তারপরও যুক্তরাষ্ট্র ঠেকাতে পারেনি বাংলাদেশের স্বাধীনতা। এটি ছিল কিসিঞ্জার তথা মার্কিন যুক্তরাষ্ট্রের একটি বড় পরাজয়।

এ পরাজয়ের প্রতিশোধ নিয়েছিলেন কিসিঞ্জার সদ্য স্বাধীন বাংলাদেশকে 'তলাবিহীন ঝুড়ি' আখ্যা দিয়ে। ১৯৭৪ সালে পিএল ৪৮০-এর গম সরবরাহ বাতিলের সিদ্ধান্ত নিয়ে বাংলাদেশে দুর্ভিক্ষে সৃষ্টিতেও ভূমিকা রেখেছিলেন কিসিঞ্জার, যে কারণে এ দেশের বহু মানুষ প্রাণ হারান।

১৯৬৯ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত মার্কিন পররাষ্ট্রনীতি নির্ধারণে হেনরি কিসিঞ্জারের প্রভাব ছিল সর্বব্যাপী। এ সময় প্রথমে তিনি ছিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা, পরে পররাষ্ট্রমন্ত্রী। স্নায়ুযুদ্ধের সময়কার 'রিয়াল পলিটিকে'র মূর্ত প্রতীক মনে করা হয় তাকে। বাংলাদেশের মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনীর হামলাকে সমর্থন করা ছাড়াও তিনি কম্বোডিয়ায় ব্যাপক বোমাবর্ষণে সম্মতি দিয়েছিলেন। আর্জেন্টিনায় ১৯৭৬ থেকে ১৯৮৩ সাল পর্যন্ত সামরিক একনায়কতান্ত্রিক শাসনামলে সংঘটিত গণহত্যায় তার প্রচ্ছন্ন সমর্থন ছিল। চিলিতে গণতান্ত্রিকভাবে নির্বাচিত প্রেসিডেন্টকে উৎখাত এবং স্বৈরশাসক পিনোশের ক্ষমতা দখলের ঘটনায়ও ছিল তার সমর্থন। বস্তুত মার্কিন পররাষ্ট্রনীতির ইতিহাসে সবচেয়ে বিতর্কিত অধ্যায়ের সঙ্গে জড়িয়ে আছে কিসিঞ্জারের নাম। ভিয়েতনামে শান্তি স্থাপনে ভূমিকার জন্য ১৯৭৩ সালে তাকে নোবেল শান্তি পুরস্কার দেওয়া নিয়েও সৃষ্টি হয়েছিল বিতর্ক। সে সময় একইসঙ্গে নোবেল শান্তি পুরস্কার পাওয়া ভিয়েতনামি রাজনীতিক লি দাক থো সেই পুরস্কার গ্রহণে অস্বীকৃতি জানিয়েছিলেন।

জার্মানির একটি ইহুদি পরিবারে জন্মগ্রহণকারী কিসিঞ্জারের প্রকৃত নাম ছিল হেইন্‌জ আলফ্রেড কিসিঞ্জার। নাৎসিদের কবল থেকে বাঁচার জন্য তার পরিবার ১৯৩৮ সালে যুক্তরাষ্ট্রে পালিয়ে যায়। তখন তার নামের 'হেইন্‌জ' অংশটি বদলে রাখা হয় 'হেনরি'। দীর্ঘজীবন লাভ করেছিলেন কিসিঞ্জার, হয়েছেন শতায়ু। মে-তে তার ১০০ বছর পূর্ণ হয়। জুলাইয়ে চীন সফরও করেছিলেন তিনি। সেই চীন-যে দেশটির সঙ্গে যুক্তরাষ্ট্রের 'নতুন সম্পর্ক' স্থাপনের জন্য তিনি বাংলাদেশের মুক্তিযুদ্ধের বিরোধিতা করেছিলেন।

কিসিঞ্জারের মৃত্যুতে যুক্তরাষ্ট্র তাকে স্মরণ করবে একভাবে; বাংলাদেশ এবং আরও কিছু দেশ অন্যভাবে। বিশেষ করে আমাদের এই বিজয়ের মাসে কিসিঞ্জারের নামটি নতুন করে আলোচনায় আসায় অনেকেই সেই দিনগুলোর কথা স্মরণ করে উপলব্ধি করবেন-ওই দুঃসময়ে কে ছিল আমাদের শত্রু, আর কে মিত্র।

**লেখক: উপ সম্পাদক, যুগান্তর, লেখক**



## নামাজের সময়-সূচী

| ডিসেম্বর | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৫.৪৩ | ৫.৪৪ | ৫.৪৫ | ৫.৪৬ | ৫.৪৭ | ৫.৪৭ | ৫.৪৮ |
| সূর্যোদয় | ৭.০৩ | ৭.০৪ | ৭.০৫ | ৭.০৬ | ৭.০৭ | ৭.০৮ | ৭.০৯ |
| জোহর | ১১.৪৬ | ১১.৪৭ | ১১.৪৮ | ১১.৪৮ | ১১.৪৮ | ১১.৪৯ | ১১.৪৯ |
| আসর | ২.৪৮ | ২.৪৭ | ২.৪৭ | ২.৪৭ | ২.৪৭ | ২.৪৭ | ২.৪৭ |
| মাগরিব | ৪.২৯ | ৪.২৮ | ৪.২৮ | ৪.২৮ | ৪.২৮ | ৪.২৮ | ৪.২৮ |
| এশা | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

**- সম্পাদক।**

# বাঙালীর মহান বিজয়ের মাস ডিসেম্বর

**হারুন হাবীব**

একাত্তরের জাতীয় রণাঙ্গনের মানুষ যারা, তারা সবাই স্মৃতিকাতর হই প্রতি ডিসেম্বরে। মনে পড়ে, অক্টোবর-নভেম্বর থেকেই দেশের প্রতিটি অঞ্চলে পাকিস্তানী সেনা ও তাদের এ দেশীয় অনুচরদের তাড়া করে একের পর এক গ্রামগঞ্জ ও শহর মুক্ত করতে থাকে মুক্তিবাহিনী। যে হানাদার সেনারা এবং তাদের এ দেশীয় দোসর রাজাকার, আলবদর, আলশামস ও 'পিস কমিটি'র সদস্যরা ৯টি মাস ধরে সারা দেশে নির্বিচার হত্যাযজ্ঞ, নারী নির্যাতন ও লুণ্ঠন-রাহাজানি চালিয়েছে, তারা দিশাহারা হয়ে পরাজয়ের দিন গুনতে থাকে। ১৯৭১ সালের ২৫ মার্চ গণহত্যা শুরু হলে পাকিস্তানি সেনাদের হত্যাযজ্ঞ ও নিষ্ঠুরতার দাবানল শহর থেকে গ্রামে ছড়িয়ে পড়তে থাকে। নিরুপায় মানুষ সীমান্ত পেরিয়ে ভারতের মাটিতে আশ্রয় নিতে শুরু করে। গোটা ভারতে মোট ৮০০ শরণার্থী শিবির খোলা হয়। সর্বমোট এক কোটি মানুষ দেশান্তরিত হয়, আশ্রয় নেয় চার ভারতীয় রাজ্যে। এর পর থেকেই পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসাম ও মেঘালয়ের মাটি ও মানুষ প্রত্যক্ষভাবে যুক্ত হয় বাংলাদেশের মুক্তিযুদ্ধের সঙ্গে। পাকিস্তানী গণহত্যার মাত্র দুই দিন পর, ২৭ মার্চ ১৯৭১ শ্রীমতী ইন্দিরা গান্ধী লোকসভায় বাংলাদেশসংক্রান্ত সর্বপ্রথম বিবৃতি প্রদান করেন। বিবৃতিতে নিরস্ত্র মানুষের ওপর পাকিস্তান সেনাবাহিনীর নির্বিচার হামলায় উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, 'যা ঘটে চলেছে, তা কেবল পূর্ববঙ্গের মাটিতে আন্দোলন দমানো নয়, কার্যত তা নিরস্ত্র মানুষকে ট্যাংক দিয়ে পিষে ফেলার এক নির্মমতা।' ৩১ মার্চ ১৯৭১ ভারতের লোকসভা ও বাঙালীর মহান বিজয়ের মাস ডিসেম্বর রাজ্যসভা বাংলাদেশ পরিস্থিতি নিয়ে এক সর্বসম্মত প্রস্তাব পাস করে পূর্ববঙ্গের মানুষের ওপর পাকিস্তানের সামরিক বাহিনীর নির্বিচার অত্যাচারের তীব্র নিন্দা জানানো হয়। সেই প্রস্তাবে সর্বসম্মতভাবে বাংলাদেশের সংগ্রামরত মানুষের সঙ্গে একাত্মতা প্রকাশ করা হয়।

এরপর শুরু হয় বাঙালীর প্রতিরোধ যুদ্ধ। ৯ মাস পর আসে আরেক ঐতিহাসিক দিন। সোমবার, ৬ ডিসেম্বর ১৯৭১। দিনটির প্রেক্ষাপট এ রকম : মুক্তিবাহিনীর লাগাতার আক্রমনণ নভেম্বরের শুরুতেই হানাদার পাকিস্তানি বাহিনী পর্যুদস্ত হতে থাকে। এর মধ্যে আসে ৩ ডিসেম্বর।

বাংলাদেশ থেকে নজর সরাতে ভারতের পশ্চিম অংশে ব্যাপক হামলা চালায় পাকিস্তান। ফলে পাকিস্তানের বিরুদ্ধে সর্বাত্মক যুদ্ধ ঘোষণা করে ভারত। প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী প্রকাশ্যে ঘোষণা করেন, 'বাংলাদেশের যুদ্ধ আজ থেকে ভারতেরও যুদ্ধ।' ফলে গড়ে ওঠে দুই দেশের যৌথ সামরিক কমান্ড। মুক্তি ও মিত্র বাহিনী একযোগে পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে আক্রমণ শুরু করে। ঠিক তার দুই দিন পর বাংলাদেশের জন্ম ইতিহাসের বহুল তাৎপর্যময় সিদ্ধান্তটি ঘোষণা করেন সেদিনকার ভারত নেত্রী।

৬ ডিসেম্বর দেশের পার্লামেন্টে দাঁড়িয়ে বিপুল হর্ষধ্বনির মধ্যে ইন্দিরা গান্ধী ঘোষণা করেন, অত্যন্ত সতর্কতার সঙ্গে বিচার-বিবেচনা করে ভারত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশকে স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। তিনি আরো বলেন, 'আমরা তড়িঘড়ি বা আবেগপ্রবণ হয়ে এই সিদ্ধান্ত গ্রহণ করিনি। স্বতঃস্ফূর্ত গণবিদ্রোহ এবং গণমানুষের সর্বাত্মক প্রতিরোধ সংগ্রাম দেখে আমাদের বিলক্ষণ মনে হয়েছে, বাংলাদেশের মানুষকে আর কখনোই নিয়ন্ত্রণে নিতে পারবে না পাকিস্তান। শ্রীমতী গান্ধীর বক্তব্য শেষ হতে না হতেই জনপ্রতিনিধিরা 'জয় বাংলা', 'জয় বাংলাদেশ' বলে হর্ষধ্বনি দিয়ে ওঠেন। সবাই একযোগে নতুন রাষ্ট্রকে অভিনন্দিত করেন।

৬ ডিসেম্বর, একই দিন, হিমালয় রাষ্ট্র ভুটান বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে। তবে ভারতের স্বীকৃতিটির বিষয়টি ছিল সমূহ তাৎপর্যপূর্ণ। যে ভারত এক কোটি শরণার্থীকে আশ্রয় দিয়েছে, যে ভারত মুক্তিবাহিনীকে প্রশিক্ষণ দিয়েছে, অস্ত্র-গোলাবারুদ জুগিয়ে বাঙালির মুক্তিযুদ্ধকে বেগবান করেছে, এমনকি পাকিস্তান, চীন ও যুক্তরাষ্ট্রের প্রবল প্রতিরোধের মুখেও বাংলাদেশের পাশ থেকে সরে দাঁড়ায়নি, সেই ভারতের স্বীকৃতির ব্যাপারটি ছিল ইতিহাসের বড় আশীর্বাদ। এই স্বীকৃতি, পাকিস্তানকে এতই ক্ষুব্ধ করে যে দেশটি ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে। বলা বাহুল্য, ভারতীয় স্বীকৃতির তিলক আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ রাষ্ট্রকে অবধারিত ভিত্তির ওপর দাঁড় করায়।

পার্লামেন্টে দাঁড়িয়ে প্রত্যেক সদস্যের করতালির মধ্য দিয়ে ৬ ডিসেম্বর ১৯৭১ ইন্দিরা গান্ধী ঘোষণা করেন : প্রবল প্রতিকূলতার মধ্যে বাংলাদেশের মানুষের বীরত্বপূর্ণ সংগ্রাম স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে এক বীরত্বপূর্ণ নতুন অধ্যায়ের সূচনা করেছে। বাংলাদেশের জনগণের ন্যায়সংগত সংগ্রামে আমাদের সহানুভূতি থাকা উচিত এবং এটিই স্বাভাবিক। কিন্তু স্বীকৃতির ব্যাপারে আমরা মোটেও তড়িঘড়ি করিনি।

ভারতের প্রধানমন্ত্রী একই দিন প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদকে লিখিতভাবে ভারতের স্বীকৃতির বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন, 'বাংলাদেশের স্বীকৃতি একটি মানবিক সত্যের স্বীকৃতি মাত্র। তবে ভারতের পক্ষে এমন সিদ্ধান্ত মোটেও ছোট বিষয় ছিল না।' তিনি বাংলাদেশ রাষ্ট্রকে অন্তর থেকে শুভেচ্ছা জানান, বাংলাদেশের গণমানুষ ও জাতির পিতা বঙ্গবন্ধুকে অভিনন্দিত করেন।




দৃশ্যতই ৬ ডিসেম্বরের পর থেকে যৌথ বাহিনী একের পর এক অঞ্চল দখল করে পাকিস্তানী বাহিনীকে পর্যুদস্ত করতে থাকে। ঢাকায় পরিপূর্ণভাবে অবরুদ্ধ হয় পাকিস্তানি বাহিনী। মিত্র বাহিনীর যুগপৎ আক্রমণে পাকিস্তানের বিমানবাহিনীর প্রতিটি যুদ্ধবিমান বিনষ্ট হয়। আত্মসমর্পণ ছাড়া পাকিস্তানের কাছে আর কোনো পথ খোলা থাকে না। ঠিক এ সময়ে দিল্লির মার্কিন দূতবাসের মাধ্যমে পাকিস্তানের যুদ্ধবিরতির আরজি পৌঁছে জেনারেল মানেক শর কাছে, কিন্তু ভারত যুদ্ধবিরতি মানতে রাজি হয়নি। বরং সঙ্গে সঙ্গে উত্তর দিয়েছে : যুদ্ধবিরতি নয়, হতে হবে পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণ এবং অবিলম্বে। সে আত্মসমর্পণ হতে হবে প্রকাশ্যে, যাতে সবাই দেখতে পায়।

এ সময় আরো একটি ঘটনা ঘটে। যুক্তরাষ্ট্রের দূতিয়ালিতে জাতিসংঘে অবিলম্বে যুদ্ধবিরতির প্রস্তাব উত্থাপন করা হয়। উদ্দেশ্য একটাই–নিশ্চিত আত্মসমর্পণ থেকে পাকিস্তানকে রক্ষা করা, যুক্তরাষ্ট্রের লজ্জা নিবারণ করা। কিন্তু সেদিনের সোভিয়েত ইউনিয়ন পর পর ভেটো প্রয়োগ করে প্রস্তাবটি অকেজো করে দেয়।

সব চেষ্টা বিফলে গেলে পাকিস্তান উপায়হীন হয়ে পড়ে। এরপর আসে ১৬ ডিসেম্বর ১৯৭১। হানাদার পাকিস্তানি বাহিনী নতজানু হয় সেই রমনার উদ্যানে, যেখানে দাঁড়িয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতিকে সর্বাত্মক যুদ্ধে ঝাঁপিয়ে পড়তে ডাক দিয়েছিলেন। ৯৩ হাজার হানাদার পরাজিত সেনা নিয়ে মুক্ত ঢাকায় হাজার হাজার মানুষের আকাশ ফাটানো জয় বাংলা ধ্বনির মধ্যে নিঃশর্ত আত্মসমর্পণ করেন জেনারেল নিয়াজি। হাজারো বাঙালি জে. অরোরা এবং মিত্র বাহিনীর সদস্যদের জড়িয়ে ধরেন। এই আত্মসমর্পণটি ছিল বিশ্বের একমাত্র প্রকাশ্য আত্মসমর্পণ, যা ঠেকাতে গিয়েও ব্যর্থ হয় পাকিস্তান।

২২ ডিসেম্বর ১৯৭১। কলকাতা থেকে অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম, প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ ও তাঁর মন্ত্রিসভার সদস্যরা স্বদেশে ফেরেন। ঢাকা তখন উল্লাসমুখর নগরী। অপেক্ষমাণ হাজার হাজার মানুষ 'জয় বাংলা', 'জয় বঙ্গবন্ধু' ধ্বনিতে ফেটে পড়ে। দীর্ঘ ৯ মাস পর ঢাকা নগরী এক নির্ভয় প্রাণে উদ্দীপিত হয়ে ওঠে। হাজার হাজার মানুষ মুক্তি ও মিত্র বাহিনীকে বীরোচিত সংবর্ধনা জানায়। সর্বত্র জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, জয় ইন্দিরা ধ্বনি ওঠে। এপ্রিলের এক রৌদ্রকরোজ্জ্বল দুপুরে মেহেরপুরের আম্রকুঞ্জে স্বাধীনতার যে তামস তপস্যা শুরু হয়েছিল, ডিসেম্বরের সূর্যোকরোজ্জ্বল অপরাহ্নে বুড়িগঙ্গার তীরে সে মুক্তিযজ্ঞের শেষ আহুতি পড়ে। স্থায়ী হয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ। এরপর দ্রুত আসতে থাকে বিশ্বস্বীকৃতি। প্রথমে পূর্ব জার্মানী, এরপর পোল্যান্ড, বুলগেরিয়া, বার্মা, নেপাল, বার্বাডোস, যুগোস্লাভিয়া, সোভিয়েত ইউনিয়ন, চেকোস্লোভাকিয়া, অস্ট্রেলিয়াসহ অনেক দেশ।

কিন্তু বিজয়ের সেই মহা-আনন্দের মধ্যে গভীর বেদনা হয়ে ফিরে আসে ১৬ ডিসেম্বরের আগের কয়েকটি দিনের ঘটনা ও স্মৃতি। পরাজয় নিশ্চিত জেনে, পাকিস্তানী সেনানায়কদের সঙ্গে পরামর্শ করে, ভয়ংকর এক হত্যাযজ্ঞের নীলনকশা তৈরি করেছিল আলবদর, আলশামস ও রাজাকার বাহিনীর শীর্ষ নেতারা। জাতির মেধা ও মননকে ধ্বংস করার সে নীলনকশার বলি হয়েছিলেন সেদিন আমাদের শ্রেষ্ঠ বুদ্ধিজীবীরা- দার্শনিক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সাংবাদিক, কবি, প্রাবন্ধিক, ডাক্তার, ইঞ্জিনিয়ারসহ বুদ্ধিবৃত্তির শীর্ষ বাঙালিরা। ভয়াবহ এই হত্যাযজ্ঞের হৃদয়বিদারক বর্ণনা জানা গেছে কেবল ১৬ ডিসেম্বর পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণের পর। দুমড়ানো, মোচড়ানো, ক্ষতবিক্ষত শত শত লাশ পাওয়া গেছে রায়েরবাজার, শিয়ালবাড়ী, মিরপুরসহ ঢাকার নানা বধ্যভূমিতে। দেশি ও বিদেশি নানা অনুসন্ধানে জানা গেছে, একমাত্র ঢাকা শহরেই ১৪ ডিসেম্বর প্রায় ২০০ শীর্ষ বুদ্ধিজীবীকে বাড়ি থেকে তুলে নিয়ে নির্মম পন্থায় হত্যা করা হয়েছে।

মুক্তিযুদ্ধের ৯ মাসে বাংলাদেশকে পরিণত করা হয়েছিল বিরাট এক বধ্যভূমিতে, যার বিবরণ আছে প্রায় সারা বিশ্বেই। গবেষক রবার্ট পাইন তাঁর 'ম্যাসাকার' গ্রন্থে লিখেছেন, ফেব্রুয়ারি মাসের এক সেনা-বৈঠকে স্পষ্টভাবে উচ্চারণ করেন প্রেসিডেন্ট জে. ইয়াহিয়া খান, 'ওদের তিন মিলিয়নকে খতম করে দাও, দেখবে বাদবাকিরা আমাদের হাত থেকেই খাবার নিয়ে বেঁচে থাকার চেষ্টা করবে।'

রবার্ট পাইন লেখেন, 'কিন্তু এটা ছিল কেবলই শুরু। এক সপ্তাহের মধ্যেই ঢাকার অর্ধেক মানুষ শহর ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয় এবং কেবল ঢাকায়ই কমপক্ষে ৩০ হাজার মানুষকে হত্যা করা হয়। চট্টগ্রামেরও বেশির ভাগ মানুষ পালিয়ে যায়। বলতে গেলে গোটা দেশেই মানুষ পালাতে থাকে প্রাণ ভয়ে।'

নিরস্ত্র বাঙালী জনগোষ্ঠীর ওপর পাকিস্তানী বাহিনীর নির্দয় আগ্রাসনটি অগ্রসর হয় মূলত লিঙ্গভিত্তিক গণহত্যার রূপ নিয়ে। খ্যাতিমান সাংবাদিক অ্যান্থনি মাসকারেনহাসের ভাষ্য মতে, 'এই গণহত্যার মূল টার্গেট ছিল ইস্ট বেঙ্গল রেজিমেন্টের বাঙালী সেনা, ইস্ট পাকিস্তান রাইফেলস (ইপিআর), পুলিশ, বাঙালী প্যারামিলিটারি আনসার এবং মুজাহিদ, হিন্দু, আওয়ামী লীগের নেতাকর্মী ও সমর্থক, ছাত্র, বিশেষত যারা প্রতিরোধযুদ্ধে অংশ নিতে পারে। এরপর বাঙালি বুদ্ধিজীবী, যেমন- অধ্যাপক, শিক্ষক–এঁরা।'

গবেষক আর জে রুমেল তাঁর 'ডেথ বাই গভর্নমেন্ট' বইয়ে লেখেন, 'পাকিস্তানী সেনারা বেছে বেছে তরুণদের তুলে নিয়ে যাওয়ার পর তাদের আর কোনো খোঁজ পাওয়া যায়নি। এসব ছেলের দেহ কখনো পাওয়া যেত মাঠে, নদীর পানিতে অথবা কোনো আর্মি ক্যাম্পের পাশে।' নাৎসিরা যেভাবে ইহুদি পুরুষদের বর্বরভাবে হত্যা করেছে, সেই রীতির পুনরাবৃত্তির কথা উল্লেখ করেছেন রুমেল।

ঢাকার চারদিক ঘিরে এক ভয়ংকর মৃত্যু উপত্যকা সৃষ্টি করা হয়েছিল। রবার্ট পাইনের ভাষায় : শুধু হত্যার পদ্ধতি নয়, মৃত্যুর পর এসব হতভাগ্য মানুষের লাশ গুম করা হতো, ফেলে দেওয়া হতো নদীতে, জলাভূমিতে। বিদেশি সাংবাদিক ও প্রত্যক্ষদর্শীদের বর্ণনা মতে, এসব মানুষের বেশির ভাগকেই একসঙ্গে দড়িতে বেঁধে গুলি করে বা বেয়নেট দিয়ে খুঁচিয়ে মেরে নদীতে ফেলা হতো। কারণ এরা বাঙালি, বাংলা ভাষায় কথা বলে। ঠিক একই ধরনের গণহত্যার নারকীয় পদ্ধতি ছিল আর্মেনিয়া এবং ১৯৩৭ সালের নানজিং গণহত্যার বিবরণে।

১৯৭১ সালের নারকীয় ঘটনাবলিতে দেখা যায় বাঙালি মেয়েদের ধর্ষণ-নির্যাতনের শিকার করা হয়েছে যততত্র। শুধু ধর্ষণ নয়, তাদের বহুসংখ্যককেই হত্যা করা হয়েছে। একাত্তরের নারী নির্যাতনের ওপর বহুলালোচিত গ্রন্থ 'এগেইনস্ট আওয়ার উইল : মেন-উইমেন অ্যান্ড রেপ' গ্রন্থে আন্তর্জাতিক গবেষক সুজান ব্রাউনমিলার বাঙালি নারী নির্যাতনের সঙ্গে জাপানি সেনাদের দ্বারা নানজিং ও জার্মানদের হাতে দ্বিতীয় মহাযুদ্ধের সময় রাশিয়ায় সংঘটিত ঘটনাবলির তুলনা করেছেন। তাঁর ভাষ্য মতে, সর্বমোট চার লাখের মতো নারী পাকিস্তানিদের হাতে ধর্ষিত হয়েছেন ৯ মাসে। রুয়ান্ডার গণহত্যায় আট লাখ মানুষ মারা গেছে, ইন্দোনেশিয়ায় মারা গেছে প্রায় ১৫ লাখ। কিন্তু বাংলাদেশে তার চেয়ে অনেক বেশি।

***লেখক: মুক্তিযোদ্ধা, লেখক ও মুক্তিযুদ্ধ গবেষক***



# কর আহরণে বিবেচনার কয়েকটি বিষয়

॥ ড. মোহাম্মদ আবদুল মজিদ ॥

নাগরিকের প্রতি রাষ্ট্র কর্তৃক আইনের আওতায় কর আরোপ আর রাষ্ট্রকে সেই কর পরিশোধের বিষয়টি এ নিরিখে বিচার করলে দেখা যায়, আদায় শব্দটা ততটা জুতসই নয় যতটা ভূমিকর বা খাজনার ক্ষেত্রে খাটে। আয়করের দর্শন হলো রাষ্ট্রমধ্যে বসবাস করে নির্ধারিত পরিমাণের বেশি আয় বা সম্পদ অর্জিত হলে রাষ্ট্র তার একটা নির্দিষ্ট অংশ 'সমাজে সম্পদের বণ্টনব্যবস্থায় সমতা বিধান এবং আয়-উপার্জনের পরিবেশ সৃজন তথা অবকাঠামো নির্মাণ বাবদ আয়-উপার্জনের পরিমাণভেদে একটা হিস্যা' হিসেবে প্রাপ্য চাইতে পারে। ভূমিকরের ক্ষেত্রে আগে রাষ্ট্র ভূমি বরাদ্দ দেয় এবং তার ভিত্তিতে খাজনা দাবি করে এখানে লেনদেন প্রকাশ্য, সুতরাং দাবি বা আদায়ের যৌক্তিকতা সেভাবে আসে। কিন্তু আয়করের ক্ষেত্রে লেনদেন অপ্রকাশ্য, রাষ্ট্র সৃজিত সুযোগ-সুবিধা সবাই ভোগ করলেও সবাই আয় বা সম্পদ অর্জন করতে পারে না।

নিজের মেধা, বুদ্ধি, পরিশ্রম প্রয়োগ করে সম্পদ অর্জন করতে হয়। অতএব সেই আয়ের ওপর রাষ্ট্রের যে দাবি তা নাগরিক দায়িত্ব পালনের অংশ হিসেবে প্রদেয়। এখানে রাষ্ট্রের পক্ষে তা 'আদায়ের' যৌক্তিকতা অনেকটা গৌণ। আয়কর দেওয়ার মতো আয় যে নাগরিকের আছে তিনি রাষ্ট্রকে দেয় কর পরিশোধ করবেন স্বেচ্ছায়, আইনগত বাধ্যতাধকতা পালন করে, নাগরিক দায়িত্ব পালনের অংশ হিসেবে। তবে হ্যাঁ, যদি তিনি তা পরিশোধে গড়িমসি করেন, এড়িয়ে চলেন, অসাধু পন্থা অবলম্বন করেন, তাহলে আইনের আওতায় রাষ্ট্রের প্রাপ্য উদ্ধারে রাষ্ট্র প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে। কেননা কেউ কর ফাঁকি দিলে তা উদ্ধারে ব্যর্থতার দায়ভাগ আহরণকারীর এ জন্য যে তাদের এ অপারগতায় সমাজে ন্যায়-অন্যায়, বৈধ-অবৈধ অসম অবস্থানে চলে যাওয়ার সুযোগ সৃষ্টি হতে পারে। রাজস্ব আহরণের ক্ষেত্রে তো বটেই, সমাজে সম্পদের অর্জন বণ্টনে বৈষম্য সৃজিত হতে পারে। এর ফলে সমাজ ও অর্থনীতিতে ভারসাম্য বিনষ্ট হতে পারে।

এ নিরিখেই সকল করদাতার সঙ্গে 'আদায়'জনিত মনোভাব পোষণ বা ক্ষমতার প্রয়োগ বা সে ধরনের পরিবেশ সৃজন যুক্তিযুক্ত হতে পারে না। সীমারেখা মেনে চলা জরুরি এ জন্য যে তা না হলে কর আরোপ, আহরণ, প্রদান ও পরিশোধের ক্ষেত্রে ভিন্ন নেতিবাচক পরিস্থিতি উদ্ভব হতে পারে, করারোপ ও আহরণকারীর সঙ্গে করদাতার সম্পর্কের মধ্যে অবিশ্বাস, সংশয়, সন্দেহ দানা বাঁধতে পারে, আস্থায় চিড় ধরতে পাারে, পরস্পরকে এড়িয়ে চলার, জোরজবরদস্তির, পক্ষপাতিতের, আঁতাতের মতো অনেক কিছুই ঘটতে পারে।

> নিজের মেধা, বুদ্ধি, পরিশ্রম প্রয়োগ করে সম্পদ অর্জন করতে হয়। অতএব সেই আয়ের ওপর রাষ্ট্রের যে দাবি তা নাগরিক দায়িত্ব পালনের অংশ হিসেবে প্রদেয়। এখানে রাষ্ট্রের পক্ষে তা 'আদায়ের' যৌক্তিকতা অনেকটা গৌণ। আয়কর দেওয়ার মতো আয় যে নাগরিকের আছে তিনি রাষ্ট্রকে দেয় কর পরিশোধ করবেন স্বেচ্ছায়, আইনগত বাধ্যতাধকতা পালন করে, নাগরিক দায়িত্ব পালনের অংশ হিসেবে।

আয়কর মাস উদযাপনকালে এটা জানা বেশ প্রশান্তি প্রদায়ক যে সরকারের অন্যান্য খাতের বা ক্ষেত্রের চেয়ে রাজস্ব, বিশেষ করে আয়কর আহরণে অগ্রগতি অব্যাহত রাখতে হবে উৎসাহব্যঞ্জকভাবেই। বাঞ্ছিত পরিমাণ আয়কর আহরণ সরকারের রাজস্ব তহবিলের স্ফীতির জন্য শুধু নয়, সম্পদ বণ্টনব্যবস্থা সুষমকরণের দ্বারা সামাজিক সুবিচার সুনিশ্চিতকরণে, ব্যক্তি, পরিবার, সমাজ ও অঞ্চলগত উন্নয়নবৈষম্য দূর করার জন্যও জরুরি।

২০০৭ সালে প্রথমবারের মতো বৃত্তাবদ্ধ লক্ষ্যমাত্রা ছাড়িয়ে কর রাজস্ব আহরণের সাফল্য লাভের পর আর পেছনে তাকাতে হয়নি এনবিআরকে। গত চার অর্থবছরে সার্বিক রাজস্ব আয় প্রায় শতভাগ বৃদ্ধি পেয়েছে। আয়কর রাজস্ব বৃদ্ধির পেছনে এডিপির আকার বৃদ্ধিজনিত প্রবৃদ্ধিও সহায়ক ভূমিকায় এসেছে নতুন নতুন উদ্যোগ নেওয়ার পাশাপাশি পুরনো উদ্যোগের সালতামামি বা ফলোআপ আবশ্যক হবে। অতীতে জমকালো জরিপের মাধ্যমে যে লক্ষাধিক করদাতা শামিল হয়েছিলেন করদাতার মিছিলে তাঁরা কি আছেন? ২০০৭-০৮ কিংবা ২০০৮-০৯-এ যাঁরা স্বতঃপ্রণোদিত হয়ে করদাতা হয়েছিলেন তাঁদের খবর কী? দেশে যে পাঁচ লক্ষাধিক ক্রেডিট কার্ডধারী আছেন, আছেন প্রায় সমসংখ্যক গাড়ি-বাড়ির মালিক তাঁদের কাছে যাওয়ার সর্বশেষ অবস্থা কী? ভুয়া টিআইএন ব্যবহারকারীদের সঠিক পথে আনার প্রতিবন্ধকতাগুলোর দিকে নজর দেওয়ার সময় ফুরিয়ে যায়নি। কর মেলায় মানুষের উপচে পড়া ভিড় প্রমাণ করে করদাতাদের আগ্রহ বাড়ছে, অনেকেই ঝামেলামুক্ত উপায়ে বা পরিবেশে কর দিতে চান, কর দেওয়াকে দায়িত্ব মনে করছেন, তাঁদের এই আগ্রহকে ধরে রাখতে হবে, তাঁদের দায়িত্ববোধের প্রতি সম্মান দেখাতে হবে, তাঁদের আগ্রহকে সমীহ করতে হবে।

দেশে সম্প্রতি প্রবর্তিত নতুন আয়কর আইন, এর কাঠামো এবং এর প্রয়োগ কৌশল সম্পর্কে সংশ্লিষ্ট সবার দৃষ্টিভঙ্গির বিষয়টিই আজ বিশেষভাবে বিবেচ্য হয়ে উঠছে এ কারণে যে করদাতা আর কর আহরণকারীর মধ্যে সম্পর্কের টানাপড়েন যত বাড়বে তত কর সংস্কৃতির বিকাশ বাধাগ্রস্ত হবে।

এ কথা অনস্বীকার্য যে বাংলাদেশের আয়কর আইনের ভাষা হবে সহজবোধ্য, জটিলতা পরিহারী এবং এর প্রয়োগ হবে স্বাচ্ছন্দ্যে সর্বজনীন ব্যবহার উপযোগী। করদাতা যেন নিজেই নিজের আয়কর ফরম পূরণ, কর নির্ধারণ এবং সরাসরি তা দাখিলে সক্ষম হন। অর্থনীতির বিভিন্ন পর্যায়ে অবস্থানরত আয়কর দাতাগণ যেন অভিন্ন আচরণে আইনগতভাবে আয়কর প্রদানে দায়িত্বশীল হতে স্বতঃস্ফূর্ততা বোধ করেন। কর আদায় নয়, কর আহরণে করদাতা ও কর আহরণকারীর মধ্যকার দূরত্ব যত কমে আসবে, যত অধিকমাত্রায় করদাতা কর নেটের আওতায় আসবেন, তত কর রাজস্ব আহরণে সুষম, সহনশীল ও দায়িত্ববোধের বিকাশ ঘটবে। করদাতাকে তাড়া করে ফেরার স্পর্শকাতরতার অবসান ঘটবে। তবে এ সব কিছুই নির্ভর করবে আয়কর আইনের ভাষা আর দৃষ্টিভঙ্গিতে কার্যকর ও কল্যাণকর পরিবর্তন আনার ওপর। আর সে প্রত্যাশা পূরণে আইন পরিষদ, নির্বাহী বিভাগ এবং করদাতা- সবার সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

লেখক: জাতীয় রাজস্ব বোর্ডের সাবেক চেয়ারম্যান

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ
অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।

অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'
আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।
তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।
বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।
দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।
আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?
* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।
Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

# গাজায় মানবতা সঙ্কটে

॥ আসাদ পারভেজ ॥

ফিলিস্তিনের আদি হিব্রু জনগোষ্ঠীই ৬৩৬-৩৭ সালে ইসলামের আলোয় আলোকিত হয়েছিল। এরা জেরুসালেমকে মধ্যমণি করে আবাদের মাধ্যমে ভূমধ্যসাগরের পূর্বে ১০৪২৯ বর্গমাইলের দেশ ফিলিস্তিনকে উর্বর করে তোলে। শান্ত প্রকৃতির এসব মুসলমান বুক আগলে স্থান দিয়েছিল দুই হাজার বছরের যাযাবর জাতি ইহুদিদের। আজ সেখানে দাউ দাউ করে আগুন জ্বলছে। হত্যা, খুন, গুম সেখানকার নিত্যদিনের ঘটনা। দখলদার ইসরাইলিরা ফিলিস্তিনিদের স্বীয় মাতৃভূমি থেকে বিতাড়িত করার বীভৎস খেলায় মেতে উঠেছে।

১৯৪৮ সালে ফিলিস্তিনে বিষবৃক্ষ রোপণ করে জায়নবাদীরা। এতে করে ফিলিস্তিনসহ পুরো মধ্যপ্রাচ্য জ্বলেপুড়ে ছারখার হচ্ছে- যার পুরো সুবিধা নিচ্ছে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ ইউরোপীয় খ্রিষ্টসমাজ। প্রতিনিয়ত আগ্রাসন চালিয়ে যাচ্ছে অবৈধ রাষ্ট্র ইসরাইল। এরই মধ্যে বৃহৎ আকারে ১৯৪৮, ১৯৫৬, ১৯৬৭, ১৯৭৩ এবং সর্বশেষ ২০২৩ সালের যুদ্ধ চলমান।

বিশ্বব্যাপী একটি মিথ প্রতিষ্ঠিত হয়েছিল যে, জায়নবাদীরা অজেয়। এর ফলে তারা যা ইচ্ছা তাই করতে থাকে। এরা পশুপাখির মতো ফিলিস্তিনের আবাল, বৃদ্ধ, শিশু-কিশোর, নারী-পুরুষ যখন যাকে ইচ্ছে হত্যা করে। তাদের ভয়ে কেউ ফিলিস্তিনিদের পক্ষে তেমন কথা বলে না। জায়নবাদীদের অর্থনৈতিক, রাজনৈতিক, সমরাস্ত্র কিংবা বৈজ্ঞানিক তৎপরতার সব জায়গায় অতিরঞ্জিত মিথের ওপর প্রতিষ্ঠিত। এই বানোয়াট মিথ ও আরবের গুরুত্বপূর্ণ দেশগুলোর সাথে তার নব সখ্য ভেঙে দিতেই প্রয়োজন ছিল অবৈধ দেশটির অভ্যন্তরে একটি আক্রমণ। হামাস তাই করেছে। ৭ অক্টোবর, ২০২৩ শনিবার স্থানীয় সময় ভোর সাড়ে ৬টায় হামাসের মিলিটারি উইং ইসরাইলে আক্রমণ করে। এতে করে ইসরাইলের এতদিনের নিরাপত্তা-বিষয়ক জাতীয় দম্ভ চুরমার হয়ে যায়। হামাস এ হামলার নাম দিয়েছে 'অপারেশন আল-আকসা ফ্লাড'।

এ ঘটনার পর ইসরাইল এক লাখের অধিক সেনা নামিয়েছে গাজায়। গাজা লম্বায় ২৫ মাইল আর প্রস্থে ৮-৯ মাইল। এইটুকু গাজায় সাড়ে ২৩ লাখ মানুষের বাস। ইসরাইল সাধারণ মানুষকে ভবনগুলো থেকে সরে যেতে বলেছে। অনেকে স্কুলভবনে আশ্রয় নিয়েছে। কিন্তু সেটি কতটা নিরাপদ এই ঘনবসতির মধ্যে, তা নিশ্চিত না। ইসরাইল একের পর এক স্থাপনা ধ্বংস করছে, কিন্তু এরই মধ্যে একটি সমস্যা ইসরাইল বোধ করছে। যেসব ইসরাইলি নাগরিক ধরে নিয়ে যাওয়া হয়েছে, তাদের কী হবে? ইসরাইল বলেছে, এই ধরে নিয়ে যাওয়া যুদ্ধাপরাধ। এই অতর্কিত হামলা নিয়ে দু'পক্ষ থেকেই কিছু দৃষ্টিভঙ্গি জানা গেছে। হামাস বলেছে, আমরা তো যুদ্ধের মধ্যেই আছি দীর্ঘকাল ধরে- যা চিরন্তর সত্য। আর ইসরাইলের বক্তব্য হলো- যখন আরব দেশগুলোর সাথে সুসম্পর্ক গড়ে উঠছে, তখন এ হামলা আমাদের নতুন করে যুদ্ধের ময়দানে নামিয়েছে।

আন্তর্জাতিকভাবে সম্পূর্ণ বিপরীত অবস্থানে দেখা যাচ্ছে কয়েকটি দেশকে। যুক্তরাষ্ট্রের বাইডেন প্রশাসন, যুক্তরাজ্যসহ ইউরোপীয় দেশগুলো ইসরাইলের সাথে একাত্মতা ঘোষণা করেছে। প্রেসিডেন্ট বাইডেন অবিচল সমর্থনের কথা বলেছেন। জার্মানি ফিলিস্তিনে প্রদত্ত আর্থিক সহায়তা বন্ধের বিবেচনার কথা জানিয়েছে। অন্য দিকে, ইরান হামাসকে পূর্ণ সমর্থন দিয়েছে। ইরানের প্রেসিডেন্ট রাইসি হামাস নেতা ইসমাইল হানিয়া ও ফিলিস্তিনের ইসলামিক জিহাদ জেনারেল সেক্রেটারি জিয়াদ আল নাকালার সাথে টেলিফোন আলাপ করে এ হামলার জন্য অভিনন্দন জানিয়ে তার সমর্থন ব্যক্ত করেছেন। কাতারও হামাসের প্রতি সমর্থন জানিয়েছে।

হামাস কেন এ সময় এমন আক্রমণের পথ বেছে নিলো তার কিছু কৌশলগত রাজনৈতিক কারণ থাকতে পারে। ইসরাইল ২০২১ সালে ৮৫০ মিলিয়ন ডলার ব্যয় করে ৩২ মাইল দীর্ঘ একটি অত্যাধুনিক দেয়াল নির্মাণ করতে শুরু করে, যা দ্রুত শেষ হতে চলেছে। এ দেয়াল মাটির ওপরে ২০ ফুট উঁচু এবং মাটির নিচে এতটাই গভীর পর্যন্ত, যাতে হামাস বা ফিলিস্তিনি যোদ্ধারা কোনোক্রমেই টানেল খুঁড়তে না পারে।

অন্যদিকে আরব দেশগুলোর সাথে দ্রুত ইসরাইলের সম্পর্ক গড়ে উঠতে শুরু করেছে। সৌদি আরব ইসরাইলকে আকাশ ব্যবহারের অনুমোদন দিয়েছে। কয়েকটি মুসলিম দেশের সাথে সম্পর্ক গড়ে তুলতেও ইসরাইলকে সহায়তা করে সৌদি আরব। ইরানের সাথে চরম বৈরিতা ফিলিস্তিনের স্বার্থ থেকে সৌদি আরবকে দূরে ঠেলে দিয়েছে।

নেতানিয়াহু বলেছেন, এমন হামলার শিকার হবে হামাস, যা আগে কখনো দেখেনি। সত্যিকারার্থে গত ৪৮ দিনে গাজা নরকে পরিণত করা হয়েছে। কিন্তু চিত্রটা দেখা যাচ্ছে ভিন্ন। হামাস ইসরাইলের মতো বর্বর হতে পারেনি। তারা বন্দীদের মানব ঢাল হিসেবে ব্যবহার করেনি। হামাস কয়েকজন ইসরাইলি বন্দীকে মুক্তিও দিয়েছে।

জাতিসংঘের স্থায়ী পরিষদ নিয়ে গত কয়েক বছর বিশ্বমঞ্চে প্রশ্ন উঠেছে। এরা কি মানবতার জন্য প্রতিষ্ঠিত নাকি মার্কিনিদের জন্য যুদ্ধরীতি সহজীকরণে কাজ করছে! জাতিসঙ্ঘকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে যুদ্ধের ১১তম (১৭ অক্টোবর মঙ্গলবার রাত) দিনে গাজা ভূখন্ডের কেন্দ্রস্থলে অবস্থিত আল-আহলি হাসপাতালে বিমান হামলা করে ইসরাইল। এতে অন্তত ৫০০ ফিলিস্তিনী নিহত হয়েছেন। এর আগে ইসরাইলী হামলায় আহত শত শত রোগী ও গৃহহীন অসংখ্য বাসিন্দা নিরাপদ ভেবে ওই হাসপাতালে আশ্রয় নিয়েছিল।

অপর দিকে, হাসপাতালে অভিযানের আগের দিনগুলোতে ইসরাইল জোর দিয়ে বলেছিল, আল-শিফা হাসপাতালের নিচে হামাসের কমান্ড সেন্টার রয়েছে- যেখান থেকে তারা টানেল পরিচালনা করছে। এই দাবির ভিত্তিতে তারা আল-শিফা হাসপাতালে আক্রমণ করে। তারা গত ১৫ নভেম্বর বুধবার দুপুর ২টায় প্রথমবারের মতো হামলা চালায়। এরপর ইসরাইলী বাহিনী দাবি করে, অভিযানে তাদের দাবির পক্ষে প্রমাণ মিলেছে। ইসরাইলি সামরিক বাহিনী হাসপাতালের একটি অব্যবহৃত ভবনের ভিডিও ফুটেজ প্রকাশ করে। অবশ্য এসব ভিডিওর সত্যতা নিশ্চিত নয়। প্যালেস্টাইন ন্যাশনাল ইনিশিয়েটিভের জেনারেল সেক্রেটারি মুস্তাফা বারঘৌতি বলেন, ইসরাইলের প্রকাশিত ভিডিওতে যা দেখা গেছে, তা তো তারাই সেখানে রাখতে পারে। তিনি আরো বলেন, ইসরাইল প্রথমে কিছু দর্শককে আল-শিফার ওই অব্যবহৃত কামরায় নিয়ে যাওয়ার ভিডিও প্রকাশ করেছে, সেখানে তারা দাবি করেছিল যে, কোনো সম্পাদনা বা কাটছাঁট ছাড়াই তারা ভিডিওটি প্রকাশ করেছে। পরে তারা ওই ভিডিওটি আবার ডিলিট করে দেয়। এরপর তারা পুনরায় ভিডিওটি প্রকাশ করছে। কিন্তু নতুন ভিডিওর সাথে পুরোনো ভিডিওর অভিন্নতা পাওয়া যায়নি।

আল-জাজিরার হানি মাহমুদ বলেন, ইসরাইলের সামরিক বাহিনী আল-শিফাতে আক্রমণ চালিয়ে হাসপাতালের অপারেশন সেন্টার ধ্বংস করেছে। চিকিৎসাসামগ্রীও সম্পূর্ণ অকেজো করে ফেলেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাবে, গাজার সবচেয়ে বড় এই হাসপাতালে ৭০০ রোগী, ৪০০ স্বাস্থ্যকর্মী এবং প্রায় তিন হাজার বেসামরিক লোক ছিল। এদিকে বিদ্যুৎ লাইন বিচ্ছিন্ন করায় হাসপাতালে ভেন্টিলেশনে থাকা অধিকাংশ রোগীই মারা গেছে।

অবশেষে কাতারের সহায়তায় চার দিনের যুদ্ধবিরতির দ্বার উন্মোচিত হয়েছে- বিনিময়ে ৫০ জন ইসরাইলি মুক্তি পাবে। অন্যদিকে, ১৫০ জন ফিলিস্তিনি নারী ও শিশু ইসরাইলের কারাগার থেকে বেরিয়ে আসবে।

৭ অক্টোবরের আক্রমণে এক হাজার ২০০ ইসরাইলি নিহত ও ২৪০ জন জিম্মি হয়েছিল হামাসের হাতে। বিপরীতে জায়নবাদী অবৈধ ইসরাইলের ৪৮ দিনের আগ্রাসী আক্রমণে ১৩ হাজার ৩০০-এর অধিক ফিলিস্তিনি নিহত- যার মধ্যে ৫৬০০ শিশু ও তিন হাজার ৫৫০ নারী রয়েছে।

কিন্তু এ-কি সমাধান! এ সজ্ঘাত এখন কত শিশুর, কত মায়ের, কত নিরীহ পিতা বা সন্তানের জীবন নেবে! বিশ্ব মানবতা এ-দায় এড়াতে পারে না।

লেখক: কলামিস্ট



# MITU DISABILITY CENTER





ROMJAN (Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

**Citizenship Without Exam** N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

*স্টেট ডিসএ্যাবিলিটি *ফেডারেল ডিসএ্যাবিলিটি
*পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।

ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

**40-19 73rd St. Woodside, NY 11372**
**Tel: 718-701-2666**



# রুমী ডেন্টাল ল্যাব



কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

**Princeton Court Building**
**35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372**
**(Bet. 35th & 37th Avenue)**

**Tel: 718-672-0209, 718-414-4760**



# DR. SADI ALAM, DPM

## Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

**Jamaica Office:** 168-32 Highland Ave, Jamaica, NY 11432

**Hollis:** 196-22 Hillside Ave, Hollis, NY 11423
**Jackson Heights Office:** 7017 37th Ave, Jackson Heights, NY 11372
**Brooklyn Office:** 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

**Ozone Park Office:** 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
**Bronx Office:** 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
**Parkchester Office:** 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL



# দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী




বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড়
কুপন সহ
যে কোন পণ্য ক্রয়ে
*প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়*

ফ্রি উপহার
কুপন সহ
ভিতরে প্রবেশ করলেই

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়



আমরা বাংলায় কথা বলি

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

# PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

# ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

**নিউইয়র্ক থেকে আহমেদ শফিকের প্রশ্নঃ**

আমি আমার এক আত্মীয়ের জন্য এই চিটিটি লিখছি। আমার ঐ আত্মীয় বর্ডার ক্রস করে এদেশে এসেছিলো। সে এখানে এসে কোথাও আবদেন করে নাই। সে কারণে আমাদের জানার বিষয় হচ্ছে এদেশে এখন স্ট্যাটাস এডজাস্টমেন্ট এর কোন পথ আছে কিনা? ইমিগ্রেশন বিষয়ে আমাদের তেমন কোন ধারণা নেই বলে আপনার পরামর্শের অপেক্ষায় রইলাম। আপনার পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞা থাকবো।

**আহমেদ শফিকের প্রশ্নের উত্তরঃ**

যুক্তরাষ্ট্রে স্ট্যাটাস এডজাস্টমেন্টঃ

একজন যুক্তরাষ্ট্রে স্ট্যাটাস এডজাস্টমেন্ট করে গ্রিনকার্ড পেতে পারেন যদি তিনি যুক্তরাষ্ট্রে অবস্থান করেন এবং পারিবারিক বা চাকরি ভিত্তিক আবেদন অনুমোদিত থাকে। স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কী প্রয়োজন?

**পরিবার ভিত্তিক কেস:**

**সাক্ষাত আত্মীয়ঃ** যুক্তরাষ্ট্রের নাগরিকদের স্বামী-স্ত্রী, পিতা-মাতা, অবিবাহিত সন্তান যাদের বয়স ২১ বছরের নিচে। যুক্তরাষ্ট্রে নাগরিকদের সাক্ষাত আত্মীয়- যারা যুক্তরাষ্ট্রে বৈধভাবে প্রবেশ করেছে তারা স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারেন। সেক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আপনি আই-৪৮৫ আবেদনসহ আই-১৩০ পিটিশন ফাইল করতে পারেন।

**যুক্তরাষ্ট্রের নাগরিকদের ২১ বছর বয়সের উর্ধে অবিবাহিত সন্তান এবং সহোদর ভাই / বোনঃ**

উপরে উল্লেখিত ব্যক্তিদের পারিবারিক ভিত্তিতে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন যদি আপনি (১) বৈধ ভিসায় যুক্তরাষ্ট্রে পবেশ করে থাকেন, (২) বর্তমানে যদি স্ট্যাটাস বৈধ হয়, (৩) অনুমোদিত আই-১৩০ এবং (৪) যদি আপনার ক্যাটাগরিতে যদি ভিসা যথেষ্ট থাকে।

**গ্রিনকার্ডধারীঃ**

**একজন গ্রিনকার্ডধারী যেসব আত্মীয়ের জন্য আবেদন করতে পারবেনঃ**

(১) স্বামী বা স্ত্রী, ২) অবিবাহিত সন্তান উভয়ই ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন যদি তাদের প্রবেশ বৈধ হয়, বর্তমান স্ট্যাটাস বৈধ থাকে।



উপরন্তু অনুমোদিত আই-১৩০ পিটিশন অনুমোদিত হয় এবং আবেদনকৃত ক্যাটাগরিতে ভিসা থাকে।

**কর্মভিত্তিক কেসঃ**

সকল কর্মভিত্তিক ক্যাটাগরিতে, ইউএসএতে আপনি আপনার স্ট্যাটাস এডজাস্ট করতে পারেন কেবল সেই ক্ষেত্রে যদি আপনার প্রথম এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। এছাড়াও আপনি স্ট্যাটাস এডজাস্ট করতে পারেন যদি আপনার অনুমোদিত লেবার সার্টিফিকেশন এবং অনুমোদিত আই-১৪০ পিটিশন থাকে। এছাড়াও ঐ ক্যাট-াগরিতে আপনার ভিসা থাকতে হবে।

**রাজনৈতিক আশ্রয় প্রার্থনাঃ**

আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন যদি গৃহীত হয়, সেক্ষেত্রে ১ বছর পর আপনি যুক্তরাষ্ট্র থেকে স্ট্যাটাস এডজাস্টমেন্ট করতে পারেন। আপনার রাজনৈতিক আশ্রয় প্রার্থনার আবেদন অনুমোদিত হলে আপনার ভিসা এন্ট্রি প্রযোজ্য হবে না।

**২৪৫-আইঃ**

আরেকটি ব্যতিক্রমী ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যাটাস আছে যদি আপনি সেকশন ২৪৫ আই সুবিধা ভোগী হয়ে থাকেন। একজন যদি সেকশন ২৪৫ আই'র সুবিধা ভোগী হয়ে থাকেন সেক্ষেত্রে বৈধ ভিসা এন্ট্রি না থাকলেও তিনি স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন। এমন অবস্থায় যুক্তরাষ্ট্রে বৈধ স্ট্যাটাস ছাড়া বসবাস করলেও আপনি স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন।

**নাগরিকত্ব লাভের জন্য পরীক্ষাঃ**

সিভিক টেস্টঃ

আমরা ধারাবাহিকভাবে প্রতি সংখ্যায় প্রকাশিত এই বিভাগে নাগরিকত্ব লাভের পরীক্ষায় কিছু প্রশ্ন ও তার উত্তর প্রকাশ করে থাকি। আজও ধারাবাহিকতা বজায় রেখে কিছু প্রশ্ন ও উত্তর করা হলো।

প্রশ্ন-৮০ঃ গ্রেট ডিপ্রেশন এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় কে প্রেসিডেন্ট ছিলেন?

সঠিক উত্তরঃ ফ্রাঙ্কলিন রুজভেল্ট।

প্রশ্ন-৮১ঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকা কাদের সাথে যুদ্ধ করেছিলো?

সঠিক উত্তরঃ জাপান, জার্মানি এবং ইটালি।

প্রশ্ন-৮২ঃ প্রেসিডেন্ট হওয়ার আগে আইজেন আইজেন হাওয়ার একজন জেনারেল ছিলেন। কোন যুদ্ধে তিনি অংশগ্রহণ করেছিলেন?

সঠিক উত্তরঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধে।

প্রশ্ন-৮৩ঃ কোল্ড ওয়ার (শীতল যুদ্ধের) এর সময় আমেরিকার সবচেয়ে বড় বিপদ কি ছিলো?

সঠিক উত্তরঃ কমিউনিজম।

প্রশ্ন-৮৪ঃ কোন আন্দোলন জাতিগত বৈষম্য দূর করার চেষ্টা করেছিলো?

সঠিক উত্তরঃ সিভিল রাইটস।

প্রশ্ন-৮৫ঃ মার্টিন লুথার কিংস জু-নিয়র কী করেছিলেন?

সঠিক উত্তরঃ নাগরিক অধিকারের জন্য লড়াই করেছিলেন, সকল আমেরিকানদের সমতার জন্য কাজ করেছিলেন।

প্রশ্ন-৮৬ঃ ইউনাইটেড স্টেটসে সেপ্টেম্বর ১১, ২০০১ তারিখে কোন গুরুত্বর ঘটনা ঘটেছিলো?

সঠিক উত্তরঃ সন্ত্রাসবাদীরা আমেরিকা আক্রমণ করে।

প্রশ্ন-৮৭ঃ ইউনাইটেড স্টেটসে একটি আমেরিকান ইন্ডিয়ান উপজাতির নাম বলুন।

সঠিক উত্তরঃ ইউএসসিআইএস অফিসারদের ফেডারেলভাবে স্বীকৃতিপ্রাপ্ত আমেরিনা ইন্ডিয়ান উপজাতিদের একটি তালিকাঃ শৈরোকি, নাভাহো, চিপেওয়া, চেকটাও, পুয়েবলো, অ্যাপচি, ইরোকি, ব্লকফিট, সেজিনোল, চিয়েন, আরওয়াক, মোহেগান, হুরন, ওনিডা, লাকোটা, টেটন, হপি, ইনুইট।

প্রশ্ন-৮৮ঃ ইউনাইডেট স্টেটসের দুটি দীর্ঘতমন নদীর একটির নাম বরতে হবে।

সঠিক উত্তরঃ মিসোরি রিভা, মি-সিসিপি নদী।

প্রশ্ন-৮৯ঃ ইউনাইটেড স্টেটসের পশ্চিম উপকূলে কোন মহাসগর আছে?

সঠিক উত্তরঃ প্যাসিফিক (প্রশান্ত মহাসগার) ওমান।

প্রশ্ন-৯০ঃ ইউনাইটেড স্ট্যাটেস পূর্ব উপকূলে কোন মহাসগার আছে?

সঠিক উত্তরঃ আটলান্টিক মহ-াসগর।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


# Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990

517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

**Tel: 212-513-7474, Fax: 914-462-3990**

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।


*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# ভারত নিয়ে কিসিঞ্জার কেন উল্টো গান গাইলেন

॥ সৈয়দ মো. গোলাম ফারুক ॥



(যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জার মারা গেছেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধ-পরবর্তী সময়ে আমেরিকান কূটনীতির প্রতীক হিসেবে বিবেচনা করা হয় তাঁকে। গত মে মাসে কিসিঞ্জারের ১০০ বছর বয়স হয়। দ্য ইকোনমিস্ট পত্রিকায় প্রকাশিত একটি প্রবন্ধ অবলম্বনে গত ১০ সেপ্টেম্বর এ লেখাটি লিখেন সৈয়দ মো. গোলাম ফারুক। লেখাটি আবার প্রথম আলোর পাঠকদের সামনে আনা হলো।)

জওহারলাল নেহরু যে জোটনিরপেক্ষ নীতি গ্রহণ করেছিলেন, সেটা থেকে ভারত এখনো খুব একটা দূরে সরে যায়নি এবং এই মনোভাব যত দিন অবশিষ্ট থাকবে, পশ্চিমারা ভারতকে খুব আপন ভাবতে পারবে না। যদিও চীনের সঙ্গে সীমান্ত সংঘাত হলে সে যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রতিরক্ষা চুক্তি করতে চায়, পশ্চিমের সঙ্গে তার সম্পর্কটা এখনো মূলত অর্থনৈতিক, স্ট্র্যাটেজিক নয়। কারণ, সে রাশিয়াকে ছাড়তে রাজি নয়। সে ইউক্রেন আক্রমণকে নিন্দা জানায়নি। রাশিয়া থেকে একদিকে সে যেমন অস্ত্র কেনে, অন্যদিকে তেল কিনে সে প্রচুর লাভও করে। হয়তো এসব কারণেই এ বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে তার প্রবৃদ্ধি ৭ দশমিক ৮ শতাংশে দাঁড়িয়েছে।

গত দুই দশকে ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্ক উল্লেখযোগ্যভাবে ঘনিষ্ঠ হয়েছে। এর কারণ হিসেবে একদিকে যেমন আছে তাদের অভিন্ন স্বার্থ এবং অন্যদিকে অত্যন্ত শক্তিশালী ইন্ডিয়ান-আমেরিকান ডায়াসপোরার প্রভাব। এ প্রভাব ভবিষ্যতে বাড়তেই থাকবে এবং এ দুই দেশ আরও ঘনিষ্ঠ হবে। এ কারণেই দক্ষিণ এশিয়াবিষয়ক বিশেষজ্ঞ স্টেফান কোহেন ভারতকে পাকিস্তানের সঙ্গে তুলনা করে বলেছেন, পাকিস্তান সব সময় যুক্তরাষ্ট্রের মিত্র ছিল, কিন্তু কখনো বন্ধু হয়নি আর ভারতের ক্ষেত্রে ব্যাপারটা একেবারে উল্টো।

দুদিক থেকে সুবিধা নেওয়ার এই কৃতিত্ব কিসিঞ্জার মূলত ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করকে দিতে চান। ভারতের সবচেয়ে ভালো কূটনীতিকদের একজন–যিনি ওয়াশিংটন ও বেইজিং দুই জায়গাতেই কাজ করেছেন–৬৮ বছর বয়স্ক সেই জয়শঙ্করই ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মূল কারিগর।

এস জয়শঙ্কর পৃথিবীর নতুন মেরুকরণকে খুব নিষ্ঠার সঙ্গে বিবেচনা করছেন। তিনি ঠান্ডা যুদ্ধের সময়কার দৃষ্টিভঙ্গিতে বর্তমান পৃথিবীকে চীন-যুক্তরাষ্ট্রে বিভক্ত বিশ্ব হিসেবে দেখেন না। তিনি মনে করেন, এখন অন্তত চারটা বড় শক্তিকে বিবেচনায় রাখতে হবে–যুক্তরাষ্ট্র, চীন, রাশিয়া ও ভারত।

এখন সময়টা এমন, যেকোনো একটি বলয়ে ঢুকে বসে থাকলে চলবে না; সবার সঙ্গে সমান মাত্রায় না হলেও অন্তত ভিন্ন ভিন্ন মাত্রায় সম্পর্ক রাখতে হবে, যেন বেছে নেওয়ার মতো কিছু বিকল্প সব সময় হাতে রয়ে যায়।

এস জয়শঙ্কর তাঁর এক বইয়ে লিখেছেন, 'বহুমেরুর এই পৃথিবী হচ্ছে এক ফ্রেনেমির পৃথিবী।' 'ফ্রেনেমি' হচ্ছে সে-ই, যে একই সঙ্গে ফ্রেন্ড ও এনেমি। তবে তিনি আবার একইভাবে দীর্ঘদিনের অংশীদারত্বকেও অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করেন। যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কের বিষয়ে ভারতের পররাষ্ট্রমন্ত্রী বলেন, আগে যুক্তরাষ্ট্রবিরোধী মনোভাব থাকার কারণে আদর্শগত যে দ্বিধাদ্বন্দ্ব ছিল, ভারত এখন তা ঝেড়ে ফেলেছে। সে এখন মাটির ওপর হাঁটা শিখেছে।

এস জয়শঙ্করের মতে, এই ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্ক দুটি কারণে আরও দৃঢ় হবে। এর একটি কারণ হচ্ছে চীন থেকে সরে এসে সাপ্লাই চেইনের বৈচিত্র্য বাড়া এবং আরেকটি ডিজিটালাইজেশনের আওতা বৃদ্ধি পাওয়া। জয়শঙ্করের মতে, এটা হচ্ছে 'নতুন বিশ্বায়ন', যার ভবিষ্যৎ নির্ভর করছে ভারত ও যুক্তরাষ্ট্রের পারস্পরিক আস্থার ওপর।

এস জয়শঙ্কর যেটা বোঝাতে চাইছেন, সেটা হচ্ছে ভারতের বিশ্বস্ততা যাচাই করতে গিয়ে যুক্তরাষ্ট্র যদি এখন ভারতকে রাশিয়ার সঙ্গে সম্পর্কচ্ছেদ করতে বলে, সেটা ঠিক হবে না। কারণ, ভারত-সোভিয়েত ইউনিয়ন সুসম্পর্ক প্রায় ৬০ বছরের পুরোনো। তা ছাড়া ১৯৬৫ সালে ভারতের ওপর আমেরিকান অস্ত্র নিষেধাজ্ঞাই ভারতকে সোভিয়েত ইউনিয়নের দিকে ঠেলে দিয়েছিল।

তাই ভারত যে এখন রাশিয়া-ইউক্রেন যুদ্ধ থেকে অর্থনৈতিক সুবিধা নিচ্ছে, এতে জয়শঙ্করের কোনো অপরাধবোধ নেই এবং এ রকম আরও সুবিধা নিতে পারলেই তিনি খুশি।

তা ছাড়া তিনি মনে করেন, রাশিয়া আদতে একটা ইউরেশিয়ান দেশ এবং আপাতত পশ্চিমের সঙ্গে তার সম্পর্ক ভালো হওয়ার কোনো সম্ভাবনা নেই। এদিকে প্রবৃদ্ধি বাড়ার সঙ্গে সঙ্গে ভারত ক্রমবর্ধমান হারে ক্ষুধার্ত হয়ে ওঠায় সে রাশিয়ার রিসোর্সগুলো আরও বেশি ব্যবহার করতে চাইছে।

ফলে কোনো কোনো ক্ষেত্রে ভারত ও রাশিয়ার স্বার্থ অভিন্ন বলে তারা নিজেদের মধ্যে একটা ভালো সম্পর্ক বজায় রাখবেই। এ ছাড়া রাশিয়াকে পাশে পেলে একদিকে যেমন পশ্চিমের চাপ সহ্য করা সহজ হবে, অন্যদিকে চীন ও পাকিস্তান যেন ভারতের পেছনে লাগার সময় রাশিয়ার সমর্থন না পায়, সেটাও নিশ্চিত হবে। একইভাবে, গত দুই দশকে ভারত-যুক্তরাষ্ট্র সম্পর্ক উল্লেখযোগ্যভাবে ঘনিষ্ঠ হয়েছে। এর কারণ হিসেবে একদিকে যেমন আছে তাদের অভিন্ন স্বার্থ এবং অন্যদিকে অত্যন্ত শক্তিশালী ইন্ডিয়ান-আমেরিকান ডায়াসপোরার প্রভাব।

এ প্রভাব ভবিষ্যতে বাড়তেই থাকবে এবং এ দুই দেশ আরও ঘনিষ্ঠ হবে। এ কারণেই দক্ষিণ এশিয়াবিষয়ক বিশেষজ্ঞ স্টেফান কোহেন ভারতকে পাকিস্তানের সঙ্গে তুলনা করে বলেছেন, পাকিস্তান সব সময় যুক্তরাষ্ট্রের মিত্র ছিল, কিন্তু কখনো বন্ধু হয়নি আর ভারতের ক্ষেত্রে ব্যাপারটা একেবারে উল্টো।

যাহোক, ভারতের মতো নীতি অনেকেই অনুসরণ করতে চায়, কিন্তু সবার পক্ষে তা সম্ভব হয়ে ওঠে না। কারণ, কিসিঞ্জারের মতে, এর জন্য চাই ভারতের মতো মানবসম্পদ ও অর্থনীতি এবং জয়শঙ্করের মতো একজন পররাষ্ট্রবিশেষজ্ঞ। তা না হলে 'ফ্রেনেমিদের' সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যাওয়া সত্যিই কঠিন।

লেখক: পিএসসির সদস্য এবং মাউশি ও নায়েমের সাবেক মহাপরিচালক

(দ্য ইকোনমিস্ট পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ অবলম্বনে)

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'

এটর্নী মঈন চৌধুরী



Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্য

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration



Timothy Bompart
Attorney at Law

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com

Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# পোশাক শিল্পে নৈরাজ্য কাম্য নয়

॥ ড. ইফতেখার উদ্দিন চৌধুরী ॥

সম্প্রতি দেশের তৈরি পোশাক শিল্পে নৈরাজ্য সৃষ্টির এক ধরনের পাঁয়তারা লক্ষ করা গেছে, যার পেছনে দেশি-বিদেশি চক্রান্তকারীরা জড়িত বলে অভিযোগ আছে। দেশের সিংহভাগ বৈদেশিক মুদ্রা আহরিত হয় তৈরি পোশাক রপ্তানির মাধ্যমে। সৌহার্দ-সম্প্রীতি-পারস্পরিক সমঝোতার মাধ্যমে এ শিল্পের প্রসার ও বিস্তার কর্মসংস্থানের জন্য অভূতপূর্ব সুযোগ সৃষ্টি করেছে। নগর-গ্রামীণ জনপদে বিশেষ করে কর্মক্ষম নারীদের কর্মপযোগী করার অপার সম্ভাবনার উজ্জ্বল দৃষ্টান্ত হিসাবে এ শিল্প সর্বত্রই সমাদৃত। স্বল্পশিক্ষিত নারীরা অল্প সময়ের মধ্যে কারিগরি দক্ষতায় নিজেদের যোগ্যতা অর্জনের মাধ্যমে এ শিল্পকে করেছেন অধিকতর সমৃদ্ধ। বিশ্ববাজার ব্যবস্থা পর্যালোচনায় এটি স্পষ্ট, নানা প্রতিকূলতা ও অসম প্রতিযোগিতার মধ্য দিয়ে চলতে হচ্ছে এ খাতের উদ্যোক্তাদের। ভিয়েতনাম, তুরস্ক, ভারত, ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, যুক্তরাষ্ট্র ইত্যাদি দেশের সঙ্গে চ্যালেঞ্জ মোকাবিলা করে বাংলাদেশ একক দেশ হিসাবে দ্বিতীয় স্থানে অধিষ্ঠিত। বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) 'ওয়ার্ল্ড ট্রেড স্ট্যাটিস্টিক্যাল রিভিউ ২০২৩' শীর্ষক প্রতিবেদন মতে, বৈশ্বিক পোশাক রপ্তানিতে বাংলাদেশের বাজার হিস্যাও বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ ২০২২ সালে ৪ হাজার ৫০০ কোটি ডলারের তৈরি পোশাক রপ্তানি করেছে, যা বৈশ্বিক পোশাক রপ্তানির ৭ দশমিক ৯ শতাংশ। ২০২১ সালে বাজার হিস্যা ছিল ৬ দশমিক ৪ শতাংশ। এ হিসাবমতে, ২০২১ সালের তুলনায় ২০২২ সালে বাংলাদেশের বাজার হিস্যা বেড়েছে ১ দশমিক ৫ শতাংশ। পক্ষান্তরে বাংলাদেশের নিকটতম প্রতিদ্বন্দ্বী ভিয়েতনামের ২০২২ সালে তৈরি পোশাক রপ্তানির পরিমাণ ছিল ৩ হাজার ৫০০ কোটি ডলার। ২০২১ সালে দেশটির বাজার হিস্যা ৫ দশমিক ৮ শতাংশের বিপরীতে ২০২২ সালে হয়েছে ৬ দশমিক ১ শতাংশ। এ প্রতিবেদনে আরও বলা হয়েছে, বরাবরের মতো বিশ্বে পোশাক রপ্তানিতে শীর্ষ স্থানে আছে চীন। ২০২২ সালে চীন ১৮২ বিলিয়ন ডলারের তৈরি পোশাক রপ্তানি করে, যা মোট বাজারের ৩১ দশমিক ৬৭ শতাংশ। তবে ২০২১ সালের তুলনায় দেশটির বাজার হিস্যা কমেছে।

শিল্পে প্রয়োজনীয় যন্ত্রপাতি জোগানে বিশাল বিনিয়োগ, কাঁচামাল আমদানি এবং স্টক লটখ্যাত বিভিন্ন ঝুঁকি সামাল দিয়ে রপ্তানি বাজারে মালিকপক্ষের উদ্যোগ প্রশংসনীয়। এক্ষেত্রে সরকারি-বেসরকারি ব্যাংকগুলোর ঋণ গ্রহণ এবং ঋণ পরিশোধে ব্যর্থতার দায়ে অনেকেই ঋণখেলাপি হিসাবে বিবেচিত। অনেক প্রতিষ্ঠানকে এ বাণিজ্যে নিজেদের টিকিয়ে রাখতে রীতিমতো হিমশিম খেতে হয়। প্রাকৃতিক দুর্যোগ, রাজনৈতিক অস্থিরতা, সামাজিক অসংগতি এবং উসকানিমূলক অপকৌশলে ক্ষতিগ্রস্ত হয়ে অনেক পোশাক কারখানা প্রায় বন্ধ হয়ে গেছে। সমস্যাদির গভীরে প্রোথিত আনুষঙ্গিক জটিলতাগুলো ধারণায় আনা না হলে এ শিল্পকে সমৃদ্ধ করার ক্ষেত্রে নতুন সম্ভাবনাগুলো অনাবিষ্কৃত থেকে যাবে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে রাজনৈতিক সহিংসতার সঙ্গে যুক্ত করে পোশাক শিল্পে অনাকাঙ্ক্ষিত কর্মকান্ড চালিয়েছে কতিপয় সুযোগ সন্ধানী। মজুরি বৃদ্ধির আন্দোলন যৌক্তিকতা পায় তখনই, যখন মালিকপক্ষের অর্ডার ও আয়-উপার্জনে ভারসাম্য বিরাজ করে।



সম্প্রতি পোশাকশিল্পে শ্রমিকদের মজুরি বৃদ্ধিকে কেন্দ্র করে ঢাকার দুটি বিশেষ অঞ্চলে তান্ডব চালানো হয়। শিল্প-কারখানায় আক্রমণ, গণপরিবহণ ভাঙচুরসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ওপর কতিপয় শ্রমিক নামধারী উচ্ছৃঙ্খল সন্ত্রাসীর মারমুখী আচরণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। শ্রমিকদের অবশ্যই অনুধাবন করতে হবে, তারা কর্মহীন অবস্থান থেকে নিজেদের উত্তরণ ঘটিয়ে শ্রমজীবী মানবসম্পদে পরিণত হয়েছেন। মাস শেষে বেতন, ওভারটাইম মজুরি, উৎসব ভাতা ও অন্যান্য প্রদেয় সুবিধা ভোগ করে নিজ পরিবারকে জীবিকা নির্বাহে আর্থিক জোগান দেওয়ার বিষয়টি শ্রমিকদের উপলব্ধি করতে হবে। এদের অধিকাংশ সম্ভবত কম শিক্ষিত হওয়ার কারণে তেমন কোনো শিল্প-কারখানায় উপযুক্ত কর্মসংস্থান জোগাড়ে অপারগ। মহানস্রষ্টার অপার কৃপায় মালিকপক্ষের বিনিয়োগের কারণে তারা পোশাক শিল্পে কর্মরত থেকে উপার্জন ও সাবলীল জীবন নির্বাহ করতে পারছেন। অন্যদিকে এদের মনোজগতে মালিকদের বিপক্ষে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টিতে তৎপর কথিত শ্রমিক সংগঠনের সংখ্যাও নেহায়েত কম নয়। বৈশ্বিক বা দেশীয় চলমান মন্দাভাব বা প্রতিযোগিতামূলক বিশ্বে রপ্তানি খাতকে নিরাপদ রাখার বিষয়ে তাদের এক ধরনের অন্ধকারে রাখা হচ্ছে। দেশি-বিদেশি শত্রুদের যোগসাজশে দেশে বৈদেশিক মুদ্রা আয়ের প্রধান রপ্তানি খাত পোশাকশিল্পকে ধ্বংসের উদ্দেশ্যে অশুভ প্ররোচনা চালানো হচ্ছে। পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতার অভাবে শ্রমিকপক্ষের আচরণ অনেক ক্ষেত্রে দেশকে বিপর্যয়ের দিকে নিয়ে যায়। অগ্রহণযোগ্য এসব কর্মকান্ডে শ্রমিকদের অংশগ্রহণ কোনোভাবেই সমীচীন নয়।

কয়েক সপ্তাহের বিক্ষোভের পর ৭ নভেম্বর কারখানা মালিক ও শ্রমিকদের প্রতিনিধিদের নিয়ে গঠিত মজুরি বোর্ডের বৈঠক শেষে বাংলাদেশের তৈরি পোশাক খাতের শ্রমিকদের ন্যূনতম মাসিক বেতন ৮ হাজার থেকে বাড়িয়ে ১২ হাজার ৫০০ টাকা নির্ধারণ করা হয়। তবুও শ্রমিকদের কয়েকটি অংশ মজুরি ২৫ হাজার টাকা করার দাবিতে আন্দোলন অব্যাহত রাখে। চলতি মাসের ১৬ তারিখ আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) বাংলাদেশের পোশাক খাতের শ্রমিকদের জন্য ন্যায্য মজুরি নিশ্চিত করতে স্বচ্ছতা-ন্যায্যতা ও প্রমাণের ভিত্তিতে ন্যূনতম মজুরি নির্ধারণ প্রক্রিয়া গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করে। এ খাতে মজুরি নিয়ে বিক্ষোভ ও সহিংসতার ঘটনায় সংস্থাটির উদ্বেগ প্রকাশও হতাশাব্যঞ্জক। আরও প্রাণহানি ও জীবিকার ক্ষতি এড়াতে শান্ত-সংযত থাকার আহ্বান জানিয়ে ন্যূনতম মজুরি নিয়ে ঐকমত্যে পৌঁছাতে গঠনমূলক আলোচনায় অংশ নিতে আইএলও সংশ্লিষ্ট সব পক্ষকে উৎসাহিত করে। পোশাক শ্রমিকদের ন্যূনতম মজুরি নির্ধারণের পর বিভিন্ন পক্ষের আপত্তির পরিপ্রেক্ষিতে ২৬ নভেম্বর মজুরি বোর্ডের সঙ্গে বিজিএমইএ'র বৈঠকে পোশাক খাতের মজুরির ৫টি গ্রেড কমিয়ে ৪টি করা হয়েছে। কিন্তু গ্রেড-৪-এর নির্ধারিত ন্যূনতম মজুরি ১২ হাজার ৫০০ টাকা অপরিবর্তিত রেখে বাকি ৩ গ্রেডে বাড়ানো হয়েছে।

১৬ নভেম্বর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন শ্রমিকদের ক্ষমতায়ন, শ্রমঅধিকার ও তাদের মানসম্মত জীবনযাপন নিশ্চিত করার লক্ষ্যে 'বিশ্বব্যাপী শ্রমিকদের ক্ষমতায়ন অধিকার ও উচ্চ শ্রমমান উন্নয়ন' শীর্ষক প্রেসিডেন্সিয়াল মেমোরেন্ডাম স্বাক্ষর করেছেন। যুক্তরাষ্ট্রের এ নতুন নীতির ঘোষণায় বাংলাদেশের রপ্তানিকারক, বিশেষ করে পোশাক খাতের উদ্যোক্তাদের মধ্যে নতুন দুশ্চিন্তা-উৎকণ্ঠা তৈরি হয়েছে। তাদের মতে, কোনো কারণে শ্রমঅধিকার ইস্যুতে যুক্তরাষ্ট্র নতুন নীতি বাংলাদেশের ওপর কার্যকর করলে দেশের রপ্তানি খাতে বড় ধরনের নেতিবাচক প্রভাব পড়বে।

বিজিএমইএ'র নেতাদের মতানুসারে, আগে থেকেই এ খাতের বিরুদ্ধে নানা ধরনের ষড়যন্ত্র চলছে। সেসব ষড়যন্ত্র প্রতিহত করেই গার্মেন্ট শিল্প দেশের প্রধান রপ্তানি খাত হিসাবে গড়ে উঠেছে। বর্তমানে তৈরি পোশাক শিল্পে শ্রমিকদের কর্মক্ষেত্রের নিরাপত্তা ও কমপ্লায়েন্স প্রতিপালন বিষয়ে কোনো সমস্যা নেই। এ শিল্পে সুন্দর কর্মপরিবেশ বিরাজ করছে। তবে নির্বাচন সামনে রেখে কুচক্রী মহল তাদের অপতৎপরতা বাড়িয়েছে। গণমাধ্যমে প্রকাশিত সংবাদ পর্যালোচনায় দেখা যায়, গত এক দশকে গার্মেন্ট সেক্টরে শ্রমিকদের স্বার্থরক্ষার নামে শতাধিক সংগঠন গড়ে উঠেছে। এর মধ্যে প্রায় দেড় ডজন রয়েছে ফেডারেশন। বেশিরভাগ সংগঠনের নিবন্ধও নেই। এসব সংগঠনের নেতাদের বেশিরভাগই গার্মেন্ট কারখানার সঙ্গে সম্পৃক্ত নয়। এসব ব্যক্তি বিভিন্ন রাজনৈতিক দল, দেশি-বিদেশি চক্রান্তকারীদের হয়ে কাজ করছে। তারাই মূলত শ্রমিকদের রাস্তায় নামিয়ে দিয়ে নিজেরা কদর্য উদ্দেশ্য চরিতার্থে ব্যস্ত। বিভিন্ন শ্রমিক সংগঠনের চিহ্নিত নেতাদের অনেকেরই বিলাসবহুল জীবনযাপনের বিষয়ে জনশ্রুতি রয়েছে। শ্রমিকদের বেতন বৃদ্ধির ঘোষণা এবং ডিসেম্বর থেকেই বর্ধিত বেতন কার্যকরণে সরকার-মালিকপক্ষ-শ্রমিক সবাই একমত পোষণ করার পরও ভাঙচুর ও অগ্নিসংযোগের মতো সহিংস ঘটনা ঘটায় এসব তথাকথিত শ্রমিক নেতার কর্মকান্ড নিয়ে জনমনে নানা প্রশ্নের উদ্রেক হচ্ছে।

বিভিন্ন গোয়েন্দা সংস্থার অনুসন্ধানে ইতোমধ্যে শ্রমিক-নেতা নামধারী ৩৬ জনের তালিকা প্রকাশ পেয়েছে। তাদের মোবাইল ফোন রেকর্ডসহ বিভিন্ন তথ্য-প্রমাণের ভিত্তিতে গোয়েন্দা সংস্থাগুলো নিশ্চিত হয়েছে যে, তারা বেতন বৃদ্ধির বিষয়টিকে পুঁজি করে নানা উসকানি দিয়ে গার্মেন্ট শিল্পে জ্বালাও-পোড়াও, ভাঙচুর এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ওপর আক্রমণ চালিয়েছে। গোয়েন্দা সংস্থাগুলোর তথ্যমতে, এসব নেতা গার্মেন্টসে চাকরি করেন না, গার্মেন্ট শিল্পের সঙ্গেও জড়িত নন। কিন্তু তারা স্বার্থান্বেষী মহলের আশীর্বাদপুষ্ট নেতা। তারা বহির্বিশ্বের বিভিন্ন দেশ থেকে শ্রমিক সংগঠনের নামে কোটি কোটি টাকার আর্থিক অনুদান পেয়ে থাকেন। ওইসব দেশ তাদের এজেন্ডা অনুযায়ী গার্মেন্টস শ্রমিকদের হাতিয়ার হিসাবে ব্যবহার করে। মোদ্দাকথা, বিপুলসংখ্যক জনগোষ্ঠীর জীবননির্বাহের অবলম্বনকে বিপদগ্রস্ত করা কোনোভাবেই কাম্য হতে পারে না। সার্বিক অবস্থা পর্যবেক্ষণ ও মূল্যায়ন করে সব পক্ষকে দেশের রপ্তানি আয় অধিকতর সমৃদ্ধ করার জন্যই সম্মিলিত উদ্যোগকে সচল রাখতে হবে। অন্যথায় দেশের অন্যান্য খাতে এর নেতিবাচক প্রভাব পড়বে।

লেখক: শিক্ষাবিদ; সাবেক উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়


## বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতির বক্তব্যের

# নিন্দা ও প্রতিবাদ

বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ ইনক এর সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক একটি প্যানেলের বিজয় উৎসবে অহেতুক মিথ্যা বানোয়াড বক্তব্য রেখে কমিউনিটিকে বিভ্রান্ত করার অপচেষ্টা করছেন। গত ২৭শে নভেম্বর ২০২৩ সোমবার ওজনপার্কের মদিনা হলে অনুষ্ঠিত মিসবাহ-অপু প্যানেলের বিজয় উৎসবে তিনি বলেন, সংগঠনের ঘর ক্রয় করা হয়ে ছিল ৫ পার্সেন্ট হারে। তখনকার ইন্টারেস্ট রেইট ছিল ৩.৫০ পার্সেন্ট। যা ছিল সম্পূর্ণ ডাহা মিথ্যা অপবাদমূলক। যা সাধারণ সদস্যদের মাঝে বিভ্রান্ত ছড়ানো বৈ কিছুই না। উনি উনার বক্তব্যে ক্যামিকেল ব্যাংকের নাম উলেখ করে আমাকে জড়ানোর অপচেষ্টা করেছেন, মূলত ঐ ব্যাংকের সাথে আমার ন্যুনতম কোন লেনদেনই ছিল না। গেল ১৭ অক্টোবর ২০২৩ সালে উনি আরেকটি সভায় বলেছেন, বুরহান উদ্দিন কফিল এর নামে বাড়ী-গাড়ীর ভালো ক্রেডিট লাইন ছিল বিধায় উনার নামে সমিতির ভবন কেনা হয়েছে। এখন একই ব্যক্তি গত সোমবার বলেছেন ,সেই সময় কি শুধু বুরহান উদ্দিন কফিল এর ক্রেডিট লাইন ছিল ? তখনকার সময়ে বিয়ানীবাজারের আরো অনেক মানুষের ভালো ক্রেডিট লাইন ছিল। আমি এই দ্বিমুখি নীতির তীব্র প্রতিবাদ ও নিন্দা জানাই। সমিতির প্রতি যদি উনার এতো দরদ ছিল, তাহলে কেন সমিতির নির্বাচনকে কেন্দ্র করে নিউইয়র্কের কোর্টের দারস্ত হয়েছিলেন তিনি। পদ-পদবীর লোভে নিজেকে সামলিয়ে না রেখে যে ব্যক্তি সমিতিকে নিয়ে মামলা হামলার পায়তারা করেছিলেন, তিনি সমাজে কিভাবে শুধু শুধু উপদেশ দিয়ে বেড়ান।

আমার বক্তব্য হলো, উনার অতীতের সকল কর্মকান্ড গুলো একেবারে ভুলে গিয়ে এখন নিজের সাফাই গুনতে শুরু করেছেন তিনি। উনি যখন ট্রাফিক পুলিশে কাজ করতেন, তখনকার সময়ে উনি যে দূর্ঘটনায় নিপতিত হয়েছিলেন, সেই দূর্ঘটনা থেকে আমরাই তাকে উদ্ধার করেছিলাম। এছাড়াও উনি নিউইয়র্কে আসার পর যার সোস্যাল সিকিউরিটি নাম্বার ব্যবহার করে উপার্জন করেছিলেন,সেই ব্যক্তির ট্যাক্স রিটার্নের অর্থগুলোও উনি আত্মসাৎ করেছেন। এতো কিছু অপকর্মের পরও এখন নিজেকে দরবেশ ভেবে কমিউনিটির কিছু মানুষের বিরুদ্ধে শুধু অপবাদ রটানোর কাজে লিপ্ত রয়েছেন, যা কমিউনিটির মানুষের মোটেও কাম্য নয়। বিগত সময়ে উক্ত সংগঠনের নির্বাচন বিহীন যতগুলো কমিটি হয়েছে, সবকটিতে প্রত্যক্ষ বা পরোক্ষ মদদদাতা ছিলেন তিনি। এমন কি বৃহত্তর সিলেটের আমব্রেলা সংগঠন জালালাবাদ এসোসিয়েশনও তার হাত থেকে রক্ষা পায়নি।
সংগঠনের বিগত এক সাধারণ সভায় বলা হয়েছিল, উনার কাছে রক্ষিত সমিতির রেজুল্যাশনবুক সহ যাবতীয় কাগজপত্র সমিতির তখনকার কমিটির কাছে হস্তান্তর করার জন্য। কিন্ত আজ অবধি সেই জরুরী কাগজপত্রগুলি সমিতির কাছে উনি জমা দেননি।
সংগঠনের সাবেক আরেক সভাপতি আজিমুর রহমান বুরহান ফেইক ট্যাক্স আইডির মাধ্যমে সমিতির ভবন নিজের নামে নেয়ার যে অপচেষ্টা করেছিলেন, সে ব্যাপারে একটি সাধারণ সভায় বিষয়টি খতিয়ে দেখার জন্য উনাকে (আব্দুর রাজ্জাক) দায়িত্ব দেয়ার হয়েছিল,সে বিষয়টির ব্যাপারেও উনি যথাযথ পদক্ষেপ গ্রহণ করেননি।

সর্বোপরি উনার কোনো বক্তব্যে সমিতির স্বার্থ সংশিষ্ট বিষয় যেমন, সমিতির নথিপত্র, হিসাব নিকাশের গড়মিল,ভুঁয়া ট্যাক্স আইডি ইত্যাদি বিষয়ে অন্যায়ের বিপক্ষে কোন বক্তব্য উপস্থাপন করতে শোনা যায়নি। শুধু নিরব ভূমিকা পালন করে অন্যায়ের পক্ষে সাফাই গায়ার অপচেষ্টা করেছেন। আমি ঐ সমস্ত বিষয়ের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।
পরিশেষে আমি বলতে চাই,উনি সংগঠনের সাবেক সভাপতি ও বিয়ানীবাজারবাসীর মুরব্বী। তাই কমিউনিটির মানুষের মধ্যে বিবেদ, হানাহানি আর মতবিরোধ সৃষ্টির অপচেষ্টা না করে মেধার সঠিক মূল্যায়ন ও প্রয়োগ করে কমিউনিটির মানুষের মধ্যে সৌহার্দ্য আর ঐক্যের বন্ধনে আবদ্ধ করার চেষ্টা চালিয়ে যান ।যাতে করে আপনার অনুপস্থিততে গোটা বিয়ানীবাজারবাসী আপনাকে শ্রদ্ধার সাথে স্মরণ করতে থাকে। আল্লাহ আমাদের সবাইকে সত্য কথা বলার ও সঠিক পথে চলার তাওফিক দান করুন, আমীন।

**বুরহান উদ্দিন কফিল**
সাবেক সভাপতি
বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ ইনক

# মুরগি ধরা কিংবা ডামি প্রার্থীর নির্বাচন

॥ সাকিব সাদমান ॥

গ্রামের বাড়িতে মুরগি ধরার দৃশ্য অনেকের মনে থাকার কথা। বাঁধা মোরগ-মুরগি হঠাৎ ছুটে গেলে কিংবা মেহমানের জন্য জরুরিভাবে জবাইয়ের দরকার হলে নানা কৌশলে মুরগি ধরতে দেখেছি ছেলেবেলায়। জাতীয় নির্বাচনের তফসিল ঘোষণার পর সেই দৃশ্যই যেন প্রতিদিন আমাদের নজরে আসছে।

প্রধান বিরোধী দল বিএনপি নির্বাচনে আসছে না এটা স্পষ্ট হতে থাকলে এই মুরগি ধরার কৌশল ক্রমেই দৃশ্যমান হচ্ছে। বিএনপি থেকে কয়েকজনকে নিয়ে (পড়ুন, ভাগিয়ে নিয়ে), তৃণমূল বিএনপিকে প্রলোভন দিয়ে, জে. ইব্রাহিমকে মাঠে নামিয়ে এবং কিছু ইসলামী দলকে নানাভাবে নির্বাচনে নিয়ে আসার আওয়ামী প্রচেষ্টাকে মুরগি ধরার মতোই মনে হচ্ছে। কিন্তু মোরগ-মুরগি বড়-বেশি চতুর ও ধূর্ত হয়ে গেছে, ধরাই যাচ্ছে না। আপাতত আওয়ামী লীগের জোটসঙ্গী (১৪ দল) জাতীয় পার্টি, ইনু'র জাসদ, মেননের ওয়ার্কার্স পার্টি এবং জোটের প্রায়-অনুচ্চারিত ক'খানা দল ছাড়া আসন্ন জাতীয় নির্বাচনে অন্য কাউকে পাওয়ার সম্ভাবনা ক্ষীণই মনে হচ্ছে। কমিউনিস্ট পার্টিও নির্বাচনে যাচ্ছে না। চরমোনাইর পীরের দল ইসলামী আন্দোলন নির্বাচনে না যাওয়ার দিকেই ঝুঁকে আছে। জামায়াতের নিবন্ধনই বাতিল করে দেয়া হয়েছে। ফলে নির্বাচনের ট্রেনে আওয়ামী লীগের জোটসঙ্গী এবং কল্যাণ পার্টি, তৃণমূল, বিএনএম ছাড়া বিশেষ কেউ উঠছে না। বলা বাহুল্য, জোটসঙ্গীসহ বাকি দলগুলো জনবিচ্ছিন্ন ও নামসর্বস্ব এবং খুদ-কুঁড়া তথা গুড়-বাতাসার লোভেই নির্বাচনী ট্রেনে উঠে পড়েছে; হয়তো জানেই না, ট্রেনটির গন্তব্য কোথায়। অথচ সরকারি দলের সাধারণ সম্পাদক বলেছেন, নানা ফুল ফুটতে শুরু করেছে। একজন মন্ত্রী বলেছেন, বিএনপির অনেক নেতা ভেতরে ভেতরে নির্বাচনে আসার জন্য যোগাযোগ করছে। কিন্তু এখন পর্যন্ত মুরগি ধরার সাফল্য লক্ষণীয় নয়। ফলে আওয়ামী লীগকে মোটা দাগে জোটসঙ্গীদের নিয়েই ২০২৪'র নির্বাচনটি করতে হচ্ছে। এর মানে হলো নিছক নৌকার সঙ্গে নৌকার ভোটযুদ্ধ। আমাদের সংসদীয় গণতন্ত্র এমনই যে, সরকারকেই ঠিক করতে হয়, কোন দল সংসদে বিরোধী আসনে বসবে; এমনকি তাদের ভূমিকা কী হবে, তাও সরকারকে ঠিক করে দিতে হয়। ২০১৪ ও ২০১৮'র নির্বাচনে এই অবস্থা হয়েছে। এরশাদীয় যুগেও একবার 'গৃহপালিত বিরোধী' দল সংসদে বসেছিল। এরশাদ সাহেবকে কথায় কথায় স্বৈরাচার বলা হয়। কিন্তু ২০০৯ সালের পর সরকার কর্তৃক মনোনীত বিরোধী দলের ধারণাটি রাজনীতি ও রাষ্ট্রবিজ্ঞানেই একটি নয়া প্রপঞ্চ এবং এটির কপিরাইট সংরক্ষণ করে রফতানিযোগ্য বটে। আমাদের রাজনীতিতে আরো একটি প্রত্যয় যুক্ত হয়েছে-এটি টকশোতে নানাজনের মুখে শোনা এবং বিএনপি অহরহই উচ্চারণ করছে; প্রধান বিরোধী দলকে রাজনীতি করতে হচ্ছে রাষ্ট্রের পুলিশের সঙ্গে। এটিও রফতানিযোগ্য পণ্য হবে কি না তা সময়ই বলবে। প্রাজ্ঞদের কথা, ২০১৪ ও ২০১৮ সালে পর পর দু'খান ভোটারবিহীন, অগ্রহণযোগ্য ও বিতর্কিত নির্বাচন করার পর নির্বাচন নিয়ে আওয়ামী লীগ খেই হারিয়ে ফেলেছে। বাড়ছে ভোটারভীতি। ভুল করছে একের পর এক। সুষ্ঠু নির্বাচন করতেও ভয়। ক্ষমতা হারালে কী হবে, আছে সেই ভীতি। এরপর যুক্ত হয়েছে বাইরের দেশ ও কয়েকটি আন্তর্জাতিক সংস্থার চাপ। ক্ষমতা হারানোর ভীতি আদতেই তীব্র কষ্টের। অন্যথায় ১৬৫ দিন হরতাল-অবরোধ ও জ্বালাও-পোড়াও করে নিজেদের কীর্তি তথা ব্রেন চাইল্ড কেয়ারটেকারে যেতে এত ভয় কেন?

পুরোনো দল, বড় দল, সংগঠিত দল এবং একাদিক্রমে পনেরো বছর ক্ষমতায় আসীন আওয়ামী লীগের মুখে সাহসের খই ফুটলেও জোড়াতালি দিয়ে নির্বাচন উঠিয়ে নেয়ার মধ্যেই তাদের বেসামাল অবস্থা ফুটে ওঠে। অন্যথায় প্রায় নামহীন এবং অপরিচিত কিংবা আধা পরিচিত কয়েকটি ইসলামী দলের গণভবনে প্রবেশেরই কথা না। এই যে ছয়-সাতজনকে প্রধানমন্ত্রী গণভবনে সাক্ষাৎ দিয়েছেন-এদের সম্ভাব্য ভোটের হার কত; কেউ বলতে পারবেন! কল্যাণ পার্টি, তৃণমূল বিএনপি, বিএনএম, এই তিনটি দলে কারা আছেন, তাদের সম্ভাব্য ভোটের হার কত? কল্যাণের ইবরাহিম সাহেব তো আগে নির্বাচন করেছেন। তার প্রাপ্ত ভোট ০.০৩% (২০০৮)। আওয়ামী লীগের মতো একটি দলকে এদের ডেকে চা-নাস্তা খাইয়ে, গায়ে হাত বুলিয়ে, সংসদীয় আসন ছেড়ে দেয়ার প্রতিশ্রুতি এবং সঙ্গে কিছু গুড়-বাতাসার ভাগ দিয়ে নির্বাচনের ট্রেনে কখন তুলতে হয়? অবস্থা কতটা খারাপ হলে! কিন্তু এরা নির্বাচনে এলে প্রদত্ত ভোটের হার কতটা বাড়বে?

বিপদ এক-জায়গাতে- একটা সুষ্ঠু, গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক নির্বাচন চাই। বিএনপি এবং তাদের সমমনা দলের অংশগ্রহণ ছাড়া অংশগ্রহণমূলক নির্বাচন হবে না। হতেই পারে না। জাতীয় নির্বাচনে দলের অংশগ্রহণের সঙ্গে ভোটারদের অংশগ্রহণ অঙ্গাঙ্গিভাবে জড়িত। বিএনপি জোট এবং জামায়াত ভোটে না আসা মানেই ৪২ থেকে ৪৬ শতাংশ মানুষ নিজের পছন্দের দল ও মার্কা পাবে না বলে ভোট দিতেই যাবে না। যারা মনে করে, বিএনপি ও সমমনারা না এলেও ষাট-সত্তর ভাগ ভোটার এসে গদগদ হয়ে ভোট দিয়ে যাবে, হয় তারা পাটিগণিতে খুবই কাঁচা অথবা ৩৫-৪০ ভাগ ভোটকে ষাট-সত্তর দেখানোর স্বপ্নে বিভোর। ২০১৪ ও ২০১৮'র অমন ভোটারহীন নির্বাচন এবং বিশেষ করে ২০১৮ সালের নির্বাচন নিয়ে আন্তর্জাতিক মহলের অসন্তোষ মাথায় নিয়ে আওয়ামী লীগ ৩৫-৪৫ ভাগ ভোটকে ষাট-সত্তর দেখাবে কি না, তা আগাম বলা সমীচীন হবে না। সেটা না করলে সুষ্ঠু, গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক এই তিন মাত্রার মধ্যে নিদেনপক্ষে সুষ্ঠুতার ছাপ দিতে পারবে। কিন্তু আওয়ামী লীগ তো নির্বাচনের শরীরে অংশগ্রহণের সিলও মারতে চায়। অংশগ্রহণমূলক দেখাতে পারলে গ্রহণযোগ্যতার সার্টিফিকেট মিলতেও পারে।

ফলত, দলটির ইতিহাসে এই প্রথম দলীয় প্রার্থী মনোনয়ন দিয়ে আবার দলের অন্যদের নির্বাচন করতে উৎসাহ দেয়া হলো। কেন্দ্র থেকে দলের মনোনীত প্রার্থীর বিরুদ্ধে দলের অপর এক বা একাধিক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করলেও মাথায় উঠবে না শাস্তির খড়গ। অর্থাৎ মূল প্রার্থীর সঙ্গে থাকবে ডামি প্রার্থী, যাতে নির্বাচন প্রতিযোগিতামূলক হয়; এমনই ধারণা আওয়ামী লীগের। আওয়ামী লীগের মতো একটি দলের অবস্থা কতটা শোচনীয় হলে দলের মনোনীত প্রার্থীর বিরুদ্ধে দলেরই আরেকজনকে দাঁড় করিয়ে দেয়া হয়? সেটা বোঝার বিষয়। এতে নৌকায় নৌকায় প্রতিযোগিতা হলেও হতে পারে, কিন্তু আওয়ামী লীগের ভোটের বিভাজনেই এই প্রতিযোগিতা হবে। আওয়ামী লীগকে তো বিএনপি, জামায়াত বা তাদের জোটের কেউ ভোট দিতে আসবে না। যদি ৩০ কে ৬০ করা না হয় তবে এই পদ্ধতিতে ১৫-২০ ভাগ ভোট পেয়ে প্রার্থী জিতে আসবে, যা হবে বিগত ক'টা উপনির্বাচনের চেয়েও হাস্যাস্পদ (আমেরিকা কি খাবে এই নির্বাচন?)। আর আওয়ামী লীগই জিতছে মনে করে অনেকে যদি না আসে, তবে তো ভোটের মাঠে তামাশার চূড়ান্তই দেখা যাবে। নির্বাচনের ইতিহাসে নবতর সংযোজন এই ডামি পদ্ধতি আরো একটা ঘটনা ঘটাতে পারে। ডামি প্রার্থীরা যেহেতু আওয়ামী লীগের লোক এবং উপস্থিত ভোটারও অধিকাংশ আওয়ামী ভোটার; সে ক্ষেত্রে বিজয়ী ডামিদের যোগফলই হয়ে যেতে পারে বিরোধী দল-একটা দলীয় নামায়নও হয়ে যাবে তখন। তাহলে ডামি পদ্ধতিই নবতর নয়, বরং একই দলের লোকজনই বিরোধী আসনে বসবে (বাকশালে কি এমনই ছিল?), তাও রাষ্ট্রবিজ্ঞানে একটি নতুন পাঠ যুক্ত হবে। ক্রিকেটে হয় না-একটি ম্যাচে একাধিক রেকর্ড!

তাহলে পরপর দু'বারের কথিত বিরোধী দল জাতীয় পার্টির কী হবে! কোটি টাকার প্রশ্ন। জাতীয় পার্টি কিংবা ইনুর জাসদ অথবা মেননের ওয়ার্কার্স পার্টিও নৌকা নিয়েই নির্বাচন করতে চায়। নৌকা চায় আওয়ামী লীগের জোটসঙ্গী অন্যরাও। সবার ভোটের যোগফল ওই নৌকাই। কিন্তু এখন অবধি জোটের বিষয়ে সিদ্ধান্ত চূড়ান্ত হয়নি। ইনু সাহেব আশাবাদী হলেও রেগে আছেন মেনন সাহেব। কেননা, মেননের আসনে প্রার্থী দিয়ে দেয়া হয়েছে। দলটি নৌকা প্রতীক না পেলে ভোটকেন্দ্রে দাঁড়ানোর জায়গা পাওয়াই দুরূহ হবে। কেননা প্রধান বিরোধী জোট নির্বাচন না করায় আওয়ামী লীগের ক্ষৈত্রিক পর্যায়ের নেতা-কর্মীরা কেন্দ্রের দখল এক-ইঞ্চিও কাউকে দিতে চাইবে না।

কেবল সর্ববৃহৎ ও সর্বপুরান এবং একাদিক্রমে পনেরো বছর ক্ষমতাসীন আওয়ামী লীগই না- বেসামাল মনে হচ্ছে নির্বাচন কমিশনকেও। সিইসি বাইরের শক্তির থাবার কথা বলেছেন। অথচ কিছু দিন আগেও তিনি বলতেন, ব্লাডপ্রেসার ছাড়া আর কোনো চাপই অনুভব করছেন না। তফসিল ঘোষণার আগে এবং বিশেষ করে পরে জোরালো ভাষায় বলা হয়েছিল, কোনো রাজনৈতিক দলের নির্বাচনে আসা-না আসা কমিশনের কাজ নয়। অথচ গত তিন দিনে একাধিক কমিশনার এবং খোদ সিইসি পুনঃ পুনঃ বলছেন, বিএনপি নির্বাচনে এলে তফসিল বদলানো সম্ভব। হঠাৎ এই আকুতি কেন!

জাতি এমনিতেই দুই ভাগ হয়ে আছে-এক. নির্বাচনের পক্ষে। দুই. নির্বাচনের বিপক্ষে। ১৯৯১ থেকে ২০০৮ সালের গ্রহণযোগ্য চারটি নির্বাচনে প্রাপ্ত ভোট বিবেচনায় দু'টি জোটের ভোট প্রায় সমান সমান। বিএনপি নির্বাচনে অংশ নিলে একটি প্রতিযোগিতামূলক ও গ্রহণযোগ্য-অংশগ্রহণমূলক নির্বাচন হতো। নির্বাচন মানেই একের অধিক থেকে একটি বেছে নেয়া। বিএনপি ভোটে না থাকায় সেটি হচ্ছে না। বিএনপি নির্বাচনে না গিয়ে ভুল করছে কি না, সময় বলবে। কিন্তু সরকারে থাকা আওয়ামী লীগের দায় ছিল বিএনপিকে নির্বাচনে নিয়ে আসা। গত ২৮ অক্টোবরের পর সরকারের ভূমিকা বিএনপিকে নির্বাচন থেকে আরো দূরে সরিয়ে দিয়েছে। দলটির মতে তাদের প্রতি এই নিষ্ঠুর আচরণ পৃথিবীর ইতিহাসে বিরল। বিপুলসংখ্যক মামলা এবং নেতা-কর্মীদের পাইকারি জেলে ঢোকানোর রেকর্ড তো খুঁজে পাওয়া ভার।

সরকারের দায় ছিল; এই কথা বলার অর্থ-বহিঃদেশ যদি নির্বাচনকে মান্যতা দেয়ার বদলে অন্য কোনো বিশেষ পদক্ষেপ নেয়, কেবল আওয়ামী লীগ নয়, ক্ষতিগ্রস্ত হবে পুরো জাতি। এই দায় তো সরকারের উপরই বর্তাবে।






# মৌলভীবাজার জেলাবাসীর পক্ষ থেকে বিশিষ্ট্য ব্যবসায়ী হাজি ইকবাল হোসাইন এর সহিত মতবিনিময় সভা














# মৌলভীবাজার জেলাবাসীর পক্ষ থেকে বিশিষ্ট্য ব্যবসায়ী হাজি ইকবাল হোসাইন এর সহিত মতনিবিময় সভা























## ম্যানহাটানের কনজেশন জোনে গাড়ি ঢুকলেই ১৫ ডলার

(প্রথম পাতার পর)

হবে ২৪ ডলার থেকে ৩৬ ডলার পর্যন্ত। ট্রাক বা মালবাহী এসব গাড়ির আকার ভেদে এই অর্থ নির্ধারিত হবে। যেসব বাস কমিউটার সার্ভিস দিচ্ছে সেগুলো এই চার্জের বাইরে থাকবে। তবে এর বাইরের যে কোনো বাসকেও দিতে হবে ২৪ ডলার থেকে ৩৬ ডলার পর্যন্ত কনজেশন চার্জ। আর কেউ মোটরবাইক নিয়ে প্রবেশ করলে তার জন্য চার্জ ধরা হবে যাত্রিবাহী গাড়ির অর্ধেক। তবে তাদের দিনে একবারই এই অর্থ পরিশোধ করতে হবে।

প্রতিটি গাড়ি যখন ডিস্ট্রিক্টে ঢুকবে তখনই এই অর্থ নিয়ে নেওয়া হবে। আর ভোর ৫টা থেকে রাত ৯টা পর্যন্ত এই চার্জ কার্যকর করা হবে। সপ্তাহান্ত গুলোতে তা হবে সকাল ৯টা থেকে রাত ৯টা পর্যন্ত। এর বাইরে রাত্রিকালে এই রেট ৭৫ শতাংশ কমিয়ে ধার্য করা হচ্ছে। এ সংক্রান্ত একটি খসড়া এরই মধ্যে চূড়ান্ত করা হয়েছে। যার বরাত দিয়ে এনওয়াইওয়ান এই খবর দিচ্ছে।

কুইন্সের মিডটাউন, হাফ এল ক্যারি, হল্যান্ড ও লিঙ্কন টানেল দিয়ে যারা ম্যানহাটনে ঢুকবে তাদের ক্ষেত্রে ডে টাইম টোল হিসেবে বাড়তি আদায় করা হবে যাত্রীবাহী গাড়ি ৫ ডলার, মোটর সাইকেল ২.৫০ ডলার, ছোট ট্রাক ১২ ডলার ও বড় ট্রাক ও ট্যুর বাসের ক্ষেত্রে ২০ ডলার।

ইয়ালো ট্যাক্সির জন্যও এই চার্জ প্রতি রাইডে ধরা হবে। সেক্ষেত্রে রাইড প্রতি ইয়ালো ক্যাব পরিশোধ করবে ১.২৫ ডলার। আর উবার ও লিফট এর ক্ষেত্রে এই চার্জ হবে ২.৫০ ডলার।

বিশেষ সরকারি গাড়ি এই টোলের আওতামুক্ত থাকবে।

কনজেশন প্রাইসিংয়ের এই সিদ্ধান্ত তার প্রথম ধাপে রয়েছে। পরে এটি এমটিএ বোর্ডের কাছে যাবে। পরে জনগণের রিভিউর জন্য ৬০ দিন সময় দেওয়া হবে। বোর্ড চাইলে চূড়ান্ত অনুমোদনের আগে কনজেশন চার্জ কমাতে বা বাড়াতে পারবে। টোল থেকে আদায়কৃত এই অর্থে এমটিএ বছরে ১ বিলিয়ন ডলার আয় করতে পারবে বলে ধারণা করা হচ্ছে।

## মেয়রের ডিসেম্বরেই ৫ লাখ ডলার তহবিল প্রয়োজন

(প্রথম পাতার পর)

এরই মধ্যে মেয়রে মোবাইলফোন ও অপর একটি ইলেক্ট্রনিক ডিভাইসে পরীক্ষা চালিয়েছে কেন্দ্রীয় এই গোয়েন্দা সংস্থাটি। এদিকে বিষয়টিতে মোকদ্দমা লড়তে মেয়র এরিক অ্যাডামস তার প্রস্তুতি নিচ্ছেন। আগামী দুই সপ্তাহের মধ্যে এ জন্য তিনি প্রায় অর্ধ মিলিয়ন ডলার তহবিল তৈরিতে কাজ করছেন। সূত্রের বরাতে নিউইয়র্ক পোস্টের খবরে বলা হয়েছে, মধ্য ডিসেম্বরের মধ্যে ৫ লাখ ডলার তোলার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন মেয়র এরিক অ্যাডামস।

এ লক্ষ্যে একটি ট্রাস্ট গঠন করা হয়েছে, এবং সেখানে শিগগিরই ডোনেশন নেওয়া শুরু হবে, বলেছেন অ্যাডামসের ক্যাম্পেই অ্যাটর্নি ভিটো পিটা। তিনি বলেন, আমরা নগরবাসীর জোর সমর্থনই প্রত্যাশা করছি। এই তহবিলে ওঠা অর্থ দিয়েই মেয়র তার আইনি লড়াই চালাবেন। এটর্নিদের অর্থ পরিশোধ করা হবে।

সাধারণ ক্যাম্পেইন তহবিল থেকে অর্থ ব্যয়ের সুযোগ না থাকায় নতুন এই ডোনেশন সংগ্রহের উদ্যোগ নিতে হয়েছে মেয়রকে। যার মাধ্যমে তিনি যে কোনো অনুদানপ্রদানকারীর কাছ থেকে সর্বোচ্চ ৫০০০ ডলার পর্যন্ত অর্থ নিতে পারবেন।

এর আগের মেয়র বিল ডি বাজিও এমন একটি তহবিল গঠনের উদ্যোগ থেকে ৩০০,০০০ ডলার তুলতে সক্ষম হয়েছিলেন। সেবারও একটি সম্ভাব্য ক্যাম্পেইন অর্থায়নে অনিয়মের অভিযোগ তদন্ত চলছিলো। তবে তাতে মেয়রের বিরুদ্ধে কোনো অভিযোগ প্রমাণিত হয়নি।

## কুইন্সে ছুরিকাঘাতে ৪ জনের মৃত্যু

(প্রথম পাতার পর)

একটি বাড়িতে ছুটে যায়। সেখানে তখনো হামলাকারী সেখানে ছুরি হাতে অবস্থান করছিলেন।

পুলিশ জানায়, ফোন কল করেছিলেন যিনি তিনি জানিয়েছিলেন যে, তার কাজিন তাদের পরিবারের ওপর হামলা চালিয়েছে। এনওয়াইপিডির কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়ে দেখতে পান এক ব্যক্তি একটি লাগেজ ড্রাইভওয়ে দিয়ে টেনে নিয়ে যাচ্ছেন। পুলিশ তাকে প্রশ্ন করতে শুরু করলে সেই ব্যক্তি একটি ছুরি বের করে দুই পুলিশ অফিসারকে জখম করেন। এদের মধ্যে একজনের ঘাড়ে ও একজনের মাথায় জখম হয়। তখন একজন অফিসার তাকে গুলি করে। পরে কাছের একটি হাসপাতালে নেওয়া হলে তাকে মৃত ঘোষণা করা হয়।

অন্য যে পুলিশ কর্মকর্তারা ঘটনাস্থলে ছিলেন তারা বাড়ির সামনে দেখতে পান একটি শিশু মেঝেতে পড়ে আছে। ১১ বছরের মেয়ে শিশুটিকে কোহেন চিলড্রেন মেডিক্যাল সেন্টারে নেওয়া হলে তাকে মৃত ঘোষণা করেন চিকিৎসকরা।

এনওয়াইপিডির গোয়েন্দা বিভাগের প্রধান জোশেফ কেনি ব্রিফিংয়ে এসব তথ্য জানান। তিনি জানান, এনওয়াইপিডির কর্মকর্তারা তখনই বাড়ির ভেতরে ঢুকতে পারেন নি, কারণ সেটির ভেতরে আগুন জ্বলছিলো। পুলিশ মনে করছে সন্দেহভাজন ব্যক্তিটি বাড়ির ভিতরে বিছানায় আগুন ধরিয়ে ঘটনাস্থল ছেড়ে যাচ্ছিলেন।

এনওয়াই ফায়ার ডিপার্টমেন্টের কর্মকর্তারা ঘটনাস্থলে পৌঁছানোর পর তারা বাড়ির ভেতর থেকে আরও তিনটি মরদেহ উদ্ধার করে। এদের একটি ১২ বছরের বালক, একজন ৪৪ বছরের নারী ও ৩০ বছরের এক ব্যক্তির লাশ, জানান কেনি। ৬১ বছর বয়সী এক বৃদ্ধাকে গুরুতর জখম অবস্থা উদ্ধার করে কাছাকাছি হাসপাতালে পাঠানো হয়।

পুলিশ মনে করছে, ঘটনাটি পারিবারিক দ্বন্দের জেরে ঘটেছে। এবং হতাহতরা একই পরিবারের সদস্য। তবে তাদের নাম তাৎক্ষণিকভাবে প্রকাশ করা হয়নি। হামলাকারী ৩৮ বছর বয়সী। এবং এর আগেও ব্রুকসে গৃহ সহিংসতার জন্য তাকে একবার গ্রেফতার করা হয়েছিলো। পুলিশ ধারণা করছে, ওই ব্যক্তি ব্রুকসে বাস করতেন এবং কুইন্সে পরিবারের সদস্যদের কাছে গিয়ে এই হত্যাকান্ড ঘটিয়েছেন। যে কিচেন স্টেক নাইফটি পুলিশের ওপর হামলায় ব্যবহার করা হয়েছিলো সেটি উদ্ধার করা হয়েছে। তবে একই ছুরি দিয়ে অন্যদের হত্যা করা হয়েছে কিনা তা পুলিশ নিশ্চিত হয়নি। আহত দুই পুলিশ সদস্যকের জ্যামাইকা মেডিকেল সেন্টারে নেওয়া হয়েছে। তারা শঙ্কামুক্ত বলে জানিয়েছে এনওয়াইপিডি।

## গুপ্ত হত্যা, হামলায় নয়া আতঙ্ক

(প্রথম পাতার পর)

আহত হয়ে হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন অনেকে। একই কায়দা-কৌশলে গত এক মাস ধরে দেশের বেশ কয়েকটি জেলায় এ ধরনের ঘটনা ঘটেছে। মাথায় হেলমেট, মুখে মুখোশ পরে নম্বর প্লেটবিহীন মাইক্রোবাস অথবা মোটরসাইকেলে রাতের অন্ধকারে এসে গুপ্ত হামলা করা হচ্ছে।

এর বাইরে রাতের অন্ধকারে মামলার আসামি বিএনপি নেতাকর্মীদের বাসাবাড়িতে ইটপাটকেল নিক্ষেপ, বাড়িঘর ভাঙচুর ও ককটেল বিস্ফোরণের মতো ঘটনা ঘটছে। কিন্তু কোনো ঘটনায়ই থানায় অভিযোগ ও মামলা হচ্ছে না। অনেক ঘটনায় পুলিশ স্বপ্রণোদিত হয়ে মামলা ও তদন্ত করলেও এসব ঘটনায় এমন কিছু লক্ষ্য করা যায়নি।

অপরাধ বিশ্লেষকরা বলছেন, গুপ্তহত্যা ও হামলার ঘটনায় নিরপরাধ মানুষ ভুক্তভোগী হয়। যারা এ ধরনের ঘটনা ঘটায় তাদের চিহ্নিত করে আইনের আওতায় আনা প্রয়োজন এবং কাজটি আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের করতে হবে। ভুক্তভোগীরা অনেক সময় ভয় ও হয়রানির কারণে মামলা করে না। এ ক্ষেত্রে পুলিশ স্বপ্রণোদিত হয়ে মামলা ও তদন্ত করে অপরাধীদের শাস্তির আওতায় আনতে পারে। গত ১৯শে নভেম্বর সীতাকুন্ডের কুমিরা ইউনিয়নের যুবদল সভাপতি মো. আলমগীরের বাড়িতে হামলার ঘটনা ঘটেছে।

তার বাড়িতে স্ত্রী মরিয়ম বেগম ৩ সন্তান নিয়ে থাকেন। গভীর রাতে মুখোশধারী লোকজন হামলা করে। হামলার সময় ইট পাটকেল নিক্ষেপ এবং রকেট ফ্লেয়ার বিস্ফোরণ করে ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি করে। মরিয়ম বেগম জানিয়েছেন, রাত ৩টায় বিকট শব্দে ঘুম ভাঙে। জেগে দেখি একের পর এক ককটেল, ইটের টুকরা এসে ব্যালকনিতে পড়ছে। জানালা ভেঙে টুকরো খাটে এসে পড়ে। হামলায় মরিয়মের ছোট শিশু ও বৃদ্ধ শ্বশুর আহত হন। এই হামলার পর তারা থানায় মামলা বা কোনো অভিযোগ দায়ের করেননি। ৮ই নভেম্বর বিএনপি নেতা আসলাম চৌধুরীর ব্যবসাপ্রতিষ্ঠান সোনালী সিএনজি স্টেশনে হামলা ও ভাঙচুর করে মুখোশধারীরা। ভোর রাতে মাইক্রোবাসে একদল মুখোশধারী হামলা চালিয়ে পালিয়ে যায়। সীতাকুন্ড থানার নিকটবর্তী পৌর বিএনপি'র সাধারণ সম্পাদক সামশুল আলম আজাদের বাড়িতে হামলা করা হয়েছে। সীতাকুন্ডের ঘটনা নিয়ে জানতে চাইলে চট্টগ্রাম জেলা পুলিশ সুপার এসএম শফিউল্লাহ মানবজমিনকে বলেন, গুপ্ত হামলার কোনো অভিযোগ আমার এলাকায় নেই। কেউ যদি সুনির্দিষ্টভাবে অভিযোগ দেয় তদন্ত করে ব্যবস্থা নেবো।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলাতে সবচেয়ে বেশি বিএনপি নেতাকর্মীদের বাড়িঘরে হামলার ঘটনা ঘটেছে। বিএনপি জানিয়েছে, উপজেলার অন্তত ২৯ জন নেতাকর্মীর বাড়িতে হামলা করা হয়েছে। এসব হামলার ঘটনায় পুলিশ কোনো পদক্ষেপ নেয়নি বলে জানিয়েছে বিএনপি। কোম্পানীগঞ্জ উপজেলা যুবদল নেতা জাহিদুর রহমান রাজনের বাড়িতে হামলা ও ভাঙচুরের অভিযোগ আছে। গ্রেপ্তার এড়াতে তিনি আত্মগোপনে আছেন। তার বাড়িতে হামলায় আঘাতের চিহ্নগুলো এখনো রয়েছে। পরিবারের দাবি মধ্যরাতে মোটরসাইকেলে নিয়ে অর্ধশতাধিক লোকজন এসে ককটেলের বিস্ফোরণ ঘটায়। লাঠিসোটা ও ইট নিয়ে হামলা চালায়। কোম্পানীগঞ্জ উপজেলা বিএনপি'র সদস্য সচিব মামুদুর রহমান রিপনের বাড়িতে হামলার অভিযোগ আছে। বাড়ির প্রধান ফটকে হামলার চিহ্ন রয়েছে। প্রাচীরের উপর বাতিটিও ভাঙা রয়েছে। প্রধান ফটকের দরজাটিও খুলে নিয়ে গেছে বলেও অভিযোগ করেন রিপন। একই উপজেলা ছাত্রদল নেতা সাহেদের বাড়িতে হামলা হয়েছে। সেখানে ঘরে জানালায় ও টিনের বেড়ায় আঘাতের চিহ্ন রয়েছে। সাহেদের পিতা জানান, ককটেল ফাটিয়ে এ হামলা চালানো হয়েছে।

২৯ অক্টোবর রাজশাহীর চিকিৎসক গোলাম কাজেম আলী চেম্বার থেকে রোগী দেখে মোটরসাইকেলযোগে বাসায় ফিরছিলেন। রাত পৌনে ১২টার দিকে একটি মাইক্রোবাস তার গতিরোধ করে। পরে মাইক্রোবাস থেকে মুখোশধারীরা নেমে ডাক্তার কাজেমের বুকে ছুরিকাঘাত করে পালিয়ে যায়। একই রাতে পল্লী চিকিৎসক এরশাদ আলীকে তার ফার্মেসি থেকে অপহরণ করে নিয়ে যায়। পরদিন সকালে তার মৃতদেহ পাওয়া যায়। গত ১৮ই নভেম্বর রাত ৯টায় নওগাঁ শহরের রাজাকপুর এলাকায় বাড়ি ফেরার পথে পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড বিএনপি নেতা কামাল আহমেদকে মুখোশধারীরা কুপিয়ে হত্যা করে। নওগাঁয় এ ধরনের আরও ৪টি গুপ্ত আক্রমণে আহত হন স্থানীয় যুবদল ও বিএনপি নেতা আনোয়ার হোসাইন, জাহিদুর রহমান এবং আবু রায়হান। গত সেপ্টেম্বর মাসের শেষ থেকে এখন পর্যন্ত পাবনা, নাটোর, নওগাঁ এবং রাজশাহীতে কমপক্ষে ১৮টি গুপ্ত হামলার ঘটনা ঘটেছে। এসব হামলায় দু'জন বিএনপি'র এবং দু'জন জামায়াতের নেতাকর্মী নিহত হয়েছেন। গত এক মাসে নাটোরে ১০টি এবং রাজশাহীতে ৩টি গুপ্ত হামলার ঘটনা ঘটেছে। রাজশাহীর ৩টি হামলার ঘটনায় জামায়াতের দু'জন গুপ্ত হত্যার শিকার হয়েছেন। নওগাঁয় সবচেয়ে বেশি হামলার ঘটনা ঘটেছে রানীনগর উপজেলায়। রানীনগরে ৩টি, আত্রাই ও নওগাঁ সদর উপজেলায় একটি দুটি করে ঘটনা ঘটেছে। এসব হামলার ঘটনায় এখন পর্যন্ত দুটি মামলা হয়েছে। মামলায় কোনো আসামির নাম উল্লেখ করা হয়নি। তবে এখন পর্যন্ত একটি ঘটনায় জড়িত সন্দেহে দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

স্থানীয় সূত্রে জানা গেছে, গত ১৬ই অক্টোবর থেকে ১৭ই নভেম্বর পর্যন্ত নাটোর জেলার নলডাঙ্গা উপজেলা, সিংড়া উপজেলা, সদর উপজেলা এবং লালপুর উপজেলায় মোট ১০টি চোরাগুপ্তা হামলার শিকার হয়েছেন বিএনপি'র ৩ জন, জামায়াতে ইসলামীর ৬ জন এবং ইসলামী আন্দোলন বাংলাদেশের ১ জন।

এদিকে, উল্টো গুপ্ত হামলার শিকার ব্যক্তিদের গ্রেপ্তার করছে পুলিশ। নাটোরের নলডাঙ্গা উপজেলায় মুখোশধারীদের গুপ্ত হামলার শিকার এক ইসলামী বক্তাকে বিশেষ ক্ষমতা আইন ও বিস্ফোরকদ্রব্য আইনে করা মামলায় গ্রেপ্তার করেছে পুলিশ। গত শুক্রবার জুমার নামাজের পরপরই তাকে গ্রেপ্তার করা হয়। নলডাঙ্গা থানার উপ-পরিদর্শক আরিফুল ইসলাম বাদী হয়ে করা গত ২০শে নভেম্বর মামলায় তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ব্যক্তির নাম আবু নওশাদ নোমানী (৩৩)। তিনি নাটোরের নলডাঙ্গা উপজেলার বাঁশিলা গ্রামের ময়েজ উদ্দিনের ছেলে। গত ১৬ই অক্টোবর রাতে নলডাঙ্গা-বাঁশিলা সড়কে তিনি গুপ্ত হামলার শিকার হন। মুখোশধারীরা রড দিয়ে পিটিয়ে হাত-পা ভেঙে দিয়ে রাস্তায় ফেলে যায়। এ ঘটনায় একটি মামলা হলেও কেউ গ্রেপ্তার হয়নি।

অপরাধ বিশ্লেষক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষক তৌহিদুল হক মানবজমিনকে বলেন, আমাদের দেশে নির্বাচনী প্রতিযোগিতা ক্রমাস্বয়ে প্রতিহিংসা ও বিরোধপূর্ণ অবস্থায় দাঁড়িয়েছে। নির্বাচনী মাঠে দলের কেউ যদি প্রতিদ্বন্দ্বিতা করে এবং বিরোধীদলীয় কেউ থাকলে তাকেও সরানো না গেলে হবে না। পুরো নির্বাচনী মাঠকে নিজের নিয়ন্ত্রণে আনার প্রতিযোগিতা চলে। যতগুলো গুপ্তহত্যা ও হামলার ঘটনা ঘটছে তার প্রেক্ষাপটগুলো একই। ব্যক্তি নিজে যদি তার সুবিধার জন্য কাউকে হত্যা, হামলা বা ভাঙচুরের মতো ঘটনা ঘটায় তাহলে অভ্যন্তরীণ আইনশৃঙ্খলার অবনতি ঘটবে। আইনের শৃঙ্খলা ভেঙে পড়লে কেউ আর আইনের প্রতি শ্রদ্ধা রাখবে না। তিনি বলেন, বিরোধী দলীয় নেতাকর্মীদের বাড়িতে হামলা, ভাঙচুর ও ভয়ভীতি দেখানোর মতো অগণতান্ত্রিক পরিস্থিতি বা নির্বাচনকে সামনে রেখে একটা অপসংস্কৃতির যে চর্চা শুরু হলো সেটি কোনো দল না দেশের সামগ্রিক পরিবেশকে নষ্ট করবে।

নিরাপত্তা বিশ্লেষক ও সাবেক নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এম সাখাওয়াত হোসেন মানবজমিনকে বলেন, আমিও এসব বিষয় পত্রিকার খবরের মাধ্যমে জেনেছি। সামনে নির্বাচন। এ সময় পুলিশ প্রশাসন কেন এসব বিষয় গুরুত্ব দিচ্ছে না, তদন্ত করছে না সেটি দেখার বিষয় নির্বাচন কমিশনের। কারণ কমিশন এখন পুলিশ প্রশাসনকে পরিচালিত করতে পারে। মূল বিষয় হচ্ছে বিরোধী হউক আর পক্ষের হউক সেটি কথা না। এ ধরনের ঘটনায় নির্বাচনী পরিবেশ নষ্ট হবে। এখন থেকে এই অবস্থা হলে ভয়ে ভোটাররা ভোট দিতে আসবে না। তাই আমি মনে করি নির্বাচন কমিশনেরও বিষয়গুলো দেখা দরকার। যেসব এলাকায় ঘটনা ঘটছে সেসব এলাকায় পুলিশ সুপার-ডিসি আছেন। তারা নির্বাচন কমিশনের নির্দেশে চলার কথা। আর নির্বাচনী পরিবেশ সৃষ্টি করে দেয়া তাদের দায়িত্ব। ভোটার যে দলেরই হউক। ভোট দেয়ার অধিকার তার আছে। যারা কোনো দল করেন না কিন্তু ভোটার এমন ব্যক্তিরাও ভয় পাবে। তিনি বলেন, পুলিশ অ্যাকশন না নিলে সরকার ও সরকারি দলের ক্ষতি হবে। দেশে-বিদেশে বদনাম হবে।

পুলিশ সদর দপ্তরের ডিআইজি (অপারেশন) আনোয়ার হোসেন মানবজমিনকে বলেন, ঘটনা ঘটলে অবশ্যই মামলা হবে। যেখানে খুনের ঘটনা ঘটবে সেখানে মামলা হতেই হবে। কেউ না হলে পুলিশ বাদী হয়ে মামলা করবে। খুনের ন্যাচার দেখে যদি মনে হয় আঘাত করে খুন করা হয়েছে সেক্ষেত্রে সরাসরি হত্যা মামলা হবে। যেক্ষেত্রে মৃত্যু নিয়ে সন্দেহ থাকবে তখন একটি মামলা নিয়ে পোস্টমর্টেম রিপোর্ট সংগ্রহ করে মৃত্যুর কারণ শনাক্ত করতে হবে।

বিএনপি নেতাদের বাসায় হামলার বিষয়ে তিনি বলেন, নেতাদের বাসায় হামলা কেন হবে? প্রতিটা ঘটনাই তদন্ত করে দোষীদের চিহ্নিত করতে হবে। প্রত্যেকটা ঘটনাকে গুরুত্ব দিয়ে দেখার জন্য সবক'টি ইউনিটকে বলে দিয়েছি। কোনো ধরনের বিশৃঙ্খলা যাতে কোথাও না হয়।


নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

নতুন বছর উপলক্ষে ৫০% সেল

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই



স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

নিউইয়র্কের বাসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

এই অত্যাধুনিক সিস্টেমে আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



তোফায়েল চৌধুরী (লিটন)




আমাদের কল করুন

914-222-9477 or 914-989-0089

GREE MECHANICAL YONKERS

Gree Mechanical Yonkers

1900 Central Park Ave, Yonkers NY 10710

# Anniversary Gala Dinner

Dear Sir/Madam

*It's our great pleasure to invite you to join the **Time Television**'s 9th and Weekly **Bangla Patrika**'s 27th anniversary program as a guest and sponsor. We will greatly appreciate if you kindly accept our invitation and confirm your attendance through an email or phone call.*
*We look forward to hearing from you soon.*

***Chief Guest***
*Honorable Congressman*
***Hakeem Jeffries***
*New York's 8th Congressional District*
*and House Democratic Leader*

*Date, Venue & time*

FRIDAY 4-11 PM | DEC 15 | 2023

TIBETAN COMMUNITY CENTER
57-12, 32ND AVE, WOODSIDE, NY 11377

TiME television
বাংলা পত্রিকা

Abu Taher
CEO: TIME TELEVISION
EDITOR: BANGLA PATRIKA
RSVP: (718)-753-0086






# ঠাকুরগাঁও ওয়েলফেয়ার ফাউন্ডেশন ইউএসএ'র থ্যাঙ্কসগিভিং ডে উদযাপন

**বাংলা পত্রিকা ডেস্ক:** আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশের মধ্যে দিয়ে উদযাপিত হয়েছে ঠাকুরগাঁও ওয়েলফেয়ার ফাউন্ডেশন ইউএসএ'র ঐতিহ্যবাহী থ্যাঙ্কসগিভিং ডে। গত ২৩ নভেম্বর বৃহস্পতিবার নিউইয়র্কে উডসাইডস্থ কুইন্স প্যালেস মিলনায়তনে বর্ণাঢ্য এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, দু'শ বছরেরও বেশী সময় থেকে যুক্তরাষ্ট্রে 'থ্যাঙ্কসগিভিং ডে অর্থাৎ ধন্যবাদ দিবস' পালিত হয়ে আসছে। জাতি, ধর্ম-বর্ণ নির্বিশেষে সবার প্রিয় উৎসব থ্যাঙ্কসগিভিং ডে। ফেডারেল হলিডের এ দিনটিকে ঘিরে যুক্তরাষ্ট্র জুড়েই চলে নানা উৎসব আয়োজন। এই দিনের প্রধান আয়োজন টার্কি ডিনার বা টার্কি লাঞ্চ। এদিনের প্রধান খাদ্য রোস্টেড টার্কি। সেই সাথে থাকে ক্র্যানবেরি সস, ম্যাসড পটেটো, বেকড গ্রিন বিন, সুইট এন্ড সাওয়ার কর্ন, রাইস, পাপায়া রেলিশ, এ্যাপল ক্রিস্পসহ হরেক রকমের খাবার। এদিনটিতে জীবনে সবকিছু প্রাপ্তির জন্য বিশ্বাসীরা সৃষ্টিকর্তার কাছে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন, ধন্যবাদ দেন। বিগত বছরের শষ্য ও অন্যান্য ব্লেসিংসের জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। থ্যাংকসগিভিং ডে'র পরের দিন ব্ল্যাক ফ্রাইডে। এই দিনটি বছরের সবচেয়ে বড় শপিং ডে। সবচেয়ে বড় সেল ডেও।

ঠাকুরগাঁও ওয়েলফেয়ার ফাউন্ডেশন ইউএসএ প্রতিবারের মত এবারেও সকলের জন্য থ্যাঙ্কসগিভিং ডে উদযাপনে অনুষ্ঠানমালার আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাপ্তাহিক আজকাল সম্পাদক ও গোল্ডেন এজ হোম কেয়ার এবং এনওয়াই ইন্স্যুরেন্স এবং নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব'র প্রেসিডেন্ট শাহ নেওয়াজ।

ঠাকুরগাঁও ওয়েলফেয়ার ফাউন্ডেশন ইউএসএ ইনক'র সভাপতি মোস্তফা কামাল মিল্টনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ রুহুল আমিনের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঠাকুরগাঁও ওয়েলফেয়ার ফাউন্ডেশন ইউএসএ ইনক'র প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি ডা. চৌধুরী সারওয়ারুল হাসান, সাবেক সভাপতি ডা. আব্দুল লতিফ, ডা. চৌধুরী এম হাসান, পঞ্চগড় জেলা কল্যাই সমিতির প্রতিষ্ঠাতা ও সাবেক সভাপতি আব্দুল মতিন ও বর্তমান সভাপতি দবিরুল ইসলাম, প্রখ্যাত চলচিত্র অভিনেতা আহমেদ শরীফ প্রমুখ।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিএনপি নেতা আব্দুল লতিফ, আহসান উল্লাহ ফিলিপ, মো: আব্দুল গফুর, প্রফেসর মো: রেজাউল করিম, রফিকুল ইসলাম ডলার, রোসানা বেগম বাবলী, তুষার কান্তি বর্মন, রাব্বী মামুন, মো: আব্দুস সালাম প্রমুখ।

এদিকে পুরো অনুষ্ঠান জুড়েই ছিল উদসব আমেজ। এই আয়োজনে প্রবাসী ঠাকুরগাঁওবাসী ছাড়াও কমিউনিটি এক্টিভিস্ট, ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষজন উপস্থিত ছিলেন। বক্তাগণ এ ধরণের আয়োজনকে স্বাগত জানিয়ে বলেন, এটি আমাদের একত্রিত হবার সুযোগ করে দিয়েছে, দিয়েছে সকল প্রাপ্তির জন্য ধন্যবাদ জ্ঞাপনের সুযোগ। বক্তাগণ এ ব্যতিক্রমে আয়োজনের জন্য ঠাকুরগাঁও ওয়েলফেয়ার ফাউন্ডেশনকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠান ছিল হরেক রকমের মজাদার খাবারের আয়োজন। খাবারের পাশাপাশি মঞ্চে চলে জনপ্রিয় শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান। অভিনেতা আহমেদ শরীফের সহধর্মিনী জনপ্রিয় কণ্ঠশিল্পী মেহেরুন্নেসা ও নাজু আকন্দ একের পর এক সঙ্গীত গেয়ে উপস্থিত সকলকে মুগ্ধ করেন। মধ্যরাত পর্যন্ত শিল্পীদের অসাধারণ পরিবেশনা।

থ্যাঙ্কসগিভিং ডে উদযাপনে আরো সহযোগিতায় ছিলেন মোঃ তাজুল ইসলাম, মোঃ রেজাউল করিম, এ এইচ এম মোস্তফা কামাল (মিল্টন), মোঃ কায়সার, মোঃ মোস্তফা কামাল (মামুন), রাজু আশরাফ, আসাদ চৌধুরী, নাসরিন মতিন, পজিরুল ইসলাম, আব্দুস সোবহান, রবিউল ইসলাম, মনিরুজ্জামান রিনু, মাহবুবুর রায়হান (বাবু), রিংকু ইসলাম, প্রিন্স চৌধুরী, মোঃ রেজওয়ানুল ইসলাম, রিনা চক্রবর্তী, টিনা জাকারিয়া, জাহাঙ্গীর আলম, রহমত আলী, আমীর হোসেন, নিশাত সালসাবিল ও অইয়ুদ জাহাঙ্গীর রুদ্র, মোঃ আব্দুল গফুর, রফিকুল ইসলাম (ডলার), হাসিনা লতিফ, রোকসানা বেগম (বাবলি), শরিফুল ইসলাম, তুষার কান্তি বর্মন, রাব্বি মামুন, মোঃ আব্দুস সালাম প্রমুখ।

শেষে সভাপতি মোস্তফা কামাল (মিল্টন) ও সাধারণ সম্পাদক মোঃ রুহুল আমিন উপস্থিত সকলকে অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। একইসাথে এ অনুষ্ঠানকে ঘিরে যারা বিভিন্নভাবে সাহায্য-সহযোগিতা করেছেন তাদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করেন। -প্রেস বিজ্ঞপ্তি।





প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন

**STAR Photography**

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

**NEHER SIDDIQUEE** MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

---

গ্রেটার বাফেলোর বাংলাদেশী কমিউনিটি সহ অন্যান্য খবর জানতে

বাফেলোর প্রথম এবং একমাত্র বাংলা সংবাদপত্র

**বাফেলো বাংলা**

পড়ুন

www.buffalobangla.com

---

# হোমিও চিকিৎসা



## এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, **Autism, Autistic,** শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

**আপনি কি যৌন সমস্যায় ভুগছেন**
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

## Homeopathy & Herbal

72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

---

# পার্কচেস্টারে

## অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

---

# ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

**Tri-Boro Terrace Realty**
31-08, Astoria Boulevard, Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
**Cellular: (646) 732-9150**
E-Mail: tusherb@aol.com

**Tusher Bhuiyan**
*Licensed Real Estate Agent*

Each Office is Independently Owned and Operate

MLS

---

# ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

**ASTORIA PHARMACY**
30-14 30th Ave. Astoria, NY 11102
**Ph: 718-278-3772**
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

**JACKSON HEIGHTS PHARMACY**
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
**Ph: 718-779-1444**
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

**LONG ISLAND CITY CHEMISTS**
30-12 36th Ave. Long Island City, NY 11106
**Ph: 718-392-8049**
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

**OPEN**
10 am - 10 pm
Monday to Friday
**Saturday**
10 am - 5 pm

# মুক্তিযুদ্ধ চূড়ান্ত অধ্যায়ে রূপ লাভ করে

(প্রথম পাতার পর)

যৌথভাবে পাল্টা বিমান হামলা পরিচালনা করে পাকিস্তানের বিরুদ্ধে। ফলে মুক্তিযুদ্ধ সর্বাত্মক রূপ লাভ করে। মুক্তিযুদ্ধ চূড়ান্ত অধ্যায়ের দিকে প্রবেশ করে ১৯৭১ সালের আজকের এই দিন থেকে।

১৯৭১ সালের আজকের এই দিনে পাকিস্তান বিমানবাহিনী ভারতের আগরতলা, অমৃতসর, পাঠানকোট, শ্রীনগর, অবন্তিপুর, উত্তরলাই, যোধপুর, আম্বালা এবং আগ্রা বিমান ঘাঁটিতে আক্রমণ চালায়। বিকেলে কলকাতা প্যারেড গ্রাউন্ডে এক জনসভায় ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী ভাষণদানকালে বিমান হামলার খবর পান। দিল্লি ফিরে তিনি রাতে আকাশবাণী দিল্লি বেতার কেন্দ্র থেকে জাতির উদ্দেশে ভাষণ দেন। ভাষণে তিনি বলেন, 'আজ বাংলাদেশের যুদ্ধ ভারতের যুদ্ধে পরিণত হয়েছে'। ভাষণের আগে রাষ্ট্রপতি ভি ভি গিরি ভারতে জরুরি অবস্থা জারি করেন। ভরতীয় পূর্বাঞ্চল কমান্ডার লে. জে. জগজিৎ সিং অরোরার অধিনায়কত্বে ঘোষিত হয় বাংলাদেশ-ভারত যুক্ত কমান্ড। ভারতীয় সশস্ত্রবাহিনী মিত্রবাহিনী নাম নিয়ে বাংলাদেশে প্রবেশ করে মুক্তিবাহিনীর সাথে যোগ দিয়ে পাকিস্তানের বিরুদ্ধে বিমান হামলা শুরু করে। সব রুট দিয়ে তারা বাংলাদেশে প্রবেশ করে। এর পর অবিরাম বিমান হামলা চালিয়ে বাংলাদেশের সব বিমান ঘাঁটি অচল করে দেয়। কুর্মিটোলা এয়ারপোর্টে ৫০ টন বোমা ফেলা হয়। পাকিস্তানের এক ডজনের উপর বিমান বিধ্বস্ত হয়। বাংলাদেশের মুক্তিযোদ্ধাদের সাথে যুক্ত হওয়া ভারতীয় বিমান হামলায় পাকিস্তান সেনাবাহিনী অনেকটা অবরুদ্ধ হয়ে পড়ে। শুরু হয় মুক্তিযুদ্ধের চূড়ান্ত অধ্যায়। তবে প্রথমে আক্রমণ সূচনা করে বাংলাদেশ বিমানবাহিনী। রাত সাড়ে ১১টায় নারায়ণগঞ্জের গোদনাইল এবং চট্টগ্রামের দুটি ফুয়েল পাম্প ধ্বংস করা হয়। এরপর ভারত-বাংলাদেশ বিমানবাহিনীর আক্রমণ চলে চাঁদপুর, কুমিল্লা, কক্সবাজার এলাকায়।

যুদ্ধের এ পরিস্থিতিতে পাকিস্তানের সামরিক শাসক জেনারেল ইয়াহিয়া খান মার্কিন প্রেসিডেন্ট নিক্সনকে চিঠি পাঠান। চিঠিতে তিনি ১৯৫৯ সালের পাক-মার্কিন চুক্তি অনুযায়ী বাংলাদেশে সামরিক হস্তক্ষেপের অনুরোধ জানান।

# মিসবাহ স্বতন্ত্র প্রার্থী, চাপে পররাষ্ট্রমন্ত্রী মোমেন!

(প্রথম পাতার পর)

কখনোই দলীয় নির্দেশনার বাইরে যাননি তিনি। নির্বাচন থেকে বিরত থেকে কাজ করেছেন নৌকার বিজয়ে। কিন্তু এবার দলীয় প্রধান শেখ হাসিনা তৃণমূলে জনপ্রিয়তা যাচাইয়ে নেতাদের সুযোগ দিয়েছেন। যারা স্বতন্ত্র প্রার্থী হচ্ছেন তাদের বিরুদ্ধে দল কোনো ব্যবস্থা নিচ্ছে না। ঘোষণা করা হচ্ছে না বিদ্রোহী হিসেবে। আর তারই সুযোগ নিয়েছেন সিলেটে তৃণমূলে জনপ্রিয় নেতা মিসবাহ উদ্দিন সিরাজ।

দলের শীর্ষ নেতারা অবশ্য প্রকাশ্যে রয়েছেন ড. মোমেনের পক্ষে। তার পক্ষেই চালাচ্ছেন প্রচার-প্রচারণা। কিন্তু আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনের জন্য স্বতন্ত্রদের প্রার্থীদের বিষয়ে নমনীয়তার ইঙ্গিত থাকায় সিলেট-১ ও ৩ দুইটি আসনে মনোনয়ন সংগ্রহ করেন অ্যাডভোকেট মিসবাহ উদ্দিন সিরাজ। দু'টি মনোনয়নপত্র সংগ্রহ করলেও স্বতন্ত্র প্রার্থী হিসেবে সিলেট-১ আসনে নির্বাচন করার প্রত্যাশা ব্যক্ত করেছিলেন তিনি। শেষ পর্যন্ত এই আসনে তার স্বতন্ত্র প্রার্থীতা বাছাই পর্ব অতিক্রম করে চূড়ান্তভাবে নির্ধারিত হয়েছে।

এদিকে এ আসনটিতে আওয়ামী লীগ নৌকা প্রতীকে দলীয় প্রার্থী হিসেবে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনকে আবারও মনোনয়ন দিয়েছে। বিএনপি যদি শেষ পর্যন্ত নির্বাচনে না আসে, তবে এ আসনটিতে ড. মোমেন বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হওয়ার সম্ভাবনা ছিলো। কিন্তু বিএনপি না এলেও ফাঁকা মাঠ পাচ্ছেন না পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। ভোটের লড়াইয়ে পাচ্ছেন নিজ দলের স্বতন্ত্র প্রার্থী। সুতরাং ইতিহাস সৃষ্টি করে সিলেটে ভোট এবার আওয়ামী লীগ বনাম আওয়ামী লীগই হচ্ছে।

সিলেট-১ আসনে স্বতন্ত্র প্রার্থী হওয়ার বিষয়টি নিশ্চিত করে অ্যাডভোকেট মিসবাহ উদ্দিন সিরাজ সাংবাদিকদের বলেন, দলীয় প্রার্থী থাকলেও স্বতন্ত্র প্রার্থী হওয়ার সুযোগ রেখেছেন প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা। তাই নির্বাচনে আসা। তবে নৌকা নিয়ে নির্বাচন করতে পারলে খুশি হতাম। কেননা, নৌকা কেবল আমার দলের প্রতীক-ই নয়, আদশের্র প্রতীক।চ

তিনি বলেন, আওয়ামী লীগের দুঃসময়েও ছাত্ররাজনীতি করেছি। ছাত্র রাজনীতি থেকে জেল-জুলুম সহ্য করে এসেছি। আর ড. মোমেন ৩৭ বছর ছিলেন দেশের বাইরে। পাঁচ বছর আগে দেশে ফিরে তিনি আওয়ামী লীগের মনোনয়ন পেয়ে সংসদ সদস্য নির্বাচিত হন। মন্ত্রিত্ব পাওয়া স্বত্ত্বেও সিলেটের মানুষের জন্য কিছুই করতে পারেননি তিনি। তাই শেষ সময়ে এসে সিলেটের মানুষের জন্য কিছু করে দেখাতে চাই। তৃণমূলের নেতাকর্মীরা ও সাধারণ মানুষ পাশে থাকবেন, আমার বিশ্বাস।

তবে নিজের বিজয় নিশ্চিত করতে সব ধরনের প্রস্তুতি রেখেছেন সিলেট-১ আসনে নৌকা প্রতীকে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। ব্যস্ত সময় কাটছে তার। সিলেটে আওয়ামী লীগের গুরুত্বপূর্ণ নেতারাও রয়েছেন ড. মোমেনের পক্ষে।

দেশের রাজনীতিতে একটি মিথ প্রচলিত রয়েছে, সিলেট-১ আসন থেকে যে দল নির্বাচিত হয়, তারাই সংসদ গঠন করে। স্বাধীনতার পর থেকে সিলেট-১ আসন থেকে নির্বাচিত প্রার্থীর দলই সরকার গঠন করেছে। ফলে এই আসনটি ভোটের রাজনীতিতে বিশেষ গুরুত্ব বহন করে। একাদশ সংসদ নির্বাচনে গুরুত্বপূর্ণ সিলেট-১ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন এ কে আব্দুল মোমেন। এরআগে, টানা দুই মেয়াদে এই আসনের সংসদ সদস্য ছিলেন ড. মোমেনের অগ্রজ সাবেক অর্থমন্ত্রী প্রয়াত আবুল মাল আবদুল মুহিত।

এবারেও হয়তো ব্যতিক্রম কিছু হবে না। যিনি জয়ী হোন না কেনো আওয়ামী লীগেরই হবে। তবে সহজ বিজয়ের মুখে থেকে শেষ পর্যন্ত চাপে পড়ে গেলেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন।

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com
Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing
We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
tax refund
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453

পপুলার ড্রাইভিং স্কুল
Since 1994
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)
OPEN 7 DAYS



- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test
আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ



6 Hours DDC Class
Good For TLC
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.
আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)



- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।
ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি
37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া




যোগাযোগ:
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মুল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com


COMPUTER IT TRAINING
& JOB PLACEMENT
MyTechUSA
"YOUR DREAM BECOME TRUE"
Why "MyTechUSA"
• We "MyTechUSA" Company is taking our community members IT career dream on our Shoulder to make it real!
• After Job Placement we provide continuous support to our students while they are on the Job!
• Our courses are very much affordable! We Pay $500 referral bonus.
• We don't leave our students alone OR leave them behind from the beginning till the end of the course!
DATABASE
ADMINISTRATION
ENGINEERING
Microsoft
Microsoft SQL Server
ORACLE
Azure
mongoDB
NoSQL
Please Contact:
Zia Uddin Ahamed
CEO & President
Phone: 347-597-0885
571-208-5450
813-767-4600
E-mail: ziaahamed@ymail.com


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE N TECH
DevOps
Scrum Master
& Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us

# বাংলাদেশী কমিউনিটির সাথে মতবিনিময়
































(শেষের পাতার পর)

মতবিনিময় করেন। খবর ইউএনএ'র।

অনুষ্ঠানে মেয়র এরিক অ্যাডামস বলেন, এনওয়াইপিডি'র একজন অফিসারর হিসেবে দায়িত্বপালনকালীন সময়ে আমি নিউইয়র্ক সিটি নিয়ে স্বপ্ন দেখি। বলেন, অনেক বছর অগে আমি ফসল রোপন করেছিলাম। সেই ফসল আজ ফল দিচ্ছে। আমি আমার ও জীবনের গল্প থেকেই সিটির মেয়র হয়েছি। তিনি ২০০১ সালের নিউইয়র্ক তথা সমগ্র আমেরিকার বিশেষ পরিস্থিতির কথা স্মরণ করিয়ে বলেন, তখন সিটি এক ভয়াবহ পরিস্থিতির সম্মুখীন হয়েছিলো। মুসলিম কমিউনিটি বিপদগ্রস্ত ছিলো। সেসময় একজন পুলিশ অফিসার হিসেবে এনওয়াইপিডি'র মুসলিম অফিসারদের নিয়ে এটর্নীর অফিসে যাই এবং সহযোগিতা কামনা করি। পরবর্তীতে মুসলিম পুলিশ অফিসার্স এসোসিয়েশন গঠন করা হয়। মেয়র বলেন, নিউইয়র্ক সিটি সকল সম্প্রদায়ের সকল কমিউনিটির সিটি। তাই কোন অবস্থাতেই এই সিটিতে হেইট ক্রাইম প্রশ্রয় দেয়া হবে না। অনুষ্ঠানের আয়োজক গিয়াস আহমেদ নিউইয়র্ক ভিত্তিক বার্তা সংস্থা ইউএনএ প্রতিনিধি-কে জানান, মঙ্গলবার রাতে আমার লং আইল্যান্ডের বাসায় এ মতবিনিময় সভায় যোগ দেন মেয়র এরিক। সন্ধ্যা ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত এই সভা চলে। এসময় মেয়রের জন্য ফান্ড রেইজও করা হয় এবং মেয়র এরিক এডামসকে বাংলাদেশী কমিউনিটির ভালো বন্ধু আখ্যা দেন কমিউনিটি নেতারা। তাকে আবারও সিটি মেয়র পদে নির্বাচিত করার আহবান জানান তারা। মেয়র তার বাসায় পৌছার পর মেয়রকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। পরে তিনি বাংলাদেশী খাবার উপভোগ করেন। গিয়াস আহমেদ ও তার পরিবারের আমন্ত্রনে মেয়রের সম্মানে আয়োজিত এ অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে উপস্থিত ছিলেন বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য আব্দুল লতিফ সম্রাট, বিশিষ্ট ব্যবসায়ী ও যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আসিফ বারী টুটুল, জেবিবিএ'র সাবেক সাধারণ সম্পাদক তারেক হাসান খান, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিক মাকসুদুল হক চৌধুরী, রিয়েল এষ্টেট ইনভেস্টর নূরুল আজিম সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন। এছাড়াও পাকিস্তানী কমিউনিটির কয়েকজন বিশিষ্ট ব্যক্তি অনুষ্ঠানে অংশ নেন এবং মেয়রের সাথে মত বিনিময় করেন। অনুষ্ঠানে অনেকে সপরিবারেও অংশ নেন।

# মিশিগান স্টেটে ভোট ও প্রাক নিবন্ধনের

(শেষের পাতার পর)

নিবন্ধন করার অনুমতি দেওয়া হয়েছে। তারা ১৮ বছর বয়সে স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধিত হবে। এ ছাড়া গভর্নর গ্রেচেন হুইটমার প্রারম্ভিক ভোটের অনুমতিতে সাক্ষর করেন মিশিগান ষ্টেটের স্থানীয় নির্বাচন সহ অন্যান্য নির্বাচনে ভোটাররা ভোটের ৯ দিন আগে থেকে ভোট কেন্দ্রে সশরীরে উপস্থিত থেকে ভোট প্রদান করতে পারবেন।

এপিআই ভোট মিশিগানের নির্বাহী পরিচালক বাংলাদেশী আমেরিকান রেবেকা ইসলাম এবং অন্যান্যরা এই বিলটি বাস্তবে রূপ দেওয়ার ক্ষেত্রে মূল ভূমিকা পালন করেছিলেন। গভর্নর হুইটমার এই সময় রেবেকা ইসলামসহ যারা এটি নিয়ে কাজ করেছেন তাদের সবাইকে বিশেষ ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেট্রয়েট সিটির মেয়র মাইক ডুগান, সেক্রেটারি অফ স্টেট জোসলিন বেনসন, স্টেট সিনেটর স্টেফানি চ্যাং, স্টেট রিপ্রেজেন্টেটিভ জেরেমি মস, হাউস স্পিকার জো টেট অন্যান্য অফিসিয়াল ডেলিগেটরাসহ অনেকে।

# খলিলের কুড়মুড়ে মুচমুচে ঝালমুড়ি

(শেষের পাতার পর)

বাংলাদেশের সবচেয়ে আইকনিক স্ন্যাকসগুলোর মধ্যে অন্যতম হচ্ছে এই ঝালমুড়ি। ভোজন রশিকদের জিভে নতুনত্বের স্বাদ দিতে ব্রঙ্কসের খলিল ফুড কোর্টে নতুন সংযোজন কুড়মুড়ে মুচমুচে ঝালমুড়ি।

বাঙালীর ঐতিহ্য এই ঝালমুড়ি এখন বাজার মাত করেছে লন্ডনেও। আফ্রিকান বংশোদ্ভূত বৃটিশ শেফ অ্যাঙ্গাস ডেনুন ডানকানের হাতের যাদুতে তৈরি ঝালমুড়ি এখন ফ্রায়েড ফিসে অভ্যস্ত বৃটিশ রসনায় বিপুল সাড়া জাগিয়েছে। এখন ইংল্যান্ডের রাস্তা দাপিয়ে বেড়াচ্ছে তার ঝালমুড়ি এক্সপ্রেস। ডানকানের টুইটার এক্সপ্রেস ফলো করে এখন জানতে হয় কোনদিন, কখন, কোথায় থাকবে তার এই ঝাল-মুড়ি এক্সপ্রেস।

ভালোবাসার জন্মভূমি হচ্ছে পেট। পেট খুশ তো দিল খুশ। হৃদয় যদি খুশী থাকে তখন ভালোবাসার নদীতে বান ডাকে। ভালোবাসা কিংবা প্রেম সবগুলোকে সজীব রাখতে বর্ণিল খাবার-দাবারের কোন জুড়ি নেই। বাঙালীর প্রেম ভালোবাসার শুরু বাদাম চিবোতে চিবোতে। দুজনের মাঝখানে বাদামের ঠোঙ্গা রেখে খোসা ছড়িয়ে বাদামি স্বপ্ন উড়িয়েই বাঙালীর রোমান্টিকতা শুরু। তারপর ঝালমুড়ি। রিকসায় হুড তুলে কাঁচা মরিচ, শর্ষের তেল আর টক আচার মাখানো ঝালমুড়ি খাওয়ার যে কি মজা তা রসিক মাত্রই জানেন।

ঝালমুড়ির প্লেট বা ঠোঙ্গা সামনে নিয়ে প্রিয়সঙ্গ উপভোগের জন্য সবাই একটা সুন্দর পরিবেশ চায়। বন্ধুদের সঙ্গে আড্ডায় হোক কিংবা দীর্ঘ প্রতীক্ষিত ফ্যামিলি ডিনার- ভালো খাবার ও সুন্দর পরিবেশ কে না চায়। কাজ ও পড়াশোনার চাপ থেকে কিছুটা মুক্তি পেতে সবাই বন্ধু-বান্ধব কিংবা পরিবারের সঙ্গে কিছু সুন্দর সময় কাটাতে চায়। আর তার সবই আছে ব্রঙ্কসের খলিল ফুড কোর্টে। দেশী বিদেশী নানা খাবারের চমৎকার আয়োজনে সমৃদ্ধ এই খলিল ফুড কোর্টে আছে দেশীয় ঐতিহ্য আর গ্রাম বাংলার আমেজ। উপভোগ করুন ঝালমুড়ি সহ অন্যান্য খাবার। এক ছাঁদের নীচে বসে উপভোগ করুন ঝালমুড়ি, শীতের পিঠা সহ ঐতিহ্যবাহী বাংলাদেশী এবং চাই-নিজ খাবারের স্বাদ। এখানে পার্টি করার ব্যবস্থাও আছে।

'খিদে' নামের একটি ছড়া লিখেছিলেন কানাডা প্রবাসী বাংলাদেশে জনপ্রিয় ছড়াকার লুৎফর রহমান রিটন। ছড়াটি শুরু হয়েছে এভাবে, 'আবদুল হাই/ করে খাই খাই/ এক্ষুণি খেয়ে বলে/ কিছু খাই নাই।'

আশপাশে একটু খুঁজে দেখুন, ছড়ার 'আবদুল হাই'য়ের মতো অনেককেই পাবেন। কানে কানে বলছি এরা কিন্তু সবাই খলিলে একবার হলেও ঘুরে গেছে। এমনি 'আবদুল হাই' হতে পারেন আপনি নিজেও। তা হলে বুঝবেন কিছুক্ষণ আগে খেয়েও আবদুল হাইদের বারবার খিদে লাগে কেন?

# ১৫ ডিসেম্বর বাংলা পত্রিকা ও টাইম

(শেষের পাতার পর)

করা হয়েছে। নিউইয়র্ক সিটির তিব্বতিয়া কমিউনিটি সেন্টারে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন ইউএস কংগ্রেসের প্রভাবশালী সদস্য এবং নিউইয়র্কের কংগ্রেশনার ডিষ্ট্রিক্ট-৮ থেকে নির্বাচিত, হাউজ ডেমোক্র্যাটিক লীডার হাকিম জাফরী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন ইউএস কংগ্রেস ডিষ্ট্রিক্ট-১৬ এর সদস্য জামাল বৌমান। অনুষ্ঠান শুরু হবে সন্ধ্যা ৬টায়। শুধুমাত্র আমন্ত্রিত অতিথিরাই এতে যোগ দেবেন। মিডিয়া দুটির বর্ষপূর্তী উপলক্ষ্যে বাংলা পত্রিকা বিশেষ সংখ্যা প্রকাশ করবে আর টাইম টেলিভিশন প্রচার করবে বিশেষ অনুষ্ঠান।

# বাড়ছে কমিউনিটি,

(শেষের পাতার পর)

কমিউনিটি নেতৃবৃন্দের তথা সংগঠনগুলোর উপর হতাশ-বিশ্রদ্ধ। এক অনুসন্ধানে এসব তথ্য জানা গেছে।

অনুন্ধানে জানা যায়, যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশীদের 'মাদার সংগঠন' হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি ইনক' ছাড়াও দেশের ৬৪টি জেলা থেকে শুরু করে উপজেলা এমন কি ইউ-নিয়ন পর্য়ায়েও সামাজিক সংগঠন রয়েছে এই নি-উইয়র্ক তথা যুক্তরাষ্ট্রে। এমনকি বিশ্ববিদ্যারয় এলামনাই এসোসিয়েশন সহ বাংলাদেশী নানা পেশাজীবিদেরও সংগঠন রয়েছে। বাংলাদেশ সোসাইটি ছাড়াও বৃহত্তর সিলেট বিভাগবাসীদের সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা, গ্রেটার নোয়াখালী সমিতি ইউএসএ, সিলেট জেলার বিয়াসীবাজার উপজেলাবাসীদের সংগঠন বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ, চট্টগ্রাম সমিতি ইউএসএ, সন্দ্বীপ সোসাইটি ইউএসএ, কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি, কুমিল্লা সোসাইটি, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ পুরো সংগঠনগুলোর কর্মকান্ড অগ্যাত কারণে ঝিমিয়ে পড়ছে। পাশাপাশি নতুন সংগঠনগুলোর মধ্যে বাংলাদেশী হিউম্যানেটিরিয়ান এন্ড লীডারশীপ আউটরীচ (ভালো), বাংলাদেশী আমেরিকান সোসাইটি, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি, মুনা প্রভৃতি সংগঠন কমিউনিটি সেবায় কাজ করে প্রবাসীদের দৃষ্টি আকর্ষণ করেছে। এসব সংগঠন/সমিতির উদ্যোগে সভা-সমাবেশ আর বাৎসরিক ইফতার পার্টি বা বনভোজনের আয়োজন করা হলেও কমিউনিটি সেবা তথা সাধারণ প্রবাসীদের কল্যাণে নেই কোন উল্লেখযোগ্য সেবা কার্যক্রম। মহামারী করোনার সময় বাংলাদেশ সোসাইটি সহ হাতেগোনা কয়েকটি সংগঠন প্রবাসীদের পাশে দাঁড়ালেও অধিকাংশ সংগঠনের কোন খবর-ই ছিলো না- এমন গুরুতর অভিযোগ সংশ্লিস্ট প্রবাসীদের।

নিউইয়র্ক সিটির এলমহার্স্টে বাংলাদেশ সোসাই-টির নিজস্ব ভবন থাকলেও অজানা কারণে দৃশ্যত মুখ থুবলে পড়ে রয়েছে সংগঠনটি। একসময় সোসাইটি তার নানা কর্মকান্ডে ছিলো খুবই সচল, ছিলো সোসাইটির বাংলা স্কুল, কম্পিউটার ক্লাশ প্রভৃতি। আজ সোসাইটির এসব কর্মকান্ডের কিছুই সচল নেই। অপরদিকে নির্বাচন ঘিরে মামলা-মোকদ্দমায় জড়িয়ে সোসাইটির হাজার হাজার ডলার খরচ হয়েছে।

অপরদিকে কমিউনিটির অন্যতম বৃহৎ সংগঠন বৃহত্তর সিলেট বিভাগবাসীদের সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা তার 'নিজস্ব ভবন' ক্রয়কে কেন্দ্র করে এই সংগঠনটির নেতৃবৃন্দ আজ বিভক্ত হয়ে পড়েছে। সিলেট জেলার বিয়াসীবাজারবাসীদের সংগঠন বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ'র নিজস্থ ভবন থাকলেও কর্মকান্ডে অতীতের চেয়ে ক্রমশ: নিম্মগামী হচ্ছে সংগঠনটি। চট্টগ্রাম সমিতির নিজস্ব ভবন থাকলেও মূলত: নেতৃত্বের কোন্দলের কারণে মুখ থুবলে পড়ে আছে সংগঠনটি। মামলার জালে আটকে থুবড়ে পড়ে রয়েছে কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন। তবে অন্যান্য সংগঠনগুলোর মধ্যে নিরবে নিভৃত কাজ করে চলেছে গ্রেটার নোয়াখালী সমিতি, ইউএসএ। প্রচার বিমুখ সংগঠনটি সংশ্লিস্ট প্রবাসীদের কল্যানে সাধ্যমত ভূমিকা রেখে চলেছে বলে অনুন্ধানে জানা যায়।

অনুসন্ধানে প্রবাসীরা জানান, আমরা প্রবাসীরা কি শুধু শুধু বনভোজন আর ইফতার পার্টি করার জন্যই কি সংগঠন করছি? এর বাইকে কি আমাদের অন্য কিছু কি করার নেই, আর করলেই বা কি করতে পারি। যুক্তরাষ্ট্রে আমরা কতজন বাংলাদেশী আছি, বা কোন জেলার কত মানুষ তার কি কোন হিসাব বা ডাটা আমরা করতে পেরেছি। কত প্রবাসী কত বিপদে রয়েছে তার কি কোন হিসেব আমাদের কাছে আছে? ইমিগ্রেশ সমস্যায় কয়টি সংগঠন কয়জনের পাশে দাঁড়িয়েছে? আমরা কি একটি কমিউনিটি সেন্টার তৈরী করতে পেরেছি? আমরা কি একটি ঐক্যবদ্ধ কমিউনিটি গড়তে পেরেছি?





### তারিক জামিলের কোলে ছেলে

# যে আবেগঘন বার্তা দিলেন সানা খান


**বিনোদন ডেস্ক:** ইসলামি জীবন পরিপালনের জন্য শোবিজ অঙ্গন ত্যাগ করা সাবেক বলিউড অভিনেত্রী সানা খানের ছেলেকে কোলে তুলে নিলেন পাকিস্তানের বরেণ্য আলেম ও বিখ্যাত ইসলাম প্রচারক মাওলানা তারিক জামিল। সম্প্রতি মাওলানা তারিক জামিলের সঙ্গে সাক্ষাৎ করেন সানা খান ও তার স্বামী মুফতি আনাস। এ সময়ই এ দম্পতি তাদের একমাত্র সন্তানকে তাদের প্রিয় ব্যক্তির কোলে তুলে দেন।

বৃহস্পতিবার (৩০ নভেম্বর) পাকিস্তানের একাধিক সংবাদমাধ্যম জানিয়েছে, সাবেক অভিনেত্রী এ সংক্রান্ত একটি ভিডিও ফটো ও ভিডিও শেয়ারিং প্লাটফরম ইনস্টাগ্রামে শেয়ার করেছেন। সেখানেই সুন্দর এ দৃশ্যটি দেখা যায়। এ সময় সানা খান ও মুফতি আনাসও বেশ হাস্যোজ্জ্বল ছিলেন।

সানা খান ওই ভিডিওর ক্যাপশনে লেখেন– 'জুনিয়র তারিক জামিল হজরত মাওলানা তারিক জামিল সাহেবের সঙ্গে সাক্ষাৎ করছে। বাস্তবেই মাওলানাকে দেখলে আল্লাহকে স্মরণ হয়। কারণ তিনি অনেক উত্তম মানুষ।'

সাবেক অভিনেত্রী আবেগঘন হৃদয়ে মাওলানা তারিক জামিলের প্রশংসা করে লেখেন, তিনি আমার ও এ রকম অনেক মানুষের হেদায়েতের কারণ হয়েছেন। আল্লাহ সর্বদা তাকে যেন নিরাপদে রাখেন এবং সুস্থতা দান করেন। মাওলানা আমাকে 'মেয়ে' বলে সম্মোধন করেন এবং সবসময় আমাকে হিকমতপূর্ণ শব্দমালা দ্বারা সবর করার প্রতি উৎসাহ দেন।'

ওই পোস্টের সবশেষে সানা খান লেখেন, 'মানুষ আপনাকে ভাঙার ও আপনার থেকে শুধুই উপকার হাসিলের চেষ্টা করে। তবে আমাদের আরও শক্তিশালী হওয়া উচিত। আর এটা আল্লাহর তরফ থেকেও পরীক্ষা।'



# মাহি-মমতাজের সঙ্গে লড়তে চান ২৫ প্রার্থী

**বিনোদন ডেস্ক:** দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৩০০ সংসদীয় আসনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ছিল বৃহস্পতিবার (৩০ নভেম্বর)। এদিন পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করেছেন দুই হাজার ৭৪১ জন। এতে অংশ নিয়েছে ৩০টি নিবন্ধিত রাজনৈতিক দল। ইসির পরিচালক (জনসংযোগ) মো. শরিফুল আলম এসব তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে তিনবারের এমপি কণ্ঠশিল্পী মমতাজ বেগম ও চিত্রনায়িকা মাহিয়া মাহির সঙ্গে লড়তে চান ২৫ প্রার্থী। মানিকগঞ্জ-২ আসনে (সিংগাইর-হরিরামপুর ও সদরের একাংশ) মনোনয়নপত্র দাখিল করেছেন মমতাজ বেগম। এই আসনে মমতাজের সঙ্গে লড়তে চান ১৪ প্রার্থী। রাজশাহী-১ (তানোর-গোদাগাড়ী) আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়নপত্র জমা দিয়েছেন চিত্রনায়িকা মাহিয়া মাহি। এই আসনে তার সঙ্গে আরও ১১ প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন। মাহিয়া মাহি চাঁপাইনবাবগঞ্জ-২ (নাচোল-গোমস্তাপুর-ভোলাহাট) আসনে আওয়ামী লীগের মনোনয়ন চেয়েছিলেন। কিন্তু পাননি। শেষমেশ তিনি তার নান-াবাড়ির আসনে (রাজশাহী-১) স্বতন্ত্র প্রার্থী হচ্ছেন। তানোরে শুধু মাহির নানাবাড়িই নয়, এখানেই তার জন্ম ও বেড়ে ওঠা।

# সায়নীর বিয়েতে চিঠি দিয়ে কী বার্তা দিলেন মমতা বন্দ্যোপাধ্যায়

**বিনোদন ডেস্ক:** কলকাতার ফোর্ট উইলিয়ামে ১৫ ডিসেম্বর পাঞ্জাবি রীতি মেনে গুরবিন্দরজিৎ সমরাকে বিয়ে করছেন অভিনেত্রী সায়নী দত্ত। পাত্র নামি একটি বহুজাতিক সংস্থার উচ্চ পদে কর্মরত। দু'জনের পেশা সম্পূর্ণ আলাদা। সায়নী কর্মসূত্রে মুম্বাইয়ে থাকেন। তার হবু স্বামী থাকেন লন্ডনে। তবে বিয়ের অনুষ্ঠান হচ্ছে কলকাতায়।



সায়নী অভিনেত্রী। তার বাবা সুভাষ দত্ত খ্যাতনামা পরিবেশকর্মী। আয়োজনে কোনো কমতি রাখছে না সায়নীর পরিবার। নিমন্ত্রিতের তালিকায় রয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যদিও সায়নীর বিয়েতে আসতে পারবেন না তিনি। তবে উপহার পাঠাতে ভোলেননি মুখ্যমন্ত্রী। বর্তমানে মুম্বাইতে রয়েছেন সায়নী। তবে বিয়ের জন্য শহরে পা রাখার আগে উপহার পেলেন মুখ্যমন্ত্রীর পক্ষ থেকে। কী পেলেন সায়নী?

এ বিষয়ে সায়নী জানান, আমার বাবার সঙ্গে মুখ্যমন্ত্রীর পরিচয় রয়েছে। তাকে নিমন্ত্রণ পাঠানো হয়েছে। কিন্তু তার শরীর খুব একটা ভালো নেই। তাই বিয়ের দিন আসতে পারবেন না। তবে তিনি আমার জন্য হাতে লেখা চিঠি পাঠিয়েছেন। আর এটিই আমার বিয়ের সব থেকে বড় উপহার। সবাই তো সোনা-গহনা-শাড়ি দেন, তবে এই চিঠি যে কতটা স্পেশাল বলে বোঝাতে পারব না। তবে চিঠির সঙ্গে অন্য বেশ কিছু উপহারও পাঠিয়েছেন মুখ্যমন্ত্রী। আমি আপ্লুত।'

১৬ ডিসেম্বর কলকাতার রিসেপশন মিটিয়েই নবদম্পতি চলে যাবেন চণ্ডীগড়। ১৯ ডিসেম্বর সেখানে অনুষ্ঠানের পর ২২ ডিসেম্বর মুম্বাইয়ে আরও একটি রিসেপশন হওয়ার কথা। তবে বিয়ের পর স্বামীর সঙ্গে সায়নী সংসার পাতবেন লন্ডনেই।

# দুই আসনে যে দলের হয়ে নির্বাচন করছেন কণ্ঠশিল্পী নকুল কুমার

**বিনোদন ডেস্ক:** জনপ্রিয় কণ্ঠশিল্পী নকুল কুমার বিশ্বাস এবার দুই আসন থেকে নির্বাচন করছেন। আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে মাদারীপুর-৩ আসন থেকে মনোনয়নপত্র জমা দিয়েছেন তিনি। এ ছাড়া বরিশাল-২ আসনেও মনোনয়নপত্র দাখিল করেছেন তিনি।

রিটার্নিং কর্মকর্তার কার্যালয় সূত্রে জানা গেছে, মাদারীপুর জেলার কালকিনি, ডাসার ও সদর উপজেলার একাংশ নিয়ে মাদারীপুর-৩ আসন গঠিত। এ আসন থেকে গত ২৭ নভেম্বর মনোনয়ন ফরম সংগ্রহ করেন তিনি। এদিকে গত ২৯ নভেম্বর তিনি বরিশাল জেলার বানারীপাড়া-উজিরপুর উপজেলা নিয়ে গঠিত বরিশাল-২ আসনের জন্য মনোনয়ন ফরম সংগ্রহ করেন, যা তিনি ৩০ নভেম্বর দুপুরে মাদারীপুর ও বিকালে বরিশালে মনোনয়নপত্র জমা দেন।

জানা গেছে, কণ্ঠশিল্পী নকুল কুমার বিশ্বাস বঙ্গবীর কাদের সিদ্দিকীর নেতৃত্বাধীন বাংলাদেশ কৃষক শ্রমিক জনতা লীগ থেকে মনোনয়নপত্র জমা দিয়েছেন। তার দলীয় প্রতীক গামছা। এ ব্যাপারে নকুল কুমার বিশ্বাস জানান, স্থানীয় দলের নেতাকর্মী ও ভক্ত অনুরাগীদের অনুরোধে তিনি মনোনয়নপত্র জমা দিয়েছেন। তিনি নির্বাচিত হলে এলাকাবাসীর সুখে-দুঃখে ও এলাকার উন্নয়নমূলক কর্মকাণ্ডে মানুষের পাশে থাকবেন। বিগত দিনেও তিনি এলাকার জন্য নিবেদিত ছিলেন, আগামীতেও থাকবেন।

নকুল কুমার বিশ্বাস ১৯৬৫ সালে মাদারীপুর সদর উপজেলার কেন্দুয়া ইউনিয়নের পূর্ব কলাগাছিয়া গ্রামের এক সংগীত পরিবারে জন্মগ্রহণ করেন। পাঁচ ভাই ও এক বোনের মধ্যে তিনি পঞ্চম। তার বাবা নাম সুরেন্দ্র নাথ বিশ্বাস এবং মা মঙ্গলী দেবী। মাত্র ৮ বছর বয়সে যাত্রা দলে শিল্পী হিসেবে যোগদানের মাধ্যমে তার সংগীতের ক্যারিয়ার শুরু হয়। সেই থেকে যাত্রাসহ গ্রাম ও শহরাঞ্চলে বহু অনুষ্ঠানে গান পরিবেশন করছেন তিনি। গানের পাশাপাশি তিনি সেতার, তবলা, বাঁশি, সরোদ, সন্তুর, দোতারা, ও ম্যান্ডালিনসহ আরও নানারকম বাদ্য যন্ত্রে পারদর্শী, বিশেষ করে হারমোনিয়াম বাজানোতে রয়েছে তার বিশেষ দক্ষতা।


বাংলাদেশ বেতারে যন্ত্র ও সংগীতশিল্পী হিসেবে চাকরি করেছেন অনেক দিন। তবে ক্যারিয়ারে তার সেরা সুযোগটি আসে ম্যাগাজিন অনুষ্ঠান ইত্যাদিতে অংশগ্রহণের মাধ্যমে। ইত্যাদিতে গান পরিবেশনের সুবাদেই শ্রোতা-দর্শকদের কাছে তার সর্বাধিক পরিচিতি ও জনপ্রিতা ছড়িয়ে পড়ে।

সামাজিকমাধ্যম ফেসবুকে তিনি এক পোস্টে জানান, তার পূর্বপুরুষ হরনাথ বাইন ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলের এমপি। বরিশালের সাতলা গ্রামে সাবেক এই সংসদ সদস্যের একটি বাড়ি আছে বলেও জানিয়েছেন তিনি। যে কারণে বরিশাল ও মাদারীপুর দুই জায়গা থেকে মনোনয়নপত্র জমা দিয়েছেন। নির্বাচনে শেষ পর্যন্ত মাঠে থাকবেন বলেও জানান তিনি।



# Happy New Year 2024

- আপনি কি নিউ ইয়র্ক শহরে বাড়ির মালিক হতে চান?
- এখনই বাড়ি কেনার সুবর্ণ সুযোগ!
- আজই যোগাযোগ করুন
- আমরা মিনিমাম পেমেন্টে বাড়ি ক্রয়ের ব্যবস্থা করে থাকি।







NEXT LEVEL HOMES GROUP

**NEXT LEVEL HOMES GROUP**

## Nishani Alahakoon

Real Estate Professional

Contact No: (718) 687-7585

221-21 Jamaica Ave, Queens Village, NY 11428

nishanirealty@gmail.com

www.nextlevelhomesgroup.com/

www.facebook.com/NextLevelHomesGroup

# সাহিত্য সাময়িকী

## মহান আত্মারা চলে গেছে
### মতিন বৈরাগী

যদি আমি আর আমার কাক্ষার দিন গুলো ফিরে না পাই
তা হলে তাই হোক যা হচ্ছে নিয়ত
আর আমি, বেদনার পাথর ওজন তলে পিষ্ট হতে হতে
অস্বীকার করে যাই সকল মিথ্যের নিত্য আয়োজন
আর বলি: বোধ দাও হে ঈশ্বর জাগরণ দাও ঘোরঘুমে ।

যদি আমি আর কখনও আমি হয়ে না উঠি
এবং স্বপ্নগুলোকে উড়িয়ে দিতে না পারি চড়ুইগুলোর চঞ্চলতায়
তা হলে মিথ্যেগুলোই প্রতিদিন সত্যহোক বাগাড়ম্বরতায়,
খলিফা ওমর অশ্রুসজল চোখে
আরেক বার তাকিয়ে বলুন "রাষ্ট্র কিন্তু মানুষের
খলিফা কেবল তার রাখাল মাত্র" ।

আর যদি আমি, আমার স্বপ্নবীজের ফুল-ফল-পত্রশোভা থেকে
বার বার ফিরে যাই বিষণ্ন দিনের দিকে, আর যদি সব কিছু
হয়ে ওঠে কহরের করাঘাত
তা হলে প্রভু;
পতনের চূড়ান্ত দাও এই বিষবৃক্ষ ডালে
বাঁচিয়ে দাও মিথ্যের প্রতিনিয়তা থেকে
পতন চূড়ান্ত হোক আষাঢ়ের গল্পের ।

মহান আত্মারা সব হেঁটে হেঁটে চলে গেছে গোধুলির পথে
পথও মুছে যাচ্ছে বেলা ডোবার আগে ।

## মন খারাপের দিনগুলি
### জসীম উদ্দীন মুহম্মদ

ইচ্ছে হয় মন খারাপের দিনগুলি মুখস্ত করে রাখি
মাটিতে উড়তে উড়তে একটু জিরিয়ে নিই নগদ
অথবা বাকি; কেউ কেউ বন্ধুত্বের হাত বাড়িয়ে দেয়
কিছুক্ষণ পর কচি অভিমানে সে হাত ফিরিয়েও নেয়
আমি অভিমানের বাগানে ফুটন্ত গোলাপ দেখি!

ইচ্ছে হয় মন খারাপের দিনগুলি নাড়ীকাটা পাটের
মতোন জাগ দিই অথবা বালিশের ভেতরে পুঁতে রাখি
অতঃপর ফিরে ফিরে হাজার হাজার বছর উত্তর
যেখানে হিমালয় নাই, সাগর-মহাসাগর কিছু নেই
আকাশ ভেঙ্গে ভেঙ্গে পড়ছে মানুষের মাথার উপর!

সেখানে আমার ভালো মন, খারাপ মন বলে কিছু নেই
পাহাড়ভাঙা হাতুড়ির শব্দ আছে, জলপোড়া গন্ধ আছে
অদৃশ্য বনেদি শক্তির অট্টহাসি আছে....
আমি কিছু দেখি না... আর কিছু দেখতে চাইও না
আমি কেবল দিশেহারা মানুষের ছুটাছুটি দেখি!!

## প্যালেস্টাইন
### দুখু বাঙাল

যে-নারীর কেশধাম ছেয়ে গেল অকাল জ্যোৎস্নায়
যে-শিশুর চোখে-মুখে লেপটে দিলে বজ্রের অনল
যে-বৃদ্ধের বলিরেখায় থমকে গেল সমুদ্রের ঢেউ
যে-যুবক হামাগুড়ি দিয়ে গেল কঙ্করের মহাপ্রাচীর
তার নাম ফিলিস্তিন; বুকের জমিনে যার বিস্তূর্ণ
আকাশের মতো ছেয়ে থাকে এক নাম- স্বাধীনতা ।

কখনো বা দেশলাইকাঠি-রকেটের নিষ্ফল উৎক্ষেপণ
বড়জোর আপনার মর্যাদার ক্ষীণকায় ছায়া-প্রচ্ছায়া
এভাবেই ফিলিস্তিনি কিশোরের নিক্ষিপ্ত পাথর
সভ্যতার ইতিহাসে হয়ে রইল ঘৃণার অনলকুসুম
তবু কোনো শিরীষের ভাঙিল না দিবসের ঘুম ।

স্বাধীনতায় কত রক্ত? কত জল? কত ভ্যেলু তার?
স্বাধীনতার ঠিক দাম একমাত্র জানে প্যালেস্টাইন ।

## হারানো বিজ্ঞপ্তি
### আবু আফজাল সালেহ

সম্রাজ্ঞী বেচে দিয়ে অন্যকে কিনেছি ।
ক্ষমতা দৃশ্যহীন কিন্তু সবাই ধরতে চায়
কেননা শক্তির মানদন্ডে পৌরুষ্য
ক্ষমতা বিপুল শক্তির আধার ।

হারানো যৌবন, হারানো ক্ষমতা
হারানো সৌন্দর্য সামনে এসে দাঁড়ায়
হারানো সবকিছু এখানে ফিরে পাওয়া যায়
এই বনে- এখানকার গভীরে লুকিয়ে আছে
বিলুপ্ত ফুলের নির্যাস ।

## অবদমন
### গোলাম কিবরিয়া পিনু

আমিও আমার দৃষ্টিভঙ্গিকে প্রশ্নবিদ্ধ করি না
সম্পূর্ণবিপরীত অবস্থানে থেকে! আমিও জানি,
শরীর ওমন কোন ছাঁচে এতদিন গড়ে উঠেছে,
এর কতকটা বাধ্যগত, কতকটা সহজাত, কতকটা অস্বাভাবিক!
প্রবৃত্তি ও বেঁচে থাকার অলিগলি নিয়ে আমি কোনখানে এসেছি,
সেই উত্তেজনা আমাকে কোথায় নিয়ে গিয়ে ফেলেছে,
অবদমনের শিকার হয়েছি আমিও!
গভীর বাসনাগুলো পরিতৃপ্ত হয়নি বলেই
আমিও কি হিংসাপরায়ণ ও পরশ্রীকাতর?
আমিও কি বাতিকগ্রস্ত, দৃষ্টিভঙ্গিতে অন্ধ ও দৃষ্টিহীন?
বৃষ্টিতে ভিজতে পারছিনে কেন?

## অতৃপ্ততা
### শারমিন সুলতানা রীনা

আমিতো চিরকাল ভালোবাসা নিয়ে
বাঁচতে চেয়েছি
পুরো আকাশেরও অধিকার চাইনি
তবু তোমার অপরাগতার কাছে
হার মেনে ফিরে এসেছি

নিস্তব্ধ জোয়ারের নিবিড়তা
গভীর ভাবে উপলব্ধি করে জেনেছি
তারও সাধ জাগে গর্জন তুলে
প্রবাহিত হবার

শিশির ভেজা পায়ে নুপুরের
রিনঝিন ছন্দে টের পাই
সাপের বিষে নীল হয়ে যাওয়া
লক্ষীন্দরের আত্মা কখন ভর করেছে
সত্তা জুড়ে

বেঁচে থাকার শক্তি হারানো মন
কখনও কি পায় নতুন সৃষ্টির সন্ধান ।

# Immigrant Elder Home Care LLC

# হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



**Call Today:**

**Dr. Md. Mohaimen**
**718-457-0813**
Fax: 631-282-8386
718-457-0814

**Giash Ahmed**
Chairman/CEO
**917-744-7308**

**Nusrat Ahmed**
President
**718-406-5549**

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

**Corporate Office**
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

**Jamaica Office**
87-54 168th Street, 2nd Fl
Jamaica, NY 11432
718-406-5549

**Long Island Office**
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

**Bronx Office**
2148 Starling Ave.
Bronx, NY 10462
718-406-5549

**Ozone Park Office**
175 B Forbell Street
Brooklyn, NY 11208
718-406-5549

**Buffalo Office**
859 Fillmore Ave
Buffalo, NY 14212
718-406-5549



# সাকিব তামিম তাসকিন মোস্তাফিজকে ছাড়াই ইতিহাস

**স্পোর্টস ডেস্ক:** নিউজিল্যান্ডের বিপক্ষে সিলেটে শনিবার শেষ হওয়া টেস্টে ১৫০ রানের বড় ব্যবধানে জয় পায় বাংলাদেশ। ঘরের মাঠে কিউইদের বিপক্ষে এটা প্রথম টেস্ট জয়। এর আগে ২০২০ সালে নিউজিল্যান্ডকে তাদের ঘরের মাঠে হারায় মুমিনুল হক সৌরভের নেতৃত্বাধীন বাংলাদেশ দল। চলমান টেস্ট সিরিজে চোটের কারণে নেই বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। তিনি আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নে মাগুরা-১ আসন থেকে প্রার্থী হয়েছেন।

এদিকে দেশ সেরা ওপেনার তামিম ইকবাল গত মাসে ভারতে শেষ হওয়া ক্রিকেট বিশ্বকাপ দলে ছিলেন না। জানুয়ারিতে হবে জাতীয় সংসদ নির্বাচন তার পরে অনুষ্ঠিত হবে বিপিএল। বিপিএলের মধ্য দিয়েই পেশাদার ক্রিকেটে ফিরবেন তামিম।

নিউজিল্যান্ডের বিপক্ষে চলতি সিরিজে নেই দেশের তারকা দুই পেসার মোস্তাফিজুর রহমান ও তাসকিন আহমেদ। জাতীয় দলের প্রথম সারির এই তারকাদের ছাড়াই নিউজিল্যান্ডের মতো শক্তিশালী দলকে সিলেট টেস্টে পরাস্ত করে বাংলাদেশ।

**‘এই হার থেকে শিক্ষা নিয়ে উন্নতির চেষ্টা করব’**

স্পোর্টস ডেস্ক: সিলেট টেস্টে নিউজিল্যান্ডকে ১৫০ রানের ব্যবধানে হারায় বাংলাদেশ। টেস্টে ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিপক্ষে এটা ঐতিহাসিক জয়। এর আগে গত বছর নিউজিল্যান্ড সফরে তাদের হারায় টাইগাররা। শনিবার সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে হেরে যাওয়ার পর নিউজিল্যান্ড দলের অধিনায়ক টিম সাউদি বলেন, বাংলাদেশ দারুণ খেলল। এরকম কন্ডিশনে ওঁরা বরাবর-ই ভালো। বোলিং ইউনিট হিসাবে আমাদের আরও বেশি চাপ ধরে রাখতে হত। উইকেট বেশ ভালো ছিল। তবে বল ঘুরছিল। বিশ্বের এজ প্রান্তে যেটা স্বাভাবিক ব্যাপার। এই হার থেকে শিক্ষা নিয়ে আমরা পরের ম্যাচে উন্নতির চেষ্টা করে যাব। প্রত্যেকেই উন্নতির চেষ্টা করে যাচ্ছে।

**স্পন্সর ছাড়া খেলতে নেমে ইতিহাস গড়ল বাংলাদেশ**

স্পোর্টস ডেস্ক: ২০২১ সালের এপ্রিলে অনলাইন মার্কেটপ্লেস ‘দারাজের’ সঙ্গে চুক্তি করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। সেই চুক্তির মেয়াদ শেষ হয়েছে গত মাসে। এখনো নতুন কোনো স্পন্সর ঠিক করেনি ক্রিকেট বোর্ড। যে কারণে নিউজিল্যান্ডের বিপক্ষে চলমান দুই ম্যাচের টেস্ট সিরিজে নেই কোনো স্পন্সর। কিউইদের বিপক্ষে স্পন্সর ছাড়া খেলতে নেমেই ঘরে মাঠে প্রথম টেস্ট জয়ের ইতিহাস গড়ল বাংলাদেশ।

নিউজিল্যান্ডের বিপক্ষে সিলেটে সদ্য শেষ হওয়া টেস্টে জয়ের ইতিহাস গড়ে বাংলাদেশ। ১৫০ রানের বড় ব্যবধানে জয় পায় নাজমুল হোসেন শান্তর নেতৃত্বাধীন দলটি। দলের জয়ে প্রথম ইনিংসে ৪ উইকেট শিকার করার পর দ্বিতীয় ইনিংসে ৬ উইকেট শিকার করেন তাইজুল।



# ‘বিশ্ব সেরা হতে চাইলে কোহলিকে ফলো করো’

**স্পোর্টস ডেস্ক:** বিশ্ব ক্রিকেটে যে কয়জন সাবেক তারকা কিংবদন্তি হয়ে আছেন তাদের মধ্যে অন্যতম ভারতের শচিন টেন্ডুলকার, ওয়েস্ট ইন্ডিজের ব্রায়ান লারা। ক্যারিবীয় কিংবদন্তি সম্প্রতি ভারত সফরে কলকাতায় টাইগার পাতৌদি মেমোরিয়াল লেকচার অনুষ্ঠানে অংশ নেন। সেই অনুষ্ঠানে উপস্থিত হয়ে লারা তার বক্তব্যে বলেন, ‘আমার একটি পুত্র সন্তান আছে। আমি আপনাদের এই কথা বলতে পারি, যদি ভবিষ্যতে সে কোনও ধরনের খেলার জন্য আগ্রহী হয়, তাহলে আমি কোহলির নিবেদন ও পরিশ্রমকে উদাহরন হিসেবে অনুপ্রেরণা দিব। এটা শুধু তার শক্তিকে বাড়াতে নয়, বিশ্বের এক নম্বর ক্রীড়াবিদ হয়ে উঠতে।’

গত মাসে ভারতে শেষ হওয়া ক্রিকেট বিশ্বকাপের ১৩তম আসরে ১১ ম্যাচে অংশ নিয়ে ৩টি সেঞ্চুরি আর ৬টি ফিফটির সাহায্যে বিশ্বকাপে রেকর্ড সর্বোচ্চ ৭৬৫ রান করেছেন বিরাট কোহলি।

বিশ্বকাপে কোহলির পারফরম্যান্সের উদাহরন টেনে লারা বলেন, ‘আমি জানি, সদ্য শেষ হওয়া বিশ্বকাপে কোহলির পারফরমেন্স নিয়ে অনেকে এমন কথাই বলবে, ভারত বিশ্বকাপ না জেতায় কোহলির এমন কীর্তির কোন বড় বিষয় নয়। জিততে হয় দল হিসেবে, খেলোয়াড় হিসেবে সেটাই এক নম্বর লক্ষ্য হওয়া উচিত। কিন্তু দলগত সাফল্যে পেতে সহায়তা করে ব্যক্তিগত সাফল্য। বিশ্বকাপের এবারের আসরে প্রতিটি ম্যাচে করে দেখিয়েছেন কোহলি।’

উইন্ডিজের হয়ে ৫৩টিসেঞ্চুরির সাহায্যে ২২ হাজার ৩৫৮ রান করা লারা আরও বলেন, ‘কোহলির বিষয়ে আমার সব থেকে যেটা ভালো লাগে, তাহলো তার একটা লিগাসি রয়েছে। ক্রিকেট খেলার ধরনটাই বদলে দিয়েছে সে। কিভাবে নিজেকে তৈরি করা যায়, শারীরিক এবং মানসিকভাবে সেটি করে দেখিয়েছে কোহলি।’

# ঐতিহাসিক জয়ে ভারতকে টপকে গেল বাংলাদেশ

**স্পোর্টস ডেস্ক:** সিলেটে শনিবার শেষ হওয়া টেস্টে নিউজিল্যান্ডের বিপক্ষে ১৫০ রানের বিশাল ব্যবধানে জয় পেয়েছে বাংলাদেশ। কিউইদের বিপক্ষে ঘরের মাঠে টাইগারদের এটা প্রথম টেস্ট জয়। ঐতিহাসিক এই জয়ে আইসিসির টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট টেবিলে ইংল্যান্ড, অস্ট্রেলিয়া ও ভারতকে টপকে দ্বিতীয় পজিশনে উঠে গেল বাংলাদেশ।

পয়েন্ট টেবিলের শীর্ষে রয়েছে পাকিস্তান। দ্বিতীয় পজিশনে বাংলাদেশ। টেস্ট চ্যাম্পিয়নশিপের যোগ্যতা অর্জন করা ৯ দলের মধ্যে দুইবারের ফাইনালিস্ট ভারত আছে তৃতীয় পজিশনে। বর্তমান চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া চতুর্থ এবং ওয়েস্ট ইন্ডিজ পঞ্চম স্থানে অবস্থান করছে। এর পরেই আছে ইংল্যান্ড, শ্রীলংকা, নিউজিল্যান্ড ও দক্ষিণ আফ্রিকা। টেস্ট চ্যাম্পিয়নশিপের চলমান তৃতীয় চক্রে এখনও কোনো ম্যাচ খেলেনি প্রোটিয়ারা।

গত ২৮ নভেম্বর মঙ্গলবার সিলেটে আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথম খেলাটি শুরু হয়। টস জিতে প্রথমে ব্যাট করে মাহমুদুল হাসান জয়ের (৮৬) ফিফটিতে ভর করে প্রথম ইনিংসে ৩১০ রান করে বাংলাদেশ।

জবাবে কেন উইলিয়ামসনের (১০৫) সেঞ্চুরিতে ভর করে ৩১৭ রান করে নিউজিল্যান্ড। ৭ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে ব্যাটিংয়ে নেমে অধিনায়ক নাজমুল হোসেন শান্তর (১০৫) সেঞ্চুরি আর মুশফিকুর রহিম (৬৭) ও মেহেদি হাসান মিরাজের (৫০*) জোড়া ফিফটিতে ভর করে ৩৩৮ রান করে বাংলাদেশ।

জয়ের জন্য দ্বিতীয় ইনিংসে নিউজিল্যান্ডের টার্গেট দাঁড়ায় ৩৩২ রান। লক্ষ্য তাড়া করতে নেমে ইনিংসের শুরু থেকে সময়ের ব্যবধানে উইকেট হারিয়ে শেষ পর্যন্ত ১৮১ রানে অলআউট হয় কিউইরা। দলের হয়ে সর্বোচ্চ ৫৮ রান করেন ড্যারেল মিচেল।



# নিউজিল্যান্ডের বিপক্ষে ঐতিহাসিক জয়, যা বললেন অধিনায়ক



স্পোর্টস ডেস্ক: জাতীয় দলের অধিনায়ক সাকিব আল হাসান আঙুগুলের চোটের কারণে দলে নেই। তার অবর্তমানে নিউজিল্যান্ডের বিপক্ষে চলমান দুই ম্যাচের টেস্ট সিরিজে নেতৃত্ব দিচ্ছেন জাতীয় দলের তরুণ তারকা ব্যাটসম্যান নাজমুল হোসেন শান্ত। চলতি সিরিজে অন্তবর্তীকালীন অধিনায়কের দায়িত্ব পেয়ে সিলেট টেস্টের দ্বিতীয় ইনিংসে সেঞ্চুরি করার মধ্য দিয়ে ইতিহাস গড়েছেন শান্ত। বাংলাদেশের প্রথম টেস্ট অধিনায়ক হিসেবে অভিষেকে সেঞ্চুরি করেছেন তিনি।

নাজমুল হোসেন শান্তর (১০৫) সেঞ্চুরি এবং বাঁ-হাতি স্পিনার তাইজুল ইসলামের (১০ উইকেট) দুর্দান্ত বোলিংয়ে নিউজিল্যান্ডের বিপক্ষে ১৫০ রানের বড় ব্যবধানে জয় পেয়েছে বাংলাদেশ।

প্রথম ইনিংসে মাহমুদুল হাসান জয়ের ফিফটিতে ৩১০ রান করে বাংলাদেশ। জবাবে কেন উইলিয়ামসনের (১০৪) সেঞ্চুরিতে ৩১৭ রান করে নিউজিল্যান্ড। ৭ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে ব্যাটিংয়ে নেমে নাজমুল হোসেন শান্তর (১০৫) সেঞ্চুরি এবং মুশফিকুর রহিম (৬৭) ও মেহেদি হাসান মিরাজের (৫০*) জোড়া ফিফটিতে ৩৩৮ রান করে বাংলাদেশ।

৩৩২ রানের টার্গেট তাড়া করতে নেমে তাইজুল ইসলামের স্পিনে বিভ্রান্ত হয়ে ১৮১ রানে অলআউট হয় নিউজিল্যান্ড। ১৫০ রানে জয়ে প্রথম ইনিংসে ৪ আর দ্বিতীয় ইনিংসে ৬ উইকেট শিকার করে ম্যাচ সেরা হন তাইজুল ইসলাম।

নিউজিল্যান্ডের বিপক্ষে ঘরের মাঠে ঐতিহাসিক টেস্ট জয়ের পর অধিনায়ক নাজমুল হোসেন শান্ত বলেন, আমরা ফলাফল নয়, এই উন্নতির পদ্ধতির উপর বেশি ফোকাস করছি। আগামী দিনে পরপর টেস্ট ম্যাচ খেলতে হবে। এই জয় আসন্ন সমস্ত ম্যাচের জন্য আমাদের আত্মবিশ্বাস জোগাবে। ঘরের মাঠে জেতা আমাদের অভ্যেস করে ফেলতে হবে। আশা করি এই পারফরম্যান্স-এর ধারাবাহিকতা বজায় রাখতে পারব।



# বেসামরিক গাজাবাসীর সুরক্ষা নিয়ে ইসরায়েলকে আমেরিকার হুঁশিয়ারি

ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর : গাজার বেসামরিকদের সুরক্ষা নিশ্চিত করতে ইসরায়েলের প্রতি আহ্বান জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন।

গাজায় বেসামরিক নাগরিকদের সুরক্ষার জন্য অবশ্যই জবাবদিহি করতে হবে বলেও হুঁশিয়ারি দেন তিনি।

বৃহস্পতিবার কাতার এবং মিসরের সঙ্গে এক বৈঠকে তিনি এই হুঁশিয়ারি দিন।

বৈঠকে হামাস-ইসরায়েল যুদ্ধবিরতি বৃদ্ধির জোর দাবি জানিয়েছে কাতার ও মিসর। অক্টোবরে হামাস-ইসরায়েল যুদ্ধের পর ওই অঞ্চলে মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর এটা তৃতীয় সফর।


ব্লিংকেন বলেন, ওয়াশিংটন ইসরায়েলের আত্মরক্ষার অধিকারকে সমর্থনে প্রতিশ্রুতিবদ্ধ, তবে তাদের অবশ্যই আন্তর্জাতিক আইন মেনে যুদ্ধ করতে হবে।

অন্যদিকে, বেসামরিক গাজাবাসীর সুরক্ষার প্রতিও আহ্বান জানিয়ে তিনি বলেন, যুক্তরাষ্ট্র নিরস্ত্র গাজাবাসীর সুরক্ষার বিষয়ে নজর রাখবে।

হামাস-ইসরায়েল সংঘাত শুরুর পর থেকেই ওয়াশিংটন তেল আবিবের সুরেই সুর মিলিয়ে আসছিল। তবে ইসরায়েলের প্রতিশোধমূলক হামলায় হাজার হাজার বেসামরিক ফিলিস্তিনির হতাহতের পর যুক্তরাষ্ট্রের টনক নড়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা।

# ইউক্রেনে মাইন বিস্ফোরণে রুশ জেনারেল নিহত

**ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর :** রাশিয়ার সামরিক বাহিনীর এক জেনারেল ইউক্রেনে নিহত হয়েছেন। নিহত ওই রুশ সেনা কর্মকর্তার নাম মেজর জেনারেল ভ্লাদিমির জাভাদস্কি। পূর্ব ইউরোপের এই দেশটিতে চলমান সামরিক অভিযানের মধ্যেই মাইন বিস্ফোরণে রুশ এই জেনারেল নিহত হন।



শুক্রবারের প্রতিবেদনে বলা হয়েছে, ইউক্রেনে মাইন বিস্ফোরণে রুশ সেনা কর্মকর্তা মেজর জেনারেল ভ্লাদিমির জাভাদস্কি নিহত হয়েছেন বলে ক্রেমলিনপন্থি একাধিক সূত্র জানিয়েছে। ৪৫ বছর বয়সি রুশ এই জেনারেল তার মৃত্যুর সময় রাশিয়ার সামরিক বাহিনীর ১৪তম সেনা কোরের ডেপুটি কমান্ডার ছিলেন।

বিবিসি বলছে, ২০২২ সালের ফেব্রুয়ারিতে ইউক্রেনে সামরিক অভিযান শুরু করে রাশিয়ার সামরিক বাহিনী। মস্কোর সেই আগ্রাসনের পর থেকে ইউক্রেনে কমপক্ষে ছয়জন রাশিয়ান জেনারেল নিহত হয়েছেন বলে মনে করা হচ্ছে।

অবশ্য মেজর জেনারেল ভ্লাদিমির জাভাদস্কির নিহত হওয়ার ঘটনাটি সম্পর্কে রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে কোনো কথা বলা হয়নি এবং ওই ঘটনাটি ঠিক কোথায় ঘটেছে তা নিয়ে পরস্পরবিরোধী রিপোর্ট রয়েছে।

এ ছাড়া অতীতে বেশ কয়েক দফায় সিনিয়র সেনা কর্মকর্তাদের মৃত্যুর বিষয়ে তাদের ঘনিষ্ঠ আত্মীয়রা প্রকাশ্যে কথা বলার পরও রাশিয়ার এই মন্ত্রণালয় থেকে সে বিষয়ে কোনো মন্তব্য করা হয়নি।

খবরে বলা হচ্ছে, মেজর জেনারেল জাভাদস্কি গত বুধবার বিকালে নিহত হন। ঘটনাটি কোথায় ঘটেছে তা স্পষ্ট নয়, তবে ধারণা করা হচ্ছে– তার ইউনিট সেই সময় ইউক্রেনের খেরসন অঞ্চলে ছিল। নিজের বর্তমান ওই পোস্টিংয়ের আগে, জেনারেল জাভাদস্কি মস্কোর বাইরে অবস্থিত অভিজাত কান্তেমিরভস্কি ট্যাংক বিভাগের কমান্ডার ছিলেন।

জেনারেল জাভাদস্কির মৃত্যুর খবর নিশ্চিত হলে তিনি হবেন সপ্তম রাশিয়ান জেনারেল যিনি ইউক্রেনে চলমান সংঘাতে নিহত হলেন। এর আগে যুদ্ধ শুরুর প্রথম চার মাসে চার জেনারেল এবং চলতি বছরের গ্রীষ্মে আরও দুজন রুশ জেনারেল মারা যাওয়ার বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

# এবার যে দেশের ওপর নতুন নিষেধাজ্ঞা দিল যুক্তরাষ্ট্র

ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর : গোয়েন্দা স্যাটেলাইট চালু করায় এবার উত্তর কোরিয়ার ওপর ফের নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দিয়েছে যুক্তরাষ্ট্র। গত সপ্তাহে যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়ার সামরিক বাহিনীর চলাচলের ওপর নজরদারি চালাতে এমন স্যাটেলাইট চালু করে দেশটির শীর্ষ নেতা কিম জং উন। খবর ওয়াশিংটন পোস্ট।



রাশিয়া ও চীনের ঘনিষ্ঠ মিত্র হিসেবে পরিচিত উত্তর কোরিয়া এতদিন পর্যন্ত যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশগুলোর স্যাটেলাইটের নজরদারিতে ছিল। এবার তারা নিজেরাই কক্ষপথে একটি স্যাটেলাইট পাঠিয়ে অন্যান্য দেশ বিশেষ করে মোড়ল রাষ্ট্র যুক্তরাষ্ট্র ও চিরপ্রতিদ্বন্দ্বী দক্ষিণ কোরিয়ার সামরিক বাহিনীর ওপর নজরদারি চালাতে সামর্থ্য হয়েছে। একে প্রেসিডেন্ট কিম জং উনের জন্য একটি বড় অর্জন বলে দাবি করছে পিয়ংইয়ং।

গত মঙ্গলবার উত্তর কোরিয়ার রাষ্ট্রায়ত্ত সংবাদমাধ্যম কেসিএনএর বরাতে সংবাদ সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়, গোয়েন্দা স্যাটেলাইটে ধারণ করা হোয়াইট হাউস, পেন্টাগন ও মার্কিন রণতরীর ছবি নিরীক্ষা করেছেন দেশটির শীর্ষ নেতা কিম জং উন।

এদিকে উত্তর কোরিয়া ও রাশিয়ার মধ্যে অস্ত্র চুক্তির সঙ্গে জড়িত থাকার অভিযোগে তিনটি সংস্থার ওপর চলতি বছরের ১৬ আগস্ট নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র। নিষেধাজ্ঞার ঘোষণা দিয়ে ওয়াশিংটন জানিয়েছে, ইউক্রেনে চালানো রুশ হামলায় সমর্থন করতে চায়, এমন যে কারও বিরুদ্ধে ব্যবস্থা নিতে ওয়াশিংটন প্রতিশ্রুতিবদ্ধ। যুক্তরাষ্ট্রের অর্থবিভাগ বা ট্রেজারি ডিপার্টমেন্ট জানিয়েছে, রাশিয়া ক্রমবর্ধমানভাবে ইউক্রেনে যুদ্ধ টিকিয়ে রাখতে, যুদ্ধক্ষেত্রে ব্যবহৃত যুদ্ধাস্ত্র এবং ভারি সরঞ্জাম হারিয়ে এখন উত্তর কোরিয়া এবং অন্যান্য মিত্রের দিকে সাহায্যের চাইতে বাধ্য হয়েছে।

এর আগে ইউক্রেন যুদ্ধ শুরুর এক মাসের মাথায় ২০২২ সালের ২৪ মার্চ রাশিয়া ও উত্তর কোরিয়ার কিছু ব্যক্তি ও প্রতিষ্ঠানের ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র। পিয়ংইয়ং আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র (আইসিবিএম) পরীক্ষা চালানোর পর এ নিষেধাজ্ঞা আরোপ করা হয়। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি অনুযায়ী, নিষেধাজ্ঞার অধীনে আসা ব্যক্তি ও সংগঠনগুলোর বিরুদ্ধে 'উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্র কর্মসূচিতে স্পর্শকাতর তথ্য সরবরাহের অভিযোগ' রয়েছে।

২০১৬ সালের ১৮ ফেব্রুয়ারি বিতর্কিত পরমাণু কর্মসূচি থেকে সরে আসতে উত্তর কোরিয়ার ওপর নিষেধাজ্ঞা আরোপ করে যুক্তরাষ্ট্র। দূরপাল্লার রকেট উৎক্ষেপণের কয়েক দিনের মধ্যে যুক্তরাষ্ট্র এ নিষেধাজ্ঞা আরোপ করা হয়। যুক্তরাষ্ট্রের তখনকার প্রেসিডেন্ট বারাক ওবামা নিষেধাজ্ঞা বিলগুলোতে সই করেছেন।

# বিশ্বের সবচেয়ে বেশি কার্বন নিঃসরণকারী দেশ চীন, দ্বিতীয় যুক্তরাষ্ট্র

**ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর :** বিশ্বে সবচেয়ে বেশি গ্রিনহাউজ গ্যাস নির্গমনকারী দেশ চীন। এর পরই যুক্তরাষ্ট্রের অবস্থান। ২০২১ সালে চীন ১৪.৩০ বিলিয়ন টন কার্বন ডাই-অক্সাইড নির্গমন করেছে। পটসডাম ইনস্টিটিউট ফর ক্লাইমেট ইমপ্যাক্ট রিসার্চের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে ক্লাইমেট ওয়াচ।

চীনে কার্বন ডাই-অক্সাইড নির্গমনে সবচেয়ে বড় ভূমিকা রাখে কয়লা। ইন্টারন্যাশনাল এনার্জি এজেন্সি (আইইএ) জানায়, চীনের প্রায় অর্ধেক কার্বন ডাই-অক্সাইড নির্গমন হয় বিদ্যুৎ খাত থেকে। আর দেশটির বিদ্যুৎ উৎপাদনের প্রায় ৬০ শতাংশ এখনো কয়লার ওপর নির্ভরশীল। চীনে ৩৬ শতাংশ কার্বন নির্গমন হয় বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান থেকে। আর আট শতাংশ কার্বন নিঃসরণ হয় পরিবহণ খাত থেকে। নির্মাণ কাজে এই কার্বন নিঃসরণের পরিমাণ ৫ শতাংশ। এএফপি।

যুক্তরাষ্ট্রের গ্রিনহাউস গ্যাস নির্গমনের ব্যাপারে ক্লাইমেট ওয়াচ জানিয়েছে, ২০২১ সালে দেশটি ৬.২৮ বিলিয়ন টন কার্বন ডাই-অক্সাইড নির্গমন করেছে। এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (ইপিএ) জানায়, যুক্তরাষ্ট্রে গ্রিনহাউস গ্যাস নির্গমনের জন্য সবচেয়ে বেশি দায়ী পরিবহণ খাত।





# গাঁজায় সপ্তম দফায় মুক্তি পেলেন ৩৮ জন

**ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর :** হামাস ও ইসরাইলের মধ্যে চলমান যুদ্ধবিরতির চুক্তির অংশ হিসেবে সপ্তম দফায় এই ৩০ ফিলিস্তিনিকে কারাগার থেকে ছেড়ে দেওয়া হয়। সর্বশেষ মুক্তিপ্রাপ্তদের বেশিরভাগই নাবালক। অন্যদিকে হামাস গাজা থেকে আরও ৮ বন্দিকে মুক্তি দিয়েছে।

শুক্রবার (১ ডিসেম্বর) পৃথক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে বার্তা সংস্থা এএফপি ও সংবাদমাধ্যম আলজাজিরা।

প্রতিবেদনে বলা হয়েছে, বৃহস্পতিবার রাতে ৩০ ফিলিস্তিনি বন্দিকে মুক্ত করা হয়েছে বলে ইসরাইলি কারা কর্তৃপক্ষ জানিয়েছে। বর্ধিত যুদ্ধবিরতি চুক্তির অধীনে চূড়ান্ত পর্যায়ে ওই ৩০ ফিলিস্তিনি বন্দিকে মুক্তি দেওয়া হয়।

এএফপি বলছে, ফিলিস্তিনি গোষ্ঠী হামাস তাদের হাতে আটক ৮ ইসরাইলি বন্দিকে মুক্ত করার কয়েক ঘণ্টা পর এসব বন্দিকে মুক্তি দেওয়া হয়। সর্বশেষ মুক্তিপ্রাপ্ত এই ৩০ ফিলিস্তিনি বন্দির মধ্যে ২৩ জন নাবালক ও সাতজন নারী।

এর আগে গাজা উপত্যকায় দেড় মাসের বেশি সময় ধরে বন্দি থাকা ইসরাইলি দুই নারীকে মুক্তি দেয় ফিলিস্তিনের স্বাধীনতাকামী গোষ্ঠী হামাস। ইসরাইলের প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) হামাসের হাত থেকে মুক্তি পাওয়া ওই দুই নারীর পরিচয় প্রকাশ করেছে। তারা হলেন, গত ৭ অক্টোবর ইসরাইলের দক্ষিণাঞ্চলে কনসার্ট থেকে অপহৃত ২১ বছর বয়সি মিয়া চেম এবং ৪০ বছর বয়সি অমিত সোসানা। মিয়া চেমের ইসরাইলের পাশাপাশি ফরাসি নাগরিকত্বও রয়েছে।

ফিলিস্তিনি গোষ্ঠী হামাসের পর আরও ছয়জন বন্দিকে রেডক্রসের কাছে হস্তান্তর করে বলে ইসরাইলি সামরিক বাহিনী জানিয়েছে। হামাসের হাত থেকে মুক্তিপ্রাপ্তদের মধ্যে ২৯ থেকে ৪১ বছর বয়সি চারজন নারী রয়েছেন, যার মধ্যে একজন মেক্সিকান-ইসরাইলি দ্বৈত নাগরিক বলে জানানো হয়েছে।

উল্লেখ্য, হামাসের সঙ্গে ইসরাইলের মাঝে প্রথম দফায় চার দিনের যুদ্ধবিরতি চুক্তির বাস্তবায়ন শুরু হয় গত ২৪ নভেম্বর। পরে চুক্তির শেষ দিনে তা আরও দুদিনের জন্য বৃদ্ধি করা হয়। এর পর আরও একদফায় এই চুক্তির মেয়াদ বাড়ানো হয়। আজ শুক্রবার এই যুদ্ধবিরতির মেয়াদ শেষ হওয়ার কথা রয়েছে।

ইসরাইল আগেই হুমকি দিয়ে রেখেছে, যুদ্ধবিরতি শেষ হওয়া মাত্রই আবারও গাজায় হামলা চালানো শুরু করা হবে।

# ‘তলাবিহীন ঝুড়ি’ আখ্যাকারী কিসিঞ্জার মারা গেছেন

**ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর :** ‘তলাবিহীন ঝুড়ি’ আখ্যা দেওয়া বাংলাদেশের স্বাধীনতাবিরোধী ‘নোবেল ওয়ার প্রাইজ’ বিজয়ী যুক্তরাষ্ট্রের সাবেক পররাষ্ট্রমন্ত্রী হেনরি কিসিঞ্জার মারা গেছেন। স্থানীয় সময় বুধবার কানেকটিকাটে নিজ বাড়িতে তিনি ১০০ বছর ছয় মাস বয়সে মারা যান। তার রাজনৈতিক কনসালটিং প্রতিষ্ঠান কিসিঞ্জার অ্যাসোসিয়েটস এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে। তবে বিবৃতিতে তার মৃত্যুর কারণ সম্পর্কে কিছু জানানো হয়নি। খবর বিবিসি, রয়টার্স, সিএনএন-এর।




চলতি বছর ২৭ মে একশ বছর পূর্ণ করেন হেনরি কিসিঞ্জার। অনেকের কাছে নন্দিত হলেও কারও কারও কাছে নিন্দিত হয়ে আছেন তিনি। তার কূটনৈতিক কর্মকাণ্ড ও বৈচিত্র্যপূর্ণ জীবনকে একটি প্রবন্ধে প্রকাশ করা প্রায় অসম্ভব। তার কূটনৈতিক কার্য্যাবলির নথিপত্রের আনুমানিক ওজন ৩০ টন। জার্মানির শহর নুরেমবার্গের অদূরে জার্মান-ইহুদি মা-বাবার সন্তান হেনরি কিসিঞ্জারের জন্ম ১৯২৩ সালের ২৭ মে। তার বাবা ছিলেন স্কুলশিক্ষক। নাৎসি জার্মানির অত্যাচার থেকে বাঁচতে পালিয়ে পরিবারের সঙ্গে তিনি ১৯৩৮ সালে প্রথম শরণার্থী হয়ে যুক্তরাষ্ট্রে ঢোকেন। সেখানে তাকে একটি নৈশ স্কুলে ভর্তি করা হয়। দিনে তিনি শেভিং ব্রাশ তৈরির কারখানায় কাজ করতেন। ১৯৪৩ সালে তিনি যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভ করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমরকালীন বিশেষ সেনা হিসাবে তিনি কাজে যোগ দেন। পরে তাকে পদোন্নতি দিয়ে প্রশাসনিক দায়িত্বে নিয়ে আসা হয়। এভাবে শরণার্থী হিসাবে আশ্রয় দেওয়া যুক্তরাষ্ট্রের প্রতি তার আনুগত্য বাড়তে থাকে। নিজেকে তিনি একজন প্রকৃত আমেরিকান হিসাবে ভাবতে শুরু করেন।

ছাত্র হিসাবে ব্যাচেলর, মাস্টার্স ও পিএইচডি ডিগ্রি লাভের পর তিনি হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে শিক্ষকতা করেছেন। ১৯৬৯ সালে তৎকালীন প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন তাকে যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসাবে নিয়োগ দেওয়ার পর তাকে আর পেছন ফিরে তাকাতে হয়নি। ১৯৭৩ সালে হেনরি কিসিঞ্জারকে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী হিসাবে নিয়োগ দেওয়া হয়। সেই বছরই মধ্যস্থতার মাধ্যমে সংঘাত নিরসনে তার শাটল ডিপ্লোম্যাসি বিশ্বরাজনীতিতে নিয়ে আসে সব নাটকীয় পরিবর্তন এবং সূত্রপাত করে নতুন ধারার।

নিক্সন, চৌ এন লাই ও মাও সে তুংয়ের মধ্যে ১৯৭২ সালের ঐতিহাসিক সম্মেলনের ধারাকে আরও এগিয়ে নিতে হেনরি কিসিঞ্জার চীনের সঙ্গে যুক্তরাষ্ট্রের অচল কূটনৈতিক সম্পর্ককে পুনরায় চালু করেন। স্নায়ুযুদ্ধের সেই ঐতিহাসিক বিরোধিতাকে নির্মূল করে তিনি চীনের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপন ও রাশিয়ার সঙ্গে আঁতাত করে ফেলেন। সেই একই সময়ে কিসিঞ্জার চিলিতে সামরিক অভ্যুত্থানে ইন্ধনদাতার ভূমিকা পালন করেন। একই সঙ্গে আরব দেশগুলোর নেতাদের সঙ্গে প্রতিনিয়ত কূটনৈতিক আলোচনা চালিয়ে যাওয়ার পাশাপাশি ইসরাইলে বিপুল পরিমাণে সামরিক অস্ত্র ও গোলা সরবরাহ করেন। এরপর কোনো আরব দেশ ইসরাইলে সরাসরি হামলা চালানো থেকে বিরত থাকে। চিলির সামরিক অভ্যুত্থান, বাংলাদেশ, পাকিস্তান, পূর্ব তিমুর ও কম্বোডিয়ার বোমা হামলায় হেনরি কিসিঞ্জারের বিতর্কিত সম্পৃক্ততা এখনো বিশ্বরাজনীতিতে তাকে নিন্দিত ব্যক্তি হিসাবে বিবেচনা করে।

কিসিঞ্জার পাকিস্তানের কাছে অবৈধ অস্ত্র বিক্রির নির্দেশ দিয়েছিলেন। ১৯৭১ সালে বাঙালির বিরুদ্ধে নৃশংস দমন-পীড়নে ওই অস্ত্র ব্যবহার করেছিল পাকিস্তান। ১৯৭১ সালের ৬ ডিসেম্বর ওয়াশিংটনে দক্ষিণ এশিয়া পরিস্থিতি নিয়ে এক বৈঠকে বাংলাদেশে খাদ্য সহায়তার কথা উঠলে কিসিঞ্জারই প্রথম ‘বাস্কেট কেস’ প্রসঙ্গ তোলেন। এরপর থেকে বাস্কেট কেস বা তলাবিহীন ঝুড়ি কথাটা বাংলাদেশের সঙ্গে জড়িয়ে যায়।





# ইউক্রেনের পূর্বাঞ্চলীয় গ্রাম দখলের দাবি রাশিয়ার



ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর : কয়েক দিনের লড়াইয়ের পর বুধবার ইউক্রেনের পূর্বাঞ্চলীয় রণক্ষেত্রে একটি গ্রাম দখলের দাবি করেছে রাশিয়া। কিয়েভের পক্ষ থেকে দখলের বিষয়ে কোনো মন্তব্য করা হয়নি। তবে ইউক্রেনীয় কর্মকর্তাদের দাবি, তীব্র হামলা চালানো রুশ সেনারা ব্যাপক ক্ষয়ক্ষতির শিকার হচ্ছে। ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স এ খবর জানিয়েছে।

পূর্বাঞ্চলীয় দোনেৎস্ক অঞ্চল দখলে মনোযোগ কেন্দ্রীভূত করেছে রুশ সেনারা। তবে তাদের অগ্রগতি খুব মন্থর। এক বছর আগে ইউক্রেন রুশদের কাছ থেকে দখল করা বেশ কিছু ভূখণ্ড পুনরুদ্ধার করেছিল কিন্তু জুন মাসে শুরু হওয়া পাল্টা আক্রমণে পূর্ব ও দক্ষিণে খুব সামান্য ভূখণ্ড পুনরুদ্ধারে সক্ষম হয়েছে তারা।

রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, রুশ সেনারা খ্রোমোভ নামের একটি গ্রাম দখল করেছে। এটি মে মাসে রাশিয়ার দখল করা বাখমুত থেকে পশ্চিম দিকে। যুদ্ধের আগে গ্রামটিতে প্রায় এক হাজার মানুষের বসবাস ছিল। বুধবার রণক্ষেত্রের যে খবর প্রকাশ করেছে ইউক্রেন, তাতে গ্রামটির কোনো উল্লেখ করা হয়নি। তবে ওই এলাকায় কয়েক সপ্তাহ ধরে দুই বাহিনীর মধ্যে তীব্র লড়াই চলছে।

ইউক্রেনীয় সেনাবাহিনীর এক মুখপাত্র ওলেক্সান্ডার শুপুন বলেছেন, কয়েক দিন বৃষ্টির পর আভদিভকায় রাশিয়ার গোলাবর্ষণ ও বিমান হামলা দ্বিগুণ হয়েছে। ইউক্রেনীয় সেনাদের প্রতিরক্ষা ভেদ করতে প্রত্যেকবারের প্রচেষ্টায় রাশিয়া ২০টি সাঁজোয়া দিয়ে হামলা করছে।

তিনি বলেন, ইউক্রেনীয় সেনারা রুশ হামলা প্রতিহত করছে, সামরিক সরঞ্জাম ধ্বংস করছে।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেল্স ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।
ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ॥ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

SHEIKH SALIM
Attorney at Law
Accident Cases, Medical Malpractice & Legal Malpractice
এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ
- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি
Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC
আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?
SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন
Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক
Member : naea NYSSEA e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER
প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/ নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

**Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!**

এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত



# ইউনাইটেড ট্রাভেলস ইনক



**Umra Hajj**-এর টিকেট ও **Vissa**-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

**UNITED TRAVELS INC.**

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con **Abdul Latif Bhuiyan Cell: 646-**

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

**বিরাট মূল্যহ্রাস**

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

# কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ








সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates SAUDIA ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SE CI

# বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

## ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

## সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
## SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&i, MI DIFS, GA DB&F AND MD OCFR

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081 |
| JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590 |

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

# যুক্তরাষ্ট্রে শিখ নেতা হত্যা করতে ‘ভারতীয় কর্মকর্তার’ পরিকল্পনা

**ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর :** যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেল দফতর সে দেশের নাগরিক ও শিখ বিচ্ছিন্নতাকামী নেতা গুরপতওয়ান্ত সিং পান্নুকে হত্যার ষড়যন্ত্রের বিস্তারিত তথ্য প্রকাশ করেছে। ওই ষড়যন্ত্রে এক ভারতীয়কে গ্রেফতার করা হয়েছে। একইসাথে বিস্তারিতভাবে জানানো হয়েছে কিভাবে ভারতের এক সরকারি কর্মকর্তা ষড়যন্ত্রে জড়িত ছিলেন।

একজন সরকারি কর্মকর্তা ষড়যন্ত্রে যুক্ত হয়ে যাওয়ায় বুধবার উদ্বেগ প্রকাশ করে ভারত বলেছে এটা সরকারের ‘নীতির পরিপন্থী’।

যে মার্কিন নাগরিককে হত্যার পরিকল্পনা করা হচ্ছিল বলে অ্যাটর্নি জেনারেলের দফতর জানাচ্ছে, সেই গুরপতওয়ান্ত সিং পান্নু ২০২০ সাল থেকে ভারত সরকার দ্বারা ঘোষিত সন্ত্রাসী।

তিনি একটি শিখ বিচ্ছিন্নতাকামী সংগঠনের আইনি পরামর্শদাতা। ওই সংগঠনটির এক নেতা হরদীপ সিং নিজ্জারকে জুন মাসে কানাডায় হত্যা করা হয়। মাস দু'য়েক আগে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো অভিযোগ তুলে বলেছিলেন, ভারতীয় সরকারের ‘অ্যাজেন্টরা’ তার দেশের এক নাগরিকের হত্যায় জড়িত। এর যথেষ্ট তথ্য প্রমাণ তাদের কাছে আছে। কানাডার অভিযোগ ভারত উড়িয়ে দিয়েছিল। কিন্তু এবার যুক্তরাষ্ট্র একই ধরনের অভিযোগ তোলা হলেও ভারতের সরকারি প্রতিক্রিয়া একেবারেই ভিন্ন।

হত্যার পরিকল্পনা :

নিখিল গুপ্তার নাম সামনে এলেও মার্কিন অ্যাটর্নি জেনারেলের দফতর অভিযুক্ত ভারতীয় কর্মকর্তার নাম প্রকাশ করেনি।

অভিযোগপত্রে বিস্তারিত লেখা হয়েছে কবে, কিভাবে ওই সরকারি কর্মকর্তা এবং গ্রেফতারকৃত নিখিল গুপ্তার মধ্যে যোগাযোগ হয়েছিল।

অভিযোগপত্রে দাবি করা হয়েছে মে মাসের প্রথম সপ্তাহে ভারতীয় কর্মকর্তা একটি ‘অ্যানক্রিপ্টেড অ্যাপের’ মাধ্যমে নিখিল গুপ্তার সাথে যোগাযোগ করেন।

গুপ্তাকে একটি ফৌজদারি মামলায় সহায়তা করার বিনিময়ে তিনি শিখ নেতা পান্নুকে হত্যা করার ব্যবস্থা করে দিতে রাজি হন।

ইলেকট্রনিক যোগাযোগ মাধ্যমে নিখিল গুপ্তা এবং ওই ভারতীয় কর্মকর্তার মধ্যে ক্রমাগত কথোপকথন চলছিল। এছাড়া দিল্লিতেও দু'জনের দেখা হয়।

অভিযোগপত্রে বলা হয়েছে, গুপ্তা এবং ওই ভারতীয় কর্মকর্তা যখন ‘অ্যানক্রিপ্টেড অ্যাপের’ মাধ্যমে ক্রমাগত যোগাযোগ রাখছিলেন, সে সময়ে গুপ্তা দিল্লি বা নিকটবর্তী এলাকায় ছিলেন।



গত ১২ মে গুপ্তাকে বলা হয় যে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা খতিয়ে দেখা হয়েছে। তাকে আরো বলা হয়েছিল, ‘গুজরাট পুলিশ থেকে আর কেউ ফোন করবে না।’

গুপ্তাকে ২৩ মে ভারতীয় কর্মকর্তা আবার আশ্বাস দিয়েছিলেন, ‘তিনি তার বসের সাথে কথা বলেছেন এবং গুজরাটের মামলাটি মিটে গেছে, কেউ আপনাকে আর ফোন করবে না।’

অভিযোগপত্রে দাবি করা হয়েছে, ভারতীয় কর্মকর্তা একজন উপ-নগরপালের সাথে গুপ্তার বৈঠকের ব্যবস্থাও করেছিলেন।

অফিসারের কাছ থেকে ভরসা পাওয়ার পরেই গুপ্তা নিউ ইয়র্কে হত্যার পরিকল্পনা নিয়ে এগোতে শুরু করেন। তিনি এই কাজের জন্য আমেরিকায় একজন ‘ভাড়াটে খুনির’ সাথে যোগাযোগ করেছিলেন। সে ভাড়াটে খুনিকে বলা হয়েছিল, ‘যে ব্যক্তিকে হত্যা করা হবে তিনি নিউ ইয়র্ক এবং আমেরিকার অন্য একটি শহরের মধ্যে আসা যাওয়া করেন।’

যে ভাড়াটে খুনির সাথে নিখিল গুপ্তা যোগাযোগ করেছিলেন, তিনি আসলে একজন ছদ্মবেশী মার্কিন ফেডারেল অ্যাজেন্ট।

হত্যার চূড়ান্ত প্রস্তুতি :

যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেল দফতর প্রকাশিত অভিযোগপত্রে দাবি করা হয়েছে, গুপ্তা নিউ ইয়র্কে হত্যা হয়ে যাওয়ার পরে ওই ছদ্মবেশী অ্যাজেন্টকে মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডায় আরো কাজ পাইয়ে দেয়ার কথাও বলেছিলেন।

এদিকে, গত ১৮ই জুন কানাডায় হরদীপ সিং নিজ্জার হত্যাকাণ্ডের পর ১৯ জুন একটি নির্ভরযোগ্য মার্কিন গোয়েন্দা সূত্রটিকে গুপ্তা বলেন যে ‘আমরা সবুজ সঙ্কেত পেয়েছি, আপনি আজ বা আগামীকাল যেকোনো সময় কাজটি সেরে ফেলতে পারেন। যত তাড়াতাড়ি সম্ভব এই কাজটি শেষ করুন।’

গুপ্তা গত ৩০ জুন ভারত থেকে চেক প্রজাতন্ত্রে গিয়েছিলেন, সেদিনই যুক্তরাষ্ট্রের অনুরোধে চেক পুলিশ তাকে গ্রেফতার করে। তার বিরুদ্ধে মাদক ও অস্ত্র পাচারের কারবারের সাথে যুক্ত ছিলেন। মার্কিন যুক্তরাষ্ট্র ভারতকে এই বিষয়ে অবহিত করেছিল।

উদ্বেগ ভারতের :

বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে পররাষ্ট্র দফতরের মুখপাত্র অরিন্দম বাগচী বলেন আমেরিকা ওই ষড়যন্ত্রের যে অভিযোগ করেছে, তা খতিয়ে দেখতে ইতোমধ্যেই একটি উচ্চপর্যায়ের তদন্ত কমিটি কাজ শুরু করেছে।

বাগচী বলেন, ‘একজন ব্যক্তির বিরুদ্ধে মার্কিন আদালতে করা মামলায় যেখানে ভারতীয় কর্মকর্তার সাথে যোগাযোগের অভিযোগ করা হয়েছে সেটা উদ্বেগের বিষয়। আমরা আগেও বলেছি আবারো বলছি, এটা সরকারি নীতির পরিপন্থী।’

তিনি বলেন, ‘আন্তর্জাতিক পর্যায়ে সংগঠিত অপরাধ, পাচার, অস্ত্রপাচার আর চরমপন্থীদের মধ্যে সম্পর্ক আইন-শৃঙ্খলারক্ষাকারী সংস্থাগুলোর বিবেচ্য বিষয় আর ঠিক এই কারণেই একটি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।’

কিন্তু বিষয়টির সাথে নিরাপত্তা ব্যবস্থা যুক্ত বলে এর বাইরে আর কোনো তথ্য তিনি দিতে চাননি।

যুক্তরাষ্ট্রের তোলা হত্যার পরিকল্পনা অভিযোগ নিয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় তদন্ত শুরুর ঘোষণা করলেও এর আগে যখন কানাডা তাদের এক নাগরিককে হত্যা করা হয়েছে এবং সেখানে ভারতের সরকারি কর্মকর্তাদের সম্পৃক্ততার কথা বলেছিল, তখন এই পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিক্রিয়াটি ছিল একেবারেই ভিন্ন।

কেন ভিন্ন সুর?

এই প্রশ্নের উত্তরে কলকাতার রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি ও রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক সব্যসাচী বসু রায় চৌধুরী বলছিলেন, ‘কানাডা আর যুক্তরাষ্ট্রের ক্ষেত্রে যে ভিন্ন ধরণের প্রতিক্রিয়া দেখা যাচ্ছে, তার বেশ কয়েকটা কারণ আছে।

‘প্রথমত যুক্তরাষ্ট্রে ভারতীয়দের সংখ্যা প্রায় ৫০ লাখ আর কানাডায় ভারতীদের সংখ্যা ১৫ লাখের কাছাকাছি। তাই স্বাভাবিকভাবে যুক্তরাষ্ট্রের ক্ষেত্রে সেখানে বসবাসকারী ভারতীয়দের স্বার্থরক্ষায় ভারত সরকার অনেক বেশি আগ্রহী হবে।’

তার কথায়, ‘আবার যেমন ভারতের বিরাট বাজারে যুক্তরাষ্ট্রের প্রচুর বিনিয়োগ আছে, ভারতের সরকারও কিন্তু সেই বিনিয়োগ ধরে রাখতে আগ্রহী। তুলনায় কানাডার সাথে ভারতের অর্থনৈতিক সম্পর্ক অনেকটাই কম।’

‘তৃতীয় কারণ হলো চীনের সাথে ভারতের যে প্রতিদ্বন্দ্বিতা, সেখানে যুক্তরাষ্ট্রকে পাশে পাওয়া ভারতের পক্ষে জরুরী। এ ক্ষেত্রেও কানাডার ভূমিকা চীন-ভারত সম্পর্কে অতটা গুরুত্বপূর্ণও নয়।’

সব্যসাচী বসুরায় চৌধুরী বলছিলেন, ‘সেজন্যই কানাডার অভিযোগটাকে উড়িয়ে দিতে পেরেছে ভারত কিন্তু যুক্তরাষ্ট্রের ক্ষেত্রে সেটা করা ভারতের পক্ষে কঠিন।’

তিনি আরো বলছিলেন, কানাডার সাথে কূটনৈতিক সম্পর্কের যে অবনতি হয়েছে ভারতের, সেটা মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষেত্রে হওয়ার সম্ভাবনা খুবই ক্ষীণ।

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Realty Inc.

আমাদের সেবা সমূহঃ
> বাড়ি ক্রয়-বিক্রয়
> লোন মোডিফিকেশনে (Loan Modification) ফ্রি সহায়তা
> ফরক্লোজারে (Foreclosure) ফ্রি সহায়তা
> আরইও (REO) বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
> ট্যাক্সলিনের-এর (Taxlien) বাড়ি ক্রয়-বিক্রয়
> সর্ট সেলের (Short Sale) বাড়ি ক্রয়-বিক্রয়
> বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ (Mix Use) বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package

WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন



Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

# বাংলাদেশী মেডিকেল গ্রুপ



**ডাঃ আতাউল ওসমানি**
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

**ডাঃ ফেরদৌস খন্দকার**
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

**Brooklyn**
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

**Jackson Heights**
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

# BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট

New Price



## বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



আমাদের আরও রয়েছে কবুতর, কোয়েল, চাকর, তিতি মুরগী ও রাতা মোড়গ, বালি হাঁস, হাঁস ও কোয়েলের ডিম

প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



| | |
|---|---|
| লাইভ তেলাপিয়া | $3.49lb |
| লাইভ বাফেলো | $3.49lb |
| আমেরিকান ইলিশ | $1.99lb |
| দেশী রুই | $1.79lb |
| Herring Fish (চাপিলা মাছ) | $2.49lb |
| Porgy | $1.49lb |

লাইভ ক্যাটফিস, স্যালমন, স্ট্রাইপ ব্যাস, সীব্যাস, স্মেল্ট, হ্যারিং, শ্রিম্প, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

**স্পেশাল**

| | |
|---|---|
| রেশমী বাসমতি রাইস | $ 17.99 |
| আমিন বাসমতি রাইস | $ 17.99 |
| আমিন পারবয়েলড রাইস | $ 9.99 |
| ডোনার বাসমতি রাইস | $ 18.99 |
| বাহার বাসমতি রাইস | $ 13.99 |
| সুলতানা বাসমতি রাইস | $ 12.99 |
| কচুর লতি (৩ প্যাক) | $4.99 |
| ৩ প্যাক কেসকি মাছ | $4.99 |
| ১ ডজন ডিম | .99c |
| আয়োডাইড সল্ট (২টি) | .99c |

ফ্রি ডেলিভারী
মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

# ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



## কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি স্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

**All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.**

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

# শিখ নেতা পান্নু হত্যার ষড়যন্ত্র মার্কিন অভিযোগে চাপে দিল্লি

ঢাকা ডেস্ক, ১ ডিসেম্বর : যুক্তরাষ্ট্রের মাটিতে খালিস্তানপন্থি শিখ নেতা গুরপতওয়ন্ত সিং পান্নুকে হত্যাচেষ্টার ষড়যন্ত্রে ভারতীয় কর্মকর্তা জড়িত থাকার যে অভিযোগ উঠেছে, তা নিয়ে মুখ খুলেছে ভারত । বুধবার যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে গুরুতর এ অভিযোগ আনা হয় । এতে বলা হয়, পান্নুকে হত্যার জন্য ভারত সরকারের এক কর্মকর্তা নিখিল গুপ্ত নামে এক ব্যক্তিকে নিয়োগ দিয়েছিলেন । হত্যা সংঘটিত করতে নিখিল ভাড়াটে খুনিকে অর্থ দেওয়ারও পরিকল্পনা করেন । কিন্তু তিনি ধরা পড়েন । তার ভাড়াটে খুনিই তাকে ধরিয়ে দেন ।



শিখ নেতা পান্নুকে হত্যার জন্য ১ লাখ ডলার দিতে চেয়েছিলেন নিখিল । গত ৯ জুন আরেক সহযোগীর মাধ্যমে ওই ভাড়াটে খুনিকে ১৫ হাজার ডলার অগ্রিমও দিয়েছিলেন । যার মাধ্যমে হত্যার পরিকল্পনা তিনি বাস্তবায়নের চেষ্টা করছিলেন, সেই ভাড়াটে খুনি কাজ করছিলেন মার্কিন প্রশাসনের জন্যই ।

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়, এ ঘটনা প্রেসিডেন্ট জো বাইডেনের পররাষ্ট্রনীতিতে ধাক্কা দেওয়ার মূল শক্তি হয়ে উঠতে পারে । ভারতের গণতন্ত্র নিয়ে ক্রমবর্ধমান উদ্বেগের মধ্যে বাইডেন দেশটির নেতাদের চীন ও রাশিয়ার প্রভাবের বিরুদ্ধে শক্তি হিসেবে বিবেচনা করছেন ।

গত বুধবার নিখিল গুপ্তের বিরুদ্ধে নিউইয়র্কের ম্যানহাটানের আদালতে আনুষ্ঠানিকভাবে অভিযোগ আনা হয় । এর পরই আন্তর্জাতিক গণমাধ্যমগুলো ফলাও করে খবরটি প্রকাশ করতে থাকে । যুক্তরাষ্ট্রের অভিযোগকে গুরুতর হিসেবে দেখা হচ্ছে । কারণ, এর আগে কানাডার মাটিতে শিখ নেতা হারদীপ সিং নিজ্জারের হত্যাকাণ্ড ঘটেছে । এ জন্য ভারতের গোয়েন্দাদের দোষারোপ করে আসছে কানাডা । এ নিয়ে দুই দেশের মধ্যে সম্পর্ক এখন সর্বকালের তলানিতে ঠেকেছে ।

পান্নু একজন খালিস্তানপন্থি মার্কিন আইনজীবী । তাঁর জন্মস্থান ভারতের পাঞ্জাব রাজ্যের অমৃতসরের কাছাকাছি এলাকায় হলেও দীর্ঘদিন ধরে তিনি যুক্তরাষ্ট্রে থাকেন । তাঁকে প্রায়ই কানাডায় স্বাধীন খালিস্তানের দাবিতে অনুষ্ঠান ও বিক্ষোভে দেখা যায় । তাঁকে ভারতের বাইরে খালিস্তানপন্থি শিখদের সবচেয়ে প্রভাবশালী নেতা মনে করা হয় । পান্নু 'শিখস ফর জাস্টিস' নামে সংগঠনের নেতা । এটি স্বাধীন শিখরাষ্ট্র খালিস্তান গঠনে প্রচারণা চালায় । পান্নুকে ২০২০ সালে সন্ত্রাসী ঘোষণা করে ভারত ।

দিল্লি ও অটোয়ার স্নায়ুযুদ্ধের মধ্যে যুক্তরাষ্ট্রের অভিযোগ কার্যত চাপে ফেলেছে ভারতকে । গতকাল বৃহস্পতিবার এনডিটিভি জানায়, ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় এ অভিযোগকে 'উদ্বেগের বিষয়' বলে বর্ণনা করেছে । মন্ত্রণালয়ের মুখপাত্র অরিন্দম বাগচি বলেন, মার্কিন আদালতে এক ব্যক্তির বিরুদ্ধে মামলা হয়েছে । বলা হচ্ছে, তার সঙ্গে ভারতের একজন কর্মকর্তার যোগসাজশ আছে । বিষয়টি উদ্বেগজনক । ভারতের প্রতিক্রিয়া প্রসঙ্গে তিনি বলেন, তারা যুক্তরাষ্ট্রকে বলেছেন, এটা তাদের সরকারের নীতির পরিপন্থি ।

যুক্তরাষ্ট্রের দাবি, নিউইয়র্কে তারা শিখ নেতা পান্নুকে হত্যাচেষ্টার সম্ভাব্য ষড়যন্ত্র নস্যাৎ করেছে । নিখিল গুপ্ত ভারত সরকারের এক কর্মকর্তার নির্দেশে এ পরিকল্পনা করেছিলেন । গত জুনে নিখিল চেক রিপাবলিকে গ্রেপ্তার হন । পরে বন্দি প্রত্যর্পণের মাধ্যমে তাকে যুক্তরাষ্ট্রে আনা হয় । তিনি ভারতের এক সরকারি কর্মকর্তার নির্দেশে এটা করছিলেন বলে আদালতে তার বিরুদ্ধে আনা অভিযোগে উল্লেখ করা হয়েছে । এ ঘটনার প্রতিক্রিয়ায় শিখ নেতা পান্নু বলেন, নিখিলকে অভিযুক্ত করার মাধ্যমে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে অভিযুক্ত করা হয়েছে । তাঁকে হত্যার ষড়যন্ত্রে ভারতের সরকার জড়িত ।

বিবিসি জানায়, নিখিল আন্তর্জাতিক মাদক ও অস্ত্র ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন । তাকে ওই ভারতীয় কর্মকর্তা বলেছিলেন, সম্ভাব্য হত্যাকাণ্ড সংঘটিত করতে যুক্তরাষ্ট্রে তিনি যেন একজন সহযোগীকে খুঁজে বের করেন । এজন্য নিউইয়র্কে নিখিল ভাড়াটে খুনির সঙ্গে দেখা করতে চেয়েছিলেন । তাকে অগ্রিম অর্থও দিয়েছিলেন ।

সম্প্রতি ব্রিটিশ সংবাদমাধ্যম ফিন্যান্সিয়াল টাইমস জানায়, খালিস্তানপন্থি নেতাকে মার্কিন মুলুকে বসে হত্যার ষড়যন্ত্র করা নিয়ে সম্প্রতি ভারতকে সতর্কও করেছিল যুক্তরাষ্ট্র । এ বিষয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছিল, যুক্তরাষ্ট্র অপরাধী-সন্ত্রাসীসহ কয়েকজনের বিষয়ে তাদের কিছু তথ্য দিয়েছে । এসব তথ্য তদন্ত করে দেখা হচ্ছে ।

গত জুনে কানাডায় শিখ বিচ্ছিন্নতাবাদী নেতা নিজ্জার হত্যার শিকার হন । তখন পান্নুকে হত্যার ষড়যন্ত্রের তথ্য মিত্র দেশগুলোকে জানিয়েছিল যুক্তরাষ্ট্র ।

## দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

# মাঠপর্যায়ে রদবদল শুরু

**ঢাকা ডেস্ক:** নির্বাচন কমিশনের চিঠির পরপরই মাঠপ্রশাসনে রদবদল ও প্রত্যাহার শুরু হয়েছে । সাপ্তাহিক বন্ধের দিন শনিবার ময়মনসিংহের জেলা প্রশাসককে মাঠপর্যায় থেকে প্রত্যাহার করে নেওয়া হয়েছে । সুনামগঞ্জের জেলা প্রশাসককে বদলি করা হয়েছে ময়মনসিংহে । নির্বাচন কমিশনের নির্দেশনার ভিত্তিতে এ রদবদল হয় । এদিকে সংসদ সচিবালয়ে সংযুক্ত এক উপসচিবকে সুনামগঞ্জের ডিসি করা হয়েছে । তবে শনিবার পর্যন্ত ইউএনও এবং ওসিদের বদলির প্রস্তাব নির্বাচন কমিশনে এসে পৌঁছেনি । ৫ ডিসেম্বরের পর ইউএনও, ওসি পর্যায়ে বদলি শুরু হতে পারে । ৫ ডিসেম্বরের মধ্যে ওসি ও ইউএনওদের বদলির প্রথম পর্যায়ের প্রস্তাব ইসিতে পাঠাতে হবে । বৃহস্পতিবার এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি দেয় নির্বাচন কমিশন । ভোটের আগ পর্যন্ত এসব পদে ধাপে ধাপে রদবদল চলবে । ইসি সূত্রে এ তথ্য জানা গেছে ।

জানা গেছে, মাঠপর্যায়ের কোনো কর্মকর্তাকে কখন কোথায় বদলি করা হবে-সেই প্রস্তাব মন্ত্রণালয় তৈরি করবে । এ সংক্রান্ত তালিকা নির্বাচন কমিশনে পাঠাতে হবে । সেই তালিকা দেখে নির্বাচন কমিশন সন্তুষ্ট হলে তাদের বদলির সম্মতি দেবে । তখন সংশ্লিষ্ট মন্ত্রণালয় বদলির আদেশ জারি করবে । এছাড়াও যদি কোনো কর্মকর্তার বিরুদ্ধে পক্ষপাতের অভিযোগ পাওয়া যায় তাকে নির্বাচন থেকে প্রত্যাহারের নির্দেশনা দেওয়া হবে ।

এদিকে নির্বাচন কমিশন জানিয়েছে, নির্বাচন কমিশনাররা মাঠপর্যায়ে সফরে গিয়ে যে তথ্য পেয়েছেন তার ভিত্তিতে প্রশাসন ও পুলিশে রদবদলের নির্দেশনা দেওয়া হয়েছে । শনিবার নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ এ তথ্য জানান । তিনি বলেন, নির্বাচন কমিশনাররা গত এক সপ্তাহ ধরে দেশের বিভিন্ন জেলায় এবং অঞ্চল পর্যায়ে সফর করেন । তারা মাঠ থেকে যে তথ্য পেয়েছেন তার ভিত্তিতেই রদবদলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে । কমিশন অনুভব করেছে, এ বদলির দরকার । তাদের যে ফাইন্ডিংস, তার ভিত্তিতে নির্বাচন কমিশন বসে ৩০ নভেম্বর এ সিদ্ধান্ত নিয়েছে । মাঠপর্যায়ের কী ধরনের তথ্য রয়েছে তা জানাননি অশোক কুমার দেবনাথ । তিনি বলেন, সব তথ্য তো ওপেনলি বলা হয় না । নির্বাচন কমিশনাররা মাঠপর্যায় থেকে যেসব তথ্য পেয়েছেন, বিভিন্ন প্রার্থী কিংবা বিভিন্ন কোয়াটার থেকে যে তথ্য এসেছে, তার ভিত্তিতেই এই সিদ্ধান্ত । তারা মনে করেছেন যে, বদলি করা প্রয়োজন ।

আগামী জাতীয় নির্বাচন সুষ্ঠু করার লক্ষ্যে দেশের সব উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (ওসি) পর্যায়ক্রমে বদলি করতে বৃহস্পতিবার জনপ্রশাসন ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি দেয় নির্বাচন কমিশন । ওই চিঠিতে যেসব ইউএনও একই স্থানে এক বছরের বেশি সময় এবং ওসিরা ৬ মাসের বেশি সময় ধরে রয়েছেন তাদের প্রথম পর্যায়ে বদলির জন্য নির্বাচন কমিশনে প্রস্তাব পাঠাতে বলা হয়েছে । ওই প্রস্তাব পাঠানোর জন্য ৫ ডিসেম্বর সময় বেঁধে দেওয়া হয়েছে । এছাড়া কয়েকজন ডিসি-এসপিকে প্রত্যাহার ও বদলির জন্যও পৃথক নির্দেশনা দেয় কমিশন । ওই নির্দেশনার পর গতকাল ময়মনসিংহের জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমানকে মাঠপর্যায়ে প্রত্যাহার করে নেওয়া হয়েছে । তাকে স্বাস্থ্য মন্ত্রণালয়ে বদলি করা হয়েছে । অপরদিকে সুনামগঞ্জের জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরীকে বদলি করে ময়মনসিংহের ডিসি করা হয়েছে । জাতীয় সংসদ সচিবালয়ের উপসচিব মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরীকে সুনামগঞ্জের ডিসি করা হয়েছে । ময়মনসিংহ ও সুনামগঞ্জের ডিসিরা ওই জেলার রিটার্নিং কর্মকর্তা ছিলেন ।

অশোক কুমার দেবনাথ আরও জানান, মাঠপ্রশাসন ও পুলিশের বদলির জন্য ইসি প্রস্তাব পাঠিয়েছে । প্রশাসনে বড় রদবদলে বিশৃঙ্খলা হবে না বলেও মনে করেন তিনি । এ বিষয়ে তিনি বলেন, একজন কর্মচারী যে উপজেলা বা জেলায় দায়িত্ব পালন করুক না কেন, তিনি সুষ্ঠুভাবেই দায়িত্ব পালন করবেন । প্রশাসনে বড় রদবদল হলে বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে মন্তব্য করে সম্প্রতি নির্বাচন কমিশনার মো. আলমগীর বলেছিলেন, এর দায়ভার ইসি কেন নেবে? এছাড়া কর্মকর্তাদের বদলি করা হলে তাদের যাতায়াতে সরকারের অর্থ ব্যয় হয় বলেও জানান । এ বিষয়ে ইসির বর্তমান অবস্থান জানতে চাইলে অশোক কুমার দেবনাথ বলেন, সেটা ওই কমিশনার ভালো বলতে পারবেন । কমিশন যে সিদ্ধান্ত দিয়েছে সেটা আমি বলতে পারি ।


স্বতন্ত্র প্রার্থীদের নিরাপত্তা : এ নির্বাচনে ৭৪৭ জন স্বতন্ত্র প্রার্থী নির্বাচন করছেন । অনেক প্রার্থী নিরাপত্তা নিয়ে শঙ্কিত । এ বিষয়ে জানতে চাইলে অশোক কুমার দেবনাথ বলেন, স্বতন্ত্র প্রার্থীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য আমরা ইতোমধ্যে মাঠপর্যায়ে বার্তা দিয়েছি । পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা ও রিটার্নিং কর্মকর্তাদের এ বিষয়ে ব্যবস্থা নিতে বলা হয়েছে । বৃহস্পতিবার জননিরাপত্তা বিভাগের সচিব নির্বাচন কমিশনে এসেছিলেন, সব বিষয়ে তাদের মেসেজ দিয়ে বলা হয়েছে, কেউ যেন নিরাপত্তার কোনো ঘাটতিতে না ভোগে সেই পদক্ষেপ নিতে হবে । এরপরও যদি কারও গাফিলতিতে কিছু হয়, তার বিরুদ্ধে ইসি কঠোর ব্যবস্থা নেবে ।

নির্বাচনে প্রার্থীদের বডিগার্ড দেওয়া হবে কিনা-এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, এটা সম্ভব হবে না । এত বডিগার্ড দেওয়া যাবে না । তবে, নিরাপত্তার দায়িত্ব আইনশৃঙ্খলা বাহিনীর । তারা যেন তা নিশ্চিত করতে পারে, সেটাই আমাদের কাম্য ।

সেনা মোতায়েনের কোনো সিদ্ধান্ত রয়েছে কিনা, এমন প্রশ্নে তিনি বলেন, যদি কমিশন মনে করে, সেনা মোতায়েন করতে পারে । তবে, এই মূহূর্তে এ বিষয়ে কোনো সিদ্ধান্ত আমার জানা নেই ।

নির্বাচনে ২৯ রাজনৈতিক দল : অশোক কুমার দেবনাথ জানান, নির্বাচন কমিশনে নিবন্ধিত ৪৪টি রাজনৈতিক দল আছে । তার মধ্যে ২৯টি দল এ নির্বাচনে অংশ নিয়েছে । এ নির্বাচনে ২৭১২ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন । কয়েকটি আসনে আওয়ামী লীগের একাধিক প্রার্থী রয়েছেন, এ বিষয়ে ইসি কী সিদ্ধান্ত নেবে-এমন প্রশ্নের উত্তরে তিনি বলেন, সেটা বাছাইয়ের সময় দেখা যাবে । রিটার্নিং কর্মকর্তা সিদ্ধান্ত নেবেন ।



# লিওনার্দোই সেরা বন্ধু কেটের

(শেষের পাতার পর)

সেই রোজ-জ্যাক জুটি আজও জীবন্ত দর্শক হৃদয়ে। তবে শুধু পর্দার জুটি হিসেবেই নয়, বাস্তব জীবনেও দুজনে সবচেয়ে কাছের বন্ধু। দীর্ঘ ৩ দশক ধরেই একে অন্যের সঙ্গে বন্ধুত্বের বন্ধনে মিশে আছেন লিও এবং ক্যাট। আর নিজেদের গভীর বন্ধুত্বের বিষয়ে কোথাও কথা বলার সুযোগ পেলে সেই সুযোগ কেউই হাতছাড়া করেন না।

সম্প্রতি এন্টারটেইনমেন্ট টুনাইটের সাথে কথোপকথনে, উইন্সলেট শেয়ার করেছেন যে লিওর সঙ্গেই তিনি নিজের ছন্দ খুঁজে পান। অভিনেত্রী বলেন, 'লিওর সাথে কাজ শুরু করার পর আমরা আমাদের নিজস্ব ছন্দ খুঁজে পেয়েছিলাম। এটি আশ্চর্যজনক! আমি এখনো পিছনে ফিরে তাকাই এবং আমাদের বন্ধুত্ব নিয়ে চিন্তা করি।'

তিনি টাইটানিকের সেই মুহূর্ত স্মরণ করে বলেন, 'আমাদের বন্ধুত্বটা দ্রুত আমাদের মাঝে প্রভাব ফেলেছে। ক্যারিয়ারের ওই সময়ে লিও লম্বা, চর্মসার ও জগাখিচুড়ি টাইপ ছিলেন। তবে তিনি খুব মুক্ত মানুষ ছিলেন এবং তার এই এনার্জি ছিল দুর্দান্ত যা চৌম্বকের মতো সবাইকে আকর্ষন করে। আমরা দ্রুত একে অন্যকে বুঝতে পারি। এরপর আমি মনে করি, এটা মজার হবে। আমরা অবশ্যই একসঙ্গে ভালো কিছু পেতে যাচ্ছি। এবং আমরা সত্যিই করেছি সেটা।'

কেট তার বন্ধু লিওকে সবচেয়ে মেধাবী একজন মানুষ হিসেবেও আখ্যায়িত করেছেন। কেট বলেন, 'তিনি সেই মুহূর্তটি খুব দ্রুত নিজের সাথে সংযুক্ত করে নিয়েছেন।

টাইটানিকে কিভাবে জাহাজের নিম্নশ্রেনীর মানুষদের সাথে তার মিশে যেতে হবে, সেই চরিত্রে নিজেকে খাপ খাইয়ে নিয়েছেন সহজেই।' কেট আরো বলেন, 'আমরা একে অন্যের সঙ্গে বেশ কিছু বিষয়ে যুক্ত হয়ে গিয়েছিলাম। আমরা নিজেদের বুঝতে পারি যা আমাদের বন্ধুত্বকে দীর্ঘায়িত করেছে।'

টাইটানিক দিয়ে বিশ্বব্যাপী জনপ্রিয়তা পায় কেট-লিও জুটি। এরপর 'রিভোলিউশনারি' মতো একাধিক সিনেমায় দুজনকে জুটি বাঁধতে দেখা গেছে। কেট উইন্সলেটকে সর্বশেষ দেখা গেছে অ্যাভাটার-এর দ্বিতীয় কিস্তি 'অ্যাভাটার : দ্য ওয়ে অফ ওয়াটার'-এ। অপরদিকে অক্টোবরে মুক্তি পেয়েছে লিওনার্দোর কিলারস অফ দ্য ফ্লাওয়ার মুন।

# সৌন্দর্য ধরে রাখার গোপন মন্ত্র

(শেষের পাতার পর

)নিয়মমাফিক চলতে পারেন! সকাল থেকে রাত পর্যন্ত যদি একটু নিয়মমাফিক চলা যায় তাহলেই কিন্তু সৌন্দর্য ধরে রাখা সম্ভব, বয়সের কাঁটা অনেকটা গড়ালেও। তাই পুরো দিন সুন্দর করতে এবং চেহারা সৌন্দর্যও ধরে রাখতে সকালটাকে নিয়মের জালে আটকে ফেলুন। কথায় বলে মর্নিং শোজ দ্য ডে! কাজেই সকালে ঘুম থেকে উঠে আপনি কী কী করছেন, তার ওপরেই অনেকটা নির্ভর করে ত্বক কতটা ভালো থাকবে।

প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে তাই মেনে চলুন কয়েকটি সহজ নিয়ম, তাহলেই অটুট থাকবে ত্বকের সৌন্দর্য।

**লেবুপানি**

ওজন কমাতে লেবুপানি পান করতে বলা হয়ে থাকে। সকালে খালি পেটে হালকা গরম পানিতে লেবু মিশিয়ে খেলে কেবল ওজনও কমে না বরং শরীরকে ভেতর থেকে পরিষ্কার রোগমুক্ত রাখতেও এ পানীয়র জুড়ি মেলা ভার। লেবুর রসে পর্যাপ্ত পরিমাণে অ্যান্টি-অক্সিডেন্ট আর ভিটামিন সি থাকে, যা ত্বকে বাড়তি জৌলুস এনে দিতে সক্ষম। আর কে না জানে, পুরো শরীর যদি ভেতর থেকেই পরিষ্কার হয়ে যায় তাহলে এর প্রকাশ যে ত্বকেও ফুটে উঠবে।

**ব্যায়ামের অভ্যাস**

প্রতিদিন সকালে ঘুম থেকে উঠে সাধারণ কিছু ফ্রি হ্যান্ড ব্যায়াম করতে পারেন। আঙিনায় কিংবা বাড়ির ছাদে মিনিট দশেক জোর কদমে হাঁটলেও চলবে। এ ধরনের হালকা ব্যায়াম শরীরকে রাখবে ফিট। এ ছাড়া সকালে ব্যায়াম করলে আপনার শরীর সারা দিন ঝরঝরে থাকবে। কেবল তা-ই নয়, ব্যায়ামের কারণে ঘামের মাধ্যমে শরীর থেকে টক্সিন বেরিয়ে যায়। স্বাভাবিকভাবেই ত্বকের সৌন্দর্যও বাড়ে।

**ত্বকের পরিচ্ছন্নতা**

ঘুম থেকে উঠে হালকা ব্যায়াম শেষে কোমল ফেসওয়াশ দিয়ে মুখটা ধুয়ে ফেলতে ভুলবেন না। সকালে মুখ ধোয়ার জন্য একটা হালকা বা মাইল্ড ফেসওয়াশ ব্যবহার করুন। কেননা এ সময় ত্বক নাজুক থাকে। তাই খুব হালকা ফেসওয়াশ স্বস্তি এনে দেবে। এরপর ফেস সিরাম বা হালকা ময়েশ্চারাইজার মেখে নিন। আর এসবের পাশাপাশি সানস্ক্রিন মাখতে ভুলবেন না।

**মশলাবিহীন খাবার এবং ফল, সবজি**

শাকসবজি আর ফল যে ত্বক ভালো রাখে, সে জানা কথা। তাই প্রতিদিন সকালের প্রথম খাবার অর্থাৎ ব্রেকফাস্টে যেকোনো ফল বা সবজি রাখার চেষ্টা করুন। গোটা ফল খান নিয়ম করে। চেষ্টা করুন সকাল থেকে শুরু করে পুরো দিন কম মসলাযুক্ত খাবার কিংবা মসলাবিহীন খাবার খেতে। এতে ওজন যেমন নিয়ন্ত্রণে থাকবে, তেমনি ত্বকও হয়ে উঠবে চকচকে।




Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME
This is the best time to Buy or Sell your home
বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল





189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com



বাংলা পত্রিকা
পড়ুন, লিখুন এবং বিজ্ঞাপন দিন
718-482-9923



GLOBAL MULTI SERVICES, INC

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়



তারেক হাসান খান, সিইও

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS

IRS e-file
AUTHORIZED IRS e-file PROVIDER
tax time!
tax refund

37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

## ‘সাহিত্য একাডেমি নিউইয়র্ক’র ত্রয়োদশ বছর পূর্ণ

# নিউইয়র্কের সাহিত্যিকদের অন্যরা অনুসরণ






**পলি শাহীনা:** সাহিত্যানুরাগীদের ভালোবাসায় সিক্ত হয়ে ‘সাহিত্য একাডেমি নিউইয়র্ক’ গত ২৪ নভেম্বর ত্রয়োদশ বছর পূর্ণ করলো। মানুষের হৃদয়ে তেরো বছর আগে প্রতিষ্ঠানটির বীজ বপন করা হয়। পুরো আসরটি সঞ্চালনায় ছিলেন একাডেমির পরিচালক মোশাররফ হোসেন। তিনি প্রয়াত লেখক মনসুর আলী সহ যাঁরা প্রতিষ্ঠানের শুরু থেকে ছিলেন তাঁদের সবাইকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। সাহিত্য একাডেমির রয়েছে পর্বতসদৃশ্য অজস্র ভালোবাসাময় স্মৃতির প্রাচীর। আসরে আগত সকলে সাহিত্য একাডেমিকে ঘিরে প্রাণখুলে স্মৃতি রোমন্থন করেন, শুভেচ্ছা জানান, সঙ্গে দৃঢ় প্রত্যয়ী মোশাররফ হোসেন এবং তাঁর সহযোগীদের সংগঠনটি নিয়মিতভাবে পরিচালনা করার জন্য ধন্যবাদ জানান।

অনুষ্ঠানের শুরুতে সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহর সঙ্গে সকলে মিলে বর্ষপূর্তির কেক কাটেন। তিনি বলেন, সাহিত্য একাডেমি আমাদের প্রাণের মেলা। সৃজনশীল সকল ক্ষেত্রের মতো লেখালেখিতেও অসাধারণ সব প্রতিভাবান লেখকরা এখন লিখছেন। প্রবাসী লেখক বলে কিছু নেই, সকলে বাংলা সাহিত্যের লেখক। আসরে উপস্থিত সিনিয়র, জুনিয়র সহ অনেক লেখক রয়েছেন যাঁরা বাংলাদেশে থাকলে তাঁদের নাম আরো বেশী উচ্চারিত হতো। প্রবাসে সাহিত্য চর্চায় সাহিত্য একাডেমি যে অবদান রাখছে, সেটি অনন্য এক দৃষ্টান্ত।

সাংবাদিক মঞ্জুর আহমেদ বলেন, ২০০১ সাল থেকে পত্রিকা সম্পাদনা শুরু করে আজ অবধি জড়িত আছি। শুরুর দিকে পত্রিকার জন্য স্থানীয় লেখকদের খুব কম লেখা পেতাম। আজ আনন্দের সঙ্গে জানাই, স্থানীয় লেখকরা কবিতা-গল্প- প্রবন্ধ খুব ভালো লিখছেন। নিউইয়র্কের সাহিত্য অঙ্গন আজ খুব সমৃদ্ধ। সাহিত্য একাডেমিতে উপস্থিত অনেকের লেখা পাই, লেখাগুলো খুবই উন্নতমানের।

লেখক হাসান ফেরদৌস বলেন, আমরা এমন এক সময় উৎসবে মিলিত হয়েছি যখন খুবই দুঃসময়। আমাদের সামনে মানুষ মারা যাচ্ছে পাখীর মতো। গাজায় প্রায় ৬০০০ শিশু মারা গেছে। সাহিত্য একাডেমি এবং সকল লেখকদের পক্ষ হতে যুদ্ধের তীব্র নিন্দা করছি, দাবী করছি অবিলম্বে যুদ্ধ বন্ধ হোক। লেখকের বড় কাজ অন্যের মধ্যে আশা জাগানো। কবিতা মানুষকে বিশ্বাস, আশা যোগায়, পথ দেখায়। আমরা যেন সে কবিতা লিখি যে কবিতা মানুষকে পথ দেখাবে। বিশ্বাস করি সে কবিতা সাহিত্য একাডেমির কেউ লিখবে।

লেখক ফেরদৌস সাজেদীন বলেন, সাহিত্য একাডেমিতে ঢুকে অনেক নক্ষত্র দেখতে পাচ্ছি। আজ আমাদের উৎসবের দিন। গত তেরো বছর ধরে আমরা একে



অপরের স্বরচিত পাঠ শুনে, সহযোগীতা করে এখানে পৌঁছেছি। সাহিত্য একাডেমি উম্মুক্ত জায়গা। যে কেউ এখানে আসতে পারে, যোগ দিতে পারে। সাহিত্য একাডেমির বড় গুণ সবাইকে আপন করে নেয়। লেখা এবং লেখা প্রকাশের মধ্যবর্তী সময়টা খুব গুরুত্বপূর্ণ। সাহিত্য একাডেমি লেখকদের ওই মধ্যবর্তী সময়টার যত্ন নেয়।

লেখক আবেদীন কাদের বলেন, তেরো বছর ধরে একটি সাহিত্য সংগঠন চালিয়ে নেয়া সহজ কাজ নয়। সাহিত্য একাডেমি নিয়মিত আসর করছে, এটি অত্যন্ত আনন্দের।

সাপ্তাহিক প্রথম আলো নিউইয়ক-এর সম্পাদক ইব্রাহীম চৌধুরী খোকন বলেন, আসরে উপস্থিত অনেকেই আমার পত্রিকায় লেখেন। এখানে লেখালেখি করে কেউ অর্থ পান না। কঠিন জীবন সংগ্রামের মধ্যেও যে আপনারা লিখছেন সেটাই যথেষ্ট। নিউইয়র্কের সাহিত্যাঙ্গনে সাহিত্য একাডেমি একটি গুরুত্বপূর্ণ সংগঠন, তাঁরা সকলকে একসঙ্গে যুক্ত রাখেন।

লেখক নীরা কাদরী বলেন, কবি শহীদ কাদরীর উৎসাহে আমি সাহিত্য একাডেমির সঙ্গে যুক্ত হয়েছিলাম। সাহিত্য একাডেমির মতো নিয়মিত সাহিত্য আসর এই শহরে আর কোথাও হয় না। সাহিত্য একাডেমির সঙ্গে আছি, এবং থাকব।

নাট্যব্যক্তিত্ব, লেখক রেখা আহমেদ বলেন, সাহিত্য একাডেমি বড়, ছোট সকলকে একসঙ্গে একই জায়গায় যুক্ত করতে পেরেছে, এটি অবশ্যই প্রশংসার দাবী রাখে।

মুক্তিযোদ্ধা, লেখক মোহসীন আলী বলেন, ১৯৮৬ সালে প্রথম এই দেশে যখন আসি তখন এমন সাহিত্য আসর ছিল না। আজ সাহিত্য একাডেমির তেরোতম বার্ষিকীতে আসতে পেরে আমি আনন্দিত। সাংবাদিক নিনি ওয়াহেদ বলেন, এখানে নতুনরা অনেক ভালো লিখছে। সাহিত্য একাডেমিতে এসে নতুনদের অসাধারণ স্বরচিত পাঠ শুনে খুব ভালো লাগে। সাহিত্য একাডেমি নতুনদের জন্য লেখালেখির আবহ তৈরি করছে। আশা করি, বাংলা সাহিত্যের লেখক হিসেবে নতুনরা একদিন সুনাম অর্জন করবে।

কবি শামস আল মমীন বলেন, এই শহরে যারা নতুন লিখছে তাদের জন্য সাহিত্য একাডেমি একটি অনুপ্রেরণামূলক প্লাটফর্ম। সাহিত্য সংগঠন নিয়মিত চালানো কঠিন কাজ, সাহিত্য একাডেমি সে কঠিন কাজটি করছে।

লেখক এবিএম সালেহ উদ্দিন বলেন, এমন শীতার্ত সন্ধ্যায় আমরা সাহিত্য একাডেমিতে একসাথ হয়েছি প্রাণের টানে। আমাদের সাহিত্য শুধু কল্পনা নির্ভর না হোক, হোক মানবতার। একদিন হয়ত নিউইয়র্কের সাহিত্যিকদের অন্যরা অনুসরণ করবে।

লেখক আবু সায়ীদ রতন বলেন, সাহিত্য একাডেমিতে এলে আরো ভালো লেখার তাগিদ অনুভব করি। নিউ-ইয়র্ক থেকে প্রকাশিত পত্রিকার সাহিত্য পাতা আলোকিত করে রাখেন সাহিত্য একাডেমির অনেকেই।

লেখক রাণু ফেরদৌস বলেন, সাহিত্য একাডেমিতে আসার পর নিয়মিত কবিতা লিখি, পড়ি। এখানে এসে অন্যের লেখা শুনে অনুপ্রাণিত হই। সাহিত্য একাডেমি একটি পরিবারের মতো।

বাফা’র প্রতিষ্ঠাতা ফরিদা ইয়াসমিন বলেন, একটি সংগঠন নিয়মিত পরিচালনা করা কঠিন কাজ। সাহিত্য একাডেমি হতে আমাদের শেখার আছে। সাহিত্য একাডেমি অনেক দূর এগিয়ে যাক।

লেখক-সাংবাদিক আকবর হায়দার কিরণ বলেন, সাহিত্য একাডেমির শুরু হতে যাঁদের দেখেছি তাঁদের অনেককে আজ দেখে ভালো লাগছে। সাহিত্য একাডেমির এই যাত্রা অব্যাহত থাকুক।

সাংস্কৃতিক ব্যক্তিত্ব শহীদ উদ্দিন বলেন, সাহিত্য বুঝি না, এখানে আসি আমার প্রিয় মানুষরা আসেন, তাই।

লেখক স্বপন বিশ্বাস বলেন, আমি সাধারণত কোন সংগঠনের সঙ্গে জড়িত হই না। সাহিত্য একাডেমিতে এসে মনে হচ্ছে, ভুল করি নাই। যেখানে দু’জন লেখক বন্ধু বেশীদিন একসঙ্গে চলতে পারেন না, সেখানে লেখকের সংগঠন সাহিত্য একাডেমি তেরো বছরে পৌঁছালো কীভাবে, এটি আমার কাছে বিস্ময়!

আবৃত্তিকার আবীর আলমগীর বলেন, তারুণ্যের সময় হতে এই শহরে আছি, অনেক সাহিত্য আসর দেখেছি, কয়েক বছর পর বন্ধ হয়ে গেছে। সেক্ষেত্রে সাহিত্য একাডেমি তেরো বছর পার করছে, তাদের ধন্যবাদ। তিনি কবি বেনজির শিকদারের কবিতা আবৃত্তি করেন।

নাট্যব্যক্তিত্ব এজাজ আলম বলেন, সাহিত্য একাডেমি এগিয়ে যাক স্বমহিমায়। তিনি নবারুণ ভট্টাচার্যের একটি কবিতা পাঠ করেন। আবৃত্তিকার কবির কিরণ বলেন, সাহিত্য একাডেমি আমার কাছে একটা অন্যরকম উদ্দীপনার নাম। যাঁরা লিখছেন আপনারা সবসময় অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার থাকবেন।

গীতিকার মাহফুজুর রহমান বলেন, আমি এসেছি সাহিত্য একাডেমিকে সমর্থন যোগাতে, সাহস যোগাতে, এটি আমার দায়িত্ব মনে করেছি। ওকলাহোমা থেকে আগত আবৃত্তিকার দিনাত জাহান বলেন, আমার শহরে সাহিত্য চর্চার তেমন সুযোগ নেই। এমন সমৃদ্ধ সাহিত্য আসরে যোগ দিতে পেরে খুশি হয়েছি। তিনি শঙ্খ ঘোষের একটি কবিতা আবৃত্তি করেন।

স্বরচিত পাঠ সহ আরো যাঁরা শুভেচ্ছা জানিয়েছেন তাঁরা হলেন, ধনঞ্জয় সাহা, মৃদুল আহমেদ, পারভীন সুলতানা, তাহমিনা খান, বেনজির শিকদার, ফারহানা হোসেন, লুৎফা শাহানা, নেহার সিদ্দিকী, জেবুন্নেসা জ্যোৎস্না, সুমন শামসুদ্দিন, মনিজা রহমান, শুক্লা রায়, রূপা খানম, আক-লিমা রানা চৌধুরী, সুলতানা ফেরদৌসী, ছন্দা বিনতে সুলতান, মিয়া আসকির, শাহ পলাশ, স্বাধীন মজুমদার, পলি শাহীনা প্রমুখ।

আসরে আরো উপস্থিত ছিলেন আহমাদ মাজহার, রাহাত কাজী শিউলি, মিনহাজ আহমেদ, উদিতা আজাদ, সাবিনা হাই উর্বি, তাহরীনা পারভীন প্রীতি, ফরহাদ হোসেন, রওশন আরা নীপা, শহীদুল ইসলাম, আনিস সিদ্দিকী, রেদোয়ান জুয়েল, শাফী মাহমুদ, ইয়াকুস আলী মিঠু, এস এম রোজী, দিনা ফেরদৌস, মাহবুব লীলেন, শাহ আলম প্রমুখ।

নতুন প্রজন্মের আলভান চৌধুরীর সংগীত আসরে উপস্থিত সকলে তন্ময় হয়ে উপভোগ করেন।

## প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতির নয়া কমিটি গঠিত

# লেবু সভাপতি উজ্জ্বল সাধারণ সম্পাদক ও রুবেল সাংগঠনিক সম্পাদক

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ’র নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে আব্দুর রউফ লেবু সভাপতি ও এসএম নাদির উজ্জ্বল সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছেন। ২৭ সদস্য কার্যকরি কমিটির মধ্যে শুধুমাত্র সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক পদে গোপন ব্যালটে নির্বাচন অনুষ্ঠিত হয়। সভাপতিসহ অন্যান্য পদের প্রার্থীরা বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। গত ২৯ নভেম্বর বুধবার জ্যাকসন হাইটস ও ব্রঙ্কসের পার্কচেষ্টারে এ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। বিকেল ৩টা থেকে রাত ১০টা পর্যন্ত ভোট গ্রহন চলে।

নাদির উজ্জ্বল ৯৪ ভোট পেয়ে সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি এলাহী তরফদার আরিফ পেয়েছেন ৫১ ভোট। সাংগঠনিক সম্পাদক পদে ৯১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন রুবেল হাসান মুন্সী। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি জাকারিয়া সরকার পেয়েছেন ৫৬ ভোট।

নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন গণেশ নাথ চৌধুরী। কমিশনের অপর ২ জন সদস্য ছিলেন উত্তম কুমার সাহা ও সাইফুল ইসলাম। তাদের সহযোগিতা করেন রাশেদ মান্নান ফয়সল।

প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ২০২৪-২০২৫ সালের কার্যকরি কমিটির কর্মকর্তরা হলেন: আব্দুর রউফ লেবু








(সভাপতি), মৌসুমী আহমেদ খান (সিনিয়র সহ সভাপতি), মাকসুদা পারভীন ও এহতেশামুল হক রোকনী (সহ সভাপতি), এসএম নাদির উজ্জ্বল (সাধারণ সম্পাদক), জহুরুল ইসলাম সুজন (যুগ্ম সম্পাদক), ফারুক হোসেন রনি (সহ সাধারণ সম্পাদক), রুবেল হাসান মুন্সী (সাংগঠনিক সম্পাদক), মাহমুদুল হাসান মার্ক (প্রচার ও প্রকাশনা সম্পাদক), জহুরুল ইসলাম টিপু (ক্রিড়া সম্পাদক), রেজোয়ানা রাজ্জাক সেতু (সাংস্কৃতিক সম্পাদক), জান্নাত ফেরদৌস লিপি (মহিলা সম্পাদিকা), কার্যকরি সদস্য যথাক্রমে কামরুজ্জামান কামরুল, আবুল কাশেম, বেনজামিন হামিদ অনু, আব্দুল মমিন মানিক, তানজিল আরিফ, দেবব্রত সাহা, মাসুদ রানা, খান হোসেন বিপু ও হাসান বিন নোমান রাসেল।

# Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



**Mohammad Pier**
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
**Cell: 917-678-8532**

**Income Tax**
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

**Immigration Services**
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file
IRS e-file

**Real Estate**
For Buying & Selling Houses
Mortgage Services

## PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
**Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583**
Email: piertax@gmail.com



# জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
# বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

## ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

**স্থান পরিবর্তন**



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

**ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩**



ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY
25th Anniversary 1990 2015
Authorised IRS e-file Provider

# KAKATUA AGENCY
# কাকাতুয়া এজেন্সী

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
IRS ENROLLED AGENT

**OUR SERVICES ARE:**
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

**NEW ADDRESS**
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
**Tel: (718) 726-6900 | (718) 397-5004**
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com
যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী



# মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

**OUR SERVICES**
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA
KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

# আতিকুর রহমান সালু গুরুতর অসুস্থ : দোয়া কামনা

**নিউইয়র্ক (ইউএনএ):** যুক্তরাষ্ট্রের নিউজার্সী রাজ্যে বসবাসকারী সাবেক ছাত্রনেতা, বিশিষ্ট সংগঠন, রাজনীতিক, বীর মুক্তিযোদ্ধা আতিকুর রহমান সালু গুরুতর অসুস্থ। তিনি ক্যান্সারে ভুগছেন এবং গত সপ্তাহে নিমোনিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার রোগ মুক্তি ও সুস্থতা কামনায় পরিবারের পক্ষ থেকে সবার দোয়া কামনা করা হয়েছে। খবর ইউএনএ'র।

আন্তর্জাতিক ফারাক্কা কমিটির চেয়ারম্যান ও ফোবানা'র সাবেক চেয়ারম্যান আতিকুর রহমান সালুর পারিবারিক সূত্রে জানা গেছে, চলতি বছরের মাঝামাঝি তার ক্যান্সার রোগ ধরা পড়ে। এরপর থেকেই তার চিকিৎসা চলছিলো এবং তিনি চিকিৎসকের পরামর্শে নিয়মতি কেমো নিচ্ছিলেন। গত সপ্তাহে তিনি নিমোনিয়ায় আক্রান্ত হলে গত ৩০ নভেম্বর শনিবার তাকে নিউজার্সীর প্যাসিক সিটির একটি হাসপাতালের আইসিইউতে ভর্তি করা হয়। বর্তমানে তার শারীরিক অবস্থা খুবই খারাপ। তার রোগ মুক্তি ও সুস্থতা কামনায় পরিবারের পক্ষ থেকে দেশবাসী ও সকল প্রবাসী বাংলাদেশীর দোয়া কামনা করা হয়েছে।

আতিকুর রহমান সালুর জন্ম টাঙ্গাইলে ১৯৪৮ সনে। হাই স্কুলের শেষ প্রান্তে নিউ ক্লাশ টেনে পড়াকালে সমগ্র হাই স্কুলের জেনারেল ক্যাপ্টেন এবং পরবর্তীকালে মধ্য ষাট দশকে টাঙ্গাইল জেলার ঐতিহ্যবাহী করটিয়া কলেজ (বর্তমানে সা'দত বিশ্ববিদ্যালয় কলেজ) ছাত্র সংসদের এজিএস এবং সেখান থেকে গ্র্যাজুয়েশন ও পরবর্তীকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন ও পরবর্তীতে আইনে ডিগ্রী লাভ। এর মাঝে ১৯৬২ থেকে ১৯৬৯ সনের টাঙ্গাইলের প্রতিটি ছাত্র আন্দোলনে তথা ঢাকা সহ তৎকালীন সমগ্র পূর্ব পাকিস্তানে আইয়ুব বিরোধী ছাত্র-গণ আন্দোলনে নেতৃত্ব প্রদান ও কারাবরণ। ক্রমান্বয়ে পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের তৎকালীন টাঙ্গাইল মহুকুমা-তথা টাঙ্গাইল জেলার সাধারণ সম্পাদক, সভাপতি পদ ও পরবর্তীকালে অভিবক্ত পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সদস্য এবং পরবর্তীকালে সংগঠনের (মেনন গ্রুপ) সাংগঠনিক সম্পাদক, পর্যায়ক্রমে পূর্ব বাংলা বিপ্লবী ছাত্র ইউনিয়ন তথা বাংলাদেশ বিপ্লবী ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক ও সভাপতির পদ অলংকৃত করেন।



পরবর্তীতে ১৯৭০ সালের ২২শে ফেব্রুয়ারী ঐতিহাসিক পল্টন ময়দানে তদানীন্তন পূর্ব পাকিস্তান ছাত্র ইউনিয়নের উদ্যোগে অনুষ্ঠিত লক্ষ লোকের সমাবেশে স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা কায়েমের প্রস্তাব হয়। এই গুরুত্বপূর্ণ প্রস্তাব পাঠ করেন সংগঠনের তৎকালীন সাংগঠনিক সম্পাদক আতিকুর রহমান সালু। ১৯৭১ সনে মুক্তিযুদ্ধ সময়ে ভারতে অন্তরীণ মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানীকে সভাপতি করে বাংলাদেশ জাতীয় মুক্তি সংগ্রাম সমন্বয় কমিটি নামে যে কমিটি গঠিত হয় তিনি ছিলেন সেই কমিটিরও কেন্দ্রীয় সদস্য। বিভিন্ন সময় পট পরিবর্তনের হাওয়াতেও আতিকুর রহমান সালু আদর্শচ্যুত হননি। বাংলাদেশের স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা ও ফারাক্কা লং মার্চের মহানায়ক মজলুম জননেতা মওলানা আব্দুল হামিদ খান ভাসানীর সান্নিধ্যে থেকে দেশ ও জনগণের জন্যে নির্লোভভাবে কাজ করে গেছেন। ১৯৭৬ সালে মওলানা ভাসানীর নেতৃত্বে অনুষ্ঠিত ঐতিহাসিক ফারাক্কা লং মার্চে অংশ গ্রহণ করেন। পরবর্তীকালে ২০০৫ সালের ৪ঠা মার্চ আন্তর্জাতিক ফারাক্কা কমিটির উদ্যোগে উজানে ভারতের এক তরফা পানি প্রত্যাহারের প্রতিবাদে ও আমাদের নদী পানির অধিকার রক্ষা ও আদায়ের জন্য কুড়িগ্রাম জেলার চিলমারীতে অনুষ্ঠিত লং মার্চেও অন্যদের সাথে নিয়ে নেতৃত্ব প্রদান করেন, যেখানে ৫ লক্ষাধিক লোকের সমাগম ঘটে।

তিনি এক দিকে কবি, গীতিকার, সুরকার, লেখক, অ্যাক্টিভিষ্ট ও বীর মুক্তিযোদ্ধা। '৬০ দশক থেকে সমানতালে চলছে তার নিরব কাব্য চর্চা। তার প্রথম কাব্যগ্রন্থ 'আনিকার জন্য কবিতা'। আনিকা ছিলো আতিকুর রহমান সালুর ছোট মেয়ে। ২০০৬ সালের ৩০ মে আমেরিকার ভার্জেনিয়ায় এক গাড়ী দূর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে সফল অস্ত্রপচার পরবর্তীকালে অকালে মৃত্যুবরণ করে ১৬ বছর বয়সের আনিকা ৩১ জুলাই ২০০৬ শেষ নি:শ্বাস ত্যাগ করে (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। 'অন্য রকম কবিতা' জনাব সালুর দ্বিতীয় কাব্যগ্রন্থ।




ATTORNEY
M. MUSTAFA
(A full service Law Firm)
LLB Honors (1st Class)
LLM (1st Class), Bangladesh
Barrister-At-Law, London
Attorney-At-Law, NY
718-487-4873

PERSO AL INJURY & DEATH DAMAGES CLAIMS
- Lead Poisoning
- Construction Work
- Slip and Fall
- Medical & dental Malpractice
- Hospital Negligence
- Delayed Treatment
- Failure to Diagnose
- Cancer & other fatal diseases
- Anesthesia & Gynecologic Surgery Malpractice
- Defective Child Birth
- Nursing Home Neglect and abuse etc.
- Wrongful Death Claim
- Car and Bi-cycle Accident and injury
- Taxi, Bus- Subway, and Train accidents
- Elevator and Escalator Accident
- Explosion and Fire Accident
- Defective product and electrical shock

IMMIGRATION MATTERS
- Green Card through "EB1 TO EB5"
- Political Asylum
- Detention and Bond
- All immigration court issues and cases
- Cancellation of Removal
- Adjustment of Status
- Condition Removal
- Business Immigration HB, L1, E2
- Green Card Replacement /Renew
- Complex Citizenship
- Re-entry permit
- Collection of Immigration Record
- Waiver
- Deportation
- Family Petitions
- Green card through Adoption or Orphan
- Immigration Appeals and Motions
- Canadian Immigration
- Student Visa process for USA,
- Canada, UK

GENERAL PRACTICE AREAS
- Divorce and Family Matter
- Child Support and Modification
- Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure
- Bankruptcy
- All civil Matters
- Landlord-Tenant
- Incorporation
- Power of Attorney
- Wills, Trust, and Estate Planning
- Overtime and Wages Issue
- All Criminal Matters

148-45 Hillside Ave, Suite 203, Jamaica, NY 11435
Phone : 718-487-4873 Text : 917-285-6247 Email : abmostofa1@gmail.com

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার
MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine
Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:
718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services
Tax
Accounting
Immigration
*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant
167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান
B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।
- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"
যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com



# কুইন্স হাসপাতালে জিহানের আঁকা ম্যুরাল উদ্বোধন

(শেষের পাতার পর)

একটি ম্যুরাল এঁকেছেন বাংলাদেশী আমেরিকান তরুণ শিল্পী জিহান ওয়াজেদ। গত ১৫ নভেম্বর দুপুরে ছিলো বারো'শ পঞ্চাশ বর্গফুটের 'রুটস অফ মেডিসিন' ম্যুরালটির আনুষ্ঠানিক উদ্বোধন। কুইন্স হাসপাতালের প্রধান নির্বাহী নেইল জে মুর ও জিহান ওয়াজেদ যৌথভাবে ফিতা কেটে উন্মোচন করেন ম্যুরালটি। এনওয়াইসি হেলথ এন্ড হসপিটাল বিভাগের তথ্য মতে আমেরিকার পাবলিক হাসপাতালের কমিউনিটি ম্যুরাল প্রকল্পের মধ্যে এটিই সবচেয়ে বড় ম্যুরাল। ফিতা কাটা পর্বের আগে মেইন হসপিটাল এট্রিয়ামে অনাড়ম্বর অনুষ্ঠানে হাসপাতালের কর্মকর্তাদের মধ্যে বক্তব্য রাখেন কুইন্স হাসপাতালের প্রধান নির্বাহী নেইল মুর, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ডা. এরিক ওয়েই, এসিসস্ট্যান্ট ভাইস চেয়ারম্যান রিক লুফটগাস, কুইন্স হসপিটাল কমিউনিটি বোর্ড চেয়ারম্যান রবিন হোগানস, কুইন্স মেডিকেল নির্বাহী কমিটির পরিচালক ডা. মার্সি স্টেইন এলবার্ট ও শিল্পী জিহান ওয়াজেদ।

জ্যামাইকার কুইন্স হসপিটালের মূল প্রবেশপথের ডানে প্রথম ও দ্বিতীয় তলা মিলে প্রশস্ত লবির দেয়ালে বিশালাকৃতির ম্যুরালটি হাসপাতালের সৌন্দর্য্য বহুগুণে বৃদ্ধি করেছে। নিউইয়র্ক সিটির হেলথ অ্যান্ড হাসপাতাল বিভাগ ১৯৩০ সাল থেকে সিটির হাসপাতালগুলোতে ম্যুরাল ও চিত্র স্থাপনের জন্য 'কমিউনিটি ম্যুরাল প্রজেক্ট' গ্রহণ করেছে এবং এর আওতায় জিহানের এ ম্যুরালটি স্থাপন করা হয়েছে। সিটির হাসপাতাল ব্যবস্থাপনার 'আর্টস ইন মেডিসিন ডিপার্টমেন্ট' এ প্রজেক্টের দেখাশোনার দায়িত্বে নিয়োজিত। কুইন্স হাসপাতালে জিহানের ম্যুরালের জন্য আর্থিক সহায়তা দিয়েছে লোরি এম. টিশ ইল্যুসিনেশন ফান্ড। ম্যুরালের আনুষ্ঠানিক উদ্বোধনকালে প্রতিষ্ঠানটির এক্সিকিউটিভ ডিরেক্টর রিক লাফটগাস ম্যুরাল সম্পর্কে বলেছেন যে, ম্যুরালটি কুইন্স হাসপাতালের আকর্ষণ বাড়িয়ে দিয়েছে। শিল্পকর্মের মাধ্যমে রোগী ও পরিবারের সদস্যদের মনে প্রশান্তি আনার প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, এ ধরনের উদ্যোগে অংশগ্রহণ করতে পেরে আমরা গর্ব অনুভব করছি।

অনুষ্ঠানে শিল্পী জিহান ওয়াজেদ বলেন, আমি এই হাসপাতাল থেকে মাত্র কয়েক বক দূরে বেড়ে উঠেছি। কুইন্স হাসপাতালের দেয়ালে ম্যুরাল আঁকতে পেরে আমার ভালো লাগছে। জিহান বলেন, কৈশোরে আমার একটি আঙুল ভেঙে গেলে আমার বাবা আমাকে এই হাসপাতালের জরুরী বিভাগে এনেছিলেন। আমার আঙুল সেরে ওঠে। সেই আঙুল দিয়েই আমি আজকের এই ম্যুরাল এঁকেছি। তিনি বলেন, আমি ৮টি ফুলের বৈচিত্র্য তুলে ধরেছি ম্যুরালে। যার মধ্যে প্রতিচ্ছবি ফুটে ওঠে এই হাসপাতালে আসা নানা কম্যুনিটির মানুষদের । আর গাছের লতাপাতার মাধ্যমে বোঝাতে চেয়েছি এত বৈচিত্র সত্ত্বেও আমরা পরস্পর কত ঐক্যবদ্ধ। তিনি নিউইয়র্ক সিটি হেলথ এন্ড হসপিটাল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান তাকে এধরনের একটি কাজ করার সুযোগ দেওয়ার জন্য। সিটি হাসপাতালের আর্টস ইন মেডিসিন প্রোগ্রামের অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট লারিসা ট্রিন্ডার বলেন, জিহানের ম্যুরাল একটি বৃহৎ আকারের অভিজ্ঞতা যা কুইন্স হাসপাতালের ব্যস্ত লবির মধ্যে প্রকৃতিকে নিয়ে এসেছে বাস্তবে। ম্যুরালে জীববৈচিত্রকে তুলে ধরা হয়েছে যা মানুষের রোগ নিরাময়ে ভূমিকা রাখে এবং প্রশান্তি আনে রোগীর মনে। আমরা জনস্বাস্থ্যের উপর ইতিবাচক প্রভাবের জন্য ম্যুরালগুলিকে স্বাস্থ্যসেবার একটি পরিষেবা হিসাবে বিবেচনা করি। তিনি বলেন, আজ গর্বিত বোধ করছি কুইন্স কমিউনিটির কাছে ম্যুরালটি স্থাপন করতে পেরে ।

হোমিওপ্যাথি চিকিৎসা পদ্ধতিতে 'রুটস অফ মেডিসিন' বা 'ওষুধের মূল' হলো আটটি ফুল–ক্যালেন্ডুলা, ল্যাভেন্ডার, ক্যামোমাইল, ইচিনেসিয়া, তিসি (ফ্ল্যাক্স সিড), গোলাপের পাপড়ি, সেন্ট জনস ওয়ার্ট এবং কলমি ফুল (ন্যাস্টার্টিয়াম)। এগুলোর মধ্যে ল্যাভেন্ডার অস্থিরতায় প্রশান্তি ও অবসাদ আনতে; ক্যামোমাইল হজমে সহায়তা করতে; ক্যালেন্ডুলা প্রদাহ ও ক্ষত-নিরাময়ে; ইচিনেসিয়া রোগ প্রতিরোধ শক্তি বৃদ্ধিতে; তিসি বীজ হৃদপি-কে ঠিক রাখতে ও হজমে সহায়তা করতে; গোলাপের পাপড়ি প্রশান্তি আনতে; সেন্ট জনস ওয়ার্ট বিষন্নতা দূর করতে ও উদ্বেগ প্রশমনে এবং সর্বোপরি কলমি ফুল বা ন্যাস্টার্টিয়াম ভিটামিন সি সমৃদ্ধ ও রোগ প্রতিরোধ ব্যবস্থা বৃদ্ধিতে সহায়ক।' জ্যামাইকার কুইন্স হসপিটাল সেন্টারের সৌন্দর্য বিকাশে বাংলাদেশী বংশোদ্ভুত তরুণ শিল্পী জিহান ওয়াজেদের আঁকা ম্যুরালে 'রুটস অফ মেডিসিন'গুলো অলঙ্কৃত হয়েছে। এ ম্যুরালের আনুষ্ঠানিক উদ্বোধনের সময় রোগ নিরাময়ের সঙ্গে প্রকৃতি এবং মানুষের দৈহিক ও মানসিক সম্পর্কের নিবিড়তার কথাগুলো উঠে আসে আলোচনায়।

উল্লেখ্য, সিটির হেলথ অ্যান্ড হাসপাতাল বিভাগ শিল্পী জিহানকে গত এপ্রিল মাসে ম্যুরাল আঁকার জন্য নির্বাচিত করে। এ উদ্দেশ্যে প্রাথমিক চুক্তিপত্র সম্পন্ন হলে গত ২ আগস্ট কুইন্স হাসপাতাল কর্তৃপক্ষ আয়োজন করেছিল কমিউনিটি ম্যুরাল পেইন্ট পার্টির। উল্লেখ্য, সিটির হেলথ এন্ড হসপিটালস নিউইয়র্ক সিটির সবচেয়ে বৃহৎ শিল্প সংগ্রাহক হিসেবেও সমাদৃত। শিল্পকর্ম সংগ্রহের চেয়েও গুরুত্বপূর্ণ ব্যাপার হলো এই কাজগুলো এক নিরাময় পরিবেশ সৃষ্টি করে, দৃষ্টিসুখের সৃষ্টি করে। কমিউনিটি ম্যুরাল প্রকল্প হাসপাতালের সিটির নান্দনিক সৌন্দর্য বৃদ্ধির পাশাপাশি মানসিক স্বাস্থ্যের বিকাশেও অবদান রাখে বলে প্রকল্পটি ইতোমধ্যে জনপ্রিয়তা পেয়েছে। উল্লেখ্য, সিটির হেলথ এন্ড হসপিটালস নিউইয়র্ক সিটির সবচেয়ে বৃহৎ শিল্প সংগ্রাহক হিসেবেও সমাদৃত, যাদের সংগ্রহে ৭,০০০ এর অধিক শিল্পকর্ম রয়েছে এবং কোনো কোনো ঐতিহাসিক ম্যুরালের জন্য খ্যাতনামা শিল্পীদের কমিশন করা হয়েছে। এ প্রকল্প শুরু হয়েছিল ১৯৩০ এর দশকে ওয়ার্কস প্রগ্রেস প্রশাসনের আওতায় এবং এ প্রকল্পের অধীনে হাসপাতালগুলোতে স্থাপিত হয়েছে শিল্পকর্ম, মোজাইক, আলোকচিত্র, স্থাপত্য, ম্যুরাল। এসব কর্মে অবদান রেখেছেন আমেরিকার বহু নেতৃস্থানীয় শিল্পী, যাদের অন্যতম জ্যাকব লরেন্স, বোমারে বিয়ারডন, হেলেন ফ্রাঙ্কেনথালের, ম্যারি ফ্র্যাঙ্ক, বেটি বেটন, ক্যানিডা আলভারেজ প্রমুখ। শিল্পকর্ম সংগ্রহের চেয়েও গুরুত্বপূর্ণ ব্যাপার হলো এই কাজগুলো এক নিরাময় পরিবেশ সৃষ্টি করে, দৃষ্টিসুখের সৃষ্টি করে। সিটি হেলথ এন্ড হসপিটালস এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও চিফ কোয়ালিটি অফিসার এরিক ওয়ে, এমডি বলেছেন, আমাদের রোগী, তাদের পরিবার এবং আমাদের কর্মীদের নিরাময় সংস্কৃতিতে উৎসাহিত করার কৌশল হিসেবে আমরা শিল্পকর্মগুলোকে করিডোর, ক্লিনিক ও স্টাফদের বিচরণের জায়গায় স্থাপন করি, যা ইতিবাচক ভূমিকা রাখে। সিটির হাসপাতালগুলোতে চলতি বছর যে নয়টি নতুন ম্যুরাল স্থাপন করা হয়েছে, কুইন্স হাসপাতালে জিহানের 'রুটস অফ মেডিসিন' তার অন্যতম।

জিহান ওয়াজেদ এর আগেও সিটির বিভিন্ন স্থানে ম্যুরাল অঙ্কন করেছেন। কুইন্স হাসপাতাল ছাড়াও সম্প্রতি জন এফ কেনেডি এয়ারপোর্টের টার্মিনাল-৪ এ একটি ম্যুরাল এঁকেছেন জিহান ওয়াজেদ। শ্রীঘ্রই ম্যুরালটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবে জেএফকে এয়ারপোর্ট কর্তৃপক্ষ। নিউইয়র্ক সিটির এস্টোরিয়ার ইস্ট রিভার তীরে 'এ সিটি ইন মোশন' নামে একটি ম্যুরাল এঁকেছেন জিহান। হল্টারস পয়েন্ট মেগা ডেভেলপমেন্টে ৭৫০ ফুটের এই ম্যুরালটির স্থিরচিত্র সচল হয়ে উঠে মোবাইল অ্যাপসে। আকর্ষনীয় ম্যুরালটি দৃষ্টি কেড়েছে এলাকাবাসীর। তার অন্যতম শিল্প কর্মের মধ্যে ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ভবন, নিউইয়র্ক ইন্টারন্যাশনাল স্পোর্টস কমপ্লেক্স, বিলি জিন কিং ন্যাশনাল টেনিস সেন্টার, এস্টোরিয়ায় ১৭৭ ফিট দীর্ঘ ম্যুরাল 'ওয়েলকাম এস্টোরিয়া' মুর‍্যাল এবং সিটিতে বাংলাদেশিদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় 'বাংলাদেশ ম্যুরাল' অন্যতম। নিউইয়র্ক সিটিতে এইভাবেই জিহান বাংলাদেশীদের গর্বিত করে চলেছেন। এছাড়া নিউইয়র্ক সিটির বিভিন্ন বরোতে বড় বড় মুরাল্য অঙ্কণ করেছেন জিহান ওয়াজেদ। মুর‍্যাল ছাড়াও নিউইয়র্কে ম্যানহাটানস্থ গ্যালারীতে তার বেশ কয়েকটি একক চিত্র প্রদর্শনী ব্যাপক সাড়া জাগায় মুলধারার দর্শকের মাঝে। স্টুডিওতে ছবি আঁকার পাশাপাশি তার নিজস্ব স্টাইলে ম্যুরাল আঁকছেন দেয়ালে। তার ম্যুরালের রয়েছে নিজস্ব ও নূতন ধারা। তার স্টুডিও ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে। তিনি সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ খানের পুত্র।

# দক্ষিণ আফ্রিকার মাটিতে ঐতিহাসিক জয়


(শেষের পাতার পর)


মেয়েদের টি-টোয়েন্টির হিসাবে লক্ষ্যটা বেশ বড়ই। কিন্তু ওপেনিং জুটিতেই বাংলাদেশকে হতাশ করে তোলার সব বন্দোবস্ত করে ফেলেন দুই প্রোটিয়া ওপেনার। ৬৯ রানের জুটিটা ভাঙলেন লেগ স্পিনার রাবেয়া খান।

ফেরালেন ৩০ রান করা স্বাগতিক অধিনায়ক তাজমিন ব্রিটসকে। এই উইকেট প্রাপ্তি যেন জাগিয়ে তুলল বাংলাদেশের মেয়েদের। এরপর নিয়মিত বিরতিতে আসা-যাওয়ার মিছিলে ছিলেন প্রোটিয়া ব্যাটাররা। অবশ্য বাংলাদেশের জয়ের মাঝে বাধা হয়ে দাঁড়িয়েছিলেন এনিকে বস্ক। তাঁকে লতা মন্ডলের ক্যাচ বানিয়ে ফেরান লেগ স্পিনার স্বর্ণা আক্তার। চতুর্থ ব্যাটার হিসেবে আউট হওয়ার সময় তিনি করেন ৬৭ রান। এরপর আর পেছন ফিরে তাকাতে হয়নি বাংলাদেশের মেয়েদের। দক্ষিণ আফ্রিকার ইনিংস তাঁরা থামিয়ে দেন ৮ উইকেটে ১৩৬ রানে।

তাতে বেনোনিতে প্রথম টি-টোয়েন্টিতে বাংলাদেশ জিতেছে ১৩ রানে। এই সংস্করণে প্রোটিয়া মেয়েদের বিপক্ষে বাংলাদেশের এটি দ্বিতীয় জয়। প্রথম জয়টি ২০১২ সালে মিরপুরে দুই দলের প্রথম দেখায়। সেই জয়ের পর টানা ১১ হার। অবশেষে দক্ষিণ আফ্রিকার মাটিতে প্রথম জয় দিয়ে সেই খরা কাটাল বাংলাদেশের মেয়েরা।

প্রোটিয়াদের ইনিংস গুটিয়ে দেওয়ার বড় কৃতিত্ব স্বর্ণার। এই লেগি চার ওভারে ২৮ রান দিয়ে ৫ উইকেট নিয়েছেন। এই সংস্করণে কোনো বাংলাদেশি বোলারের এটি তৃতীয়বার ৫ উইকেট। বিরুদ্ধ কন্ডিশনে ব্যাটিংটাও দারুণ করেছেন বাংলাদেশের মেয়েরা। মুর্শিদা খাতুনের অপরাজিত ৬২ রানের সঙ্গে অধিনায়ক নিগার সুলতানার ঝোড়ো ইনিংস বাংলাদেশকে বড় সংগ্রহ এনে দেয়। ২১ বলে ৩৪ রানে অপরাজিত ছিলেন নিগার।



দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

**বাফেলোতে বাড়ি কেনা-বেচায়**



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

**রাফি সাফওয়ান**

ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :

**267-992-3201**

**Park Realty**
*of Western New York*

155 Summer St
Buffalo, NY 14222

---

## Looking for intake or scribing Positions for Starling Diagnostics In the Bronx.

- Foreign Medical Graduate Preferred
- Typing speed 50+ preferred
- Experience 1 to 3 years Preferred
- Bangla and English Language

Please email your resume to
mohammod.ali@starlingdiagnostics.com
Daytime phone (267)342-1481.

starling diagnostics

---

# কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত

**কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত**

পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো, মেরিজ সার্টিফিকেট ও কাবিন নামা প্রদান করা হয়।

পরামর্শ ও এপয়েন্টমেন্টের জন্য যোগাযোগ করুনঃ

**917-428-1519**

---

**FREE CONSULTATION!!!**

I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT

Authorized IRS e-file Provider

IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

**TAX - ACCOUNTING - NOTARY PUBLIC**
**IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO**
**ট্যাক্স–একাউন্টিং–নোটারী**

Tax Preparation, Tax Planning & Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



---

## হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

---

# ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

**বাংলা ট্যুর**

৩৪৭ ২৮০ ৭২৬৯

---

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

**পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা**

# জয় ক্যাটারিং মেন্যু

| প্যাকেজ -১ | প্যাকেজ-২ | প্যাকেজ-৩ | প্যাকেজ-৪ |
|---|---|---|---|
| প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | প্লেইন পোলাও<br>চিকেন রোস্ট<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট | মটর পোলাও<br>চিকেন রোস্ট<br>সামি কাবাব<br>গোট অথবা বিফ কারি<br>মিক্সড ভেজিটেবল<br>সালাড<br>ডিজার্ট |
| $ 7.00 | $ 8.00 | $10.00 | $11.00 |

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
**Tel: 212-490- 1277, (212) 490-1278,** Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
**Tel: 646-559-7527**

## থেরাপিস্ট আবশ্যক

চিকিৎসক কর্তৃক প্রেসক্রাইবকৃত একজন রোগীর জন্য থেরাপিস্ট আবশ্যক ।

যোগাযোগঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৩৭১-৮৮৯৮

## বেবি সিটার আবশ্যক

Columbia medical Hospital এর ডাক্তার আফসানা রহমানের ৯ মাসের মেয়েকে দেখাশুনার জন্য বৃহস্পতি ও শুক্রবারের একজন বেবি সিটার দরকার বাসার দুই বকের ভিতর Train আছে ।

Address:709 W 169th Street.1st floor.Manhattan, New York.

যোগাযোগ :-(347) 944-2284, 347 475 7554

## ড্রাইভিং শিখতে চান?

সহজ পদ্ধতিতে এবং ফেক্সিবল সময়ের মধ্যে ড্রাইভিং শিখার জন্য যোগাযোগ করুন ।

যোগাযোগঃ উদ্দিন

**929-519-5139**



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**Dr. Tahera Nasreen, MD**

Board Certified in Internal Medicine

Affiliated with Brooklyn Hospital Center

**Dr. Ataul Osmani, MD**

Board Certified in Family Medicine

Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

## MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

*MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial*



**Our Programs:**

**Summer Program will start from July 5th**

| | | |
|---|---|---|
| SAT | 8 Weeks Course<br>4 Hours Each Class<br>Total 32 Classes (4 days/week)<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | Get 25% Discount sign up by 4th July |
| SHSAT | 8 Weeks Course<br>5 days/week<br>Total Cost : $2000.00<br>Time : 2 pm to 6 pm | |
| COMMON CORE MATH & ENGLISH | 1st Grade to 6th Grade<br>8 weeks course<br>3 Hrs./day, 4 days/week<br>Cost : 600.00 | |

**Admission going on**

**K-6 & Common Core Regents Classes**

*Bronx Branch:*
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

*Jackson Heights Branch:*
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

*Quality Education Is Our Priority!*



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

## জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস

167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432

**Tel: 718-480-3313, Cell: 917-600-4937**

Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

**ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী**

### আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

# বাসা ভাড়া

## বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা ১৮৩ স্ট্রীট, হি-লসাইড এবং জ্যামাইকা এভিনিউ-এর মধ্যে সাবওয়ের সন্নিকটে ২ বেডরুমের বেসমেন্ট বাসা ভাড়া হবে। নতুন রিনোভেটেড।

যোগাযোগঃ
৭১৮-৬০৭-৯৫৫১
৩৪৭-৮৭০-০৭৪০।

## বাসা ভাড়া

ব্রঙ্কসের ক্যাসিল হিলের গ্লিভ এভিনিউতে ৪ বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: আহমেদ।
ফোন: ৯১৭-৪৪৪-৯৭০৭
অথবা ৩৪৭-২০৮-৪৭৪১

## বেইসমেন্ট ভাড়া

জেএফকে বিমান বন্দর থেকে ১০ মিনিটের দুরত্বে। ছোট পরিবার নিয়ে বসবাসবাসের জন্য (New renovation) বেসমেন্ট ভাড়া দেওয়া হইবে। নিউইয়র্কের কুইন্সের রোজডেলে ১বেডরুম ১ ফুল বাথরুম, ১ লিভিং রুম সাথে কিচেন ভাড়া দেওয়া হইবে ঠিকানা: 242-03 133rd ave, Rosedale, New York 11422 যোগাযোগ করুন : **203-993-7788 Humayunchy@hotmail.com**

## রুম ভাড়া

২৩-৩০ ৪২ স্ট্রীট, এস্টোরিয়া নিরিবিলি পরিবেশে রুম ভাড়া হবে।
যোগাযোগঃ ৯১৭-৮৬১-৯০৩৫।

## বাসা ভাড়া/ রীীূমমেট

২০-৫০ ৩২ স্ট্রীট বেসমেন্টে ১টি

## বাসা ভাড়া

উডহ্যাভেন এলাকায় ৩ বেড, ১ লিভিং, কিচেন এবং বাথরুম (১ম তলা) ভাড়া হবে। জে ট্রেন এবং কিউ-৫৬, কিউ-২৪, কিউ-৫৩, কিউ-৫২, কিউ-১১ এবং বি-১ বাসের সন্নিকটে। ভাড়া ২৪০০ ডলার। সববিল একত্রে।
যোগাযোগঃ
জিনাত ৬৪৬ ২৮৯ ০৫৩৯.

## বিজ্ঞাপন ম্যানেজার আবশ্যক

নিউইয়র্কের একটি মিডিয়া হাউজের জন্য ফুল টাইম একজন বিজ্ঞাপন ম্যানেজার আবশ্যক। শুধুমাত্র সিরিয়াস আগ্রহীরাই যোগাযোগ করুন।
**যোগাযোগ:**
**৭১৮-৭৫৩-০০৮৬**

## মেডিকেয়ার ইন্স্যুরেন্স

মেডিকেয়ার ইন্স্যুরেন্স এর যাবতীয় তথ্যের জন্য যোগাযোগ করুন: **মোহাম্মদ তুহিন**

☎ **৭১৮-৩১০-০৪১৩**

## পাত্র-পাত্রী চাই

(১)আমেরিকার বিশ্ববিদ্যালয় থেকে আইনে ডিগ্রীপ্রাপ্ত। মুসলিম। সাতাশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্রী চাই। (২) ডাটা সাইন্সে আমেরিকার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়রত। মুসলিম। তেইশ বছর। সিলেট বাড়ী। যুক্তরাষ্ট্রের নাগরিক পাত্র চাই। এসএমএস করুন। গোপনীয়তা রক্ষা করা হবে। ৩৪৭-৩৪৫-৮২০৭.

## TDS INSURANCE এর প্রতিবাদ

**কতিপয় ব্রোকারেজ প্রতিষ্ঠানের অপপ্রচারের পরিপ্রেক্ষিতে TDS INSURANCE BROKERAGE CORP. -এর পক্ষ থেকে আমরা সোচ্চার প্রতিবাদ জানাচ্ছি। আমাদের কোন শাখা অফিস, সাব এজেন্ট নিউইয়র্কের কোথাও নেই। আমাদের কার্যক্রম আমরা আমরা শুধুমাত্র ব্রুকলীন অফিস থেকেই পরিচালনা করছি। ধন্যবাদ-**
**TDS INSURANCE BROKERAGE CORP.**

## পূর্বাচলে রাজউকের নির্ভেজাল ৫ কাঠার প্লট বিক্রয়

ঢাকার মাস্টার প্ল্যান শহর পূর্বাচলের আকর্ষণীয় লোকেশনে সরাসরি রাজউকের বরাদ্দতো ৫ কাটার নির্ভেজার একটি প্লট বিক্রয় হবে। আমেরিকান সিটিজেন ইঞ্জিনিয়ার নিজের কেনা প্লটটি সরাসরি নিজে বিক্রি করবেন।
**যোগাযোগের ফোন: ১-৪০৮-৫৬৪-৩৯১০**
**Email: gomaruf@gmail.com**

## পাত্রী চাই

ইউএস সিটিজেন, বয়স ৫৫, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ার, সরকারি চাকুরীজীবী, সুপ্রতিষ্ঠিত মুসলিম ধার্মিক পাত্রের জন্য বিধবা, ডিভোর্স (বৈধ কাগজপত্র না থাকলেও চলবে) পাত্রী চাই।
**যোগাযোগ: ৬৪৬-৭০৭-৯৬১৪** সে-০৫/০৬

## ফ্লোরিডায় গবাদী পশু খামার বিক্রি হবে

ফ্লোরিডার অরল্যান্ডোতে একটি গবাদী পশু খামার/ফার্ম/ল্যান্ড গবাদী পশু সহ বিক্রি করা হবে। জমির পরিমান ৪৩+ একর। জমিটি হাই এন্ড ড্রাই প্লাসচুরেস। কোন ওয়েটল্যান্ড নেই। জমিতে বিদ্যুৎ, পানি, দুটি লেক, চারটি বাম আছে। কোরবানীর সব ইকুইপমেন্ট সহ কোরবানী করার সকল ব্যবস্থা বিদ্যমান। এছাড়াও একটি ট্রাক্টর এবং থাকার জন্য একটি ট্রেইলার বাড়ী আছে। মূল্য: ২২,৯৯৯ ডলার প্রতি একর। যোগাযোগ: আব্দুল বাতেন।
**টেক্সট # ৪০৭-৭১৯-২৫১৯**
**Email: chevron803@gmail.com**

## টাঙ্গাইল শহরের প্রান কেন্দ্রে বাড়ি বিক্রয়

টাঙ্গাইল শহরের বিশ্বাস বেতকা এলাকায় সৃষ্টি কোচিং সংলগ্ন ১০ শতাংশ জমির উপর ৫তলা ফাউন্ডেশনের (৩৩টা পিলারের) বাড়ি, নীচতলায় ৩ বেড, ৩ বাথ, ২টা ইউনিট এবং দোতলায় দুই বেড এবং একটি বাথরুমের ৪টা ইউনিট। প্রতিমাসে আয় সর্বমোট ৪৫ হাজার টাকা। জমির মালিক নিউইয়র্ক প্রবাসী বিধায় দলিল হস্তান্তর এবং বাড়ির মূল্য নির্ধারন/পরিশোধ ডলারে করতে হবে।

**কেবল মাত্র কিনতে আগ্রহীরা যোগাযোগ করুন-**
**দূরালাপনী ঃ ৯১৭-৩০০-৫০০৪**

## One Bedroom CONDOMINIUM FOR SALE

1510 Union Port Road,Bronx ,NY-10462.Asking Price $199,000.00
Common Charge $ 804.69 . Living area Sqft 613.more Info please contact







## লং আইল্যান্ডে ড্রাইভাভিং স্কুলে ইনস্ট্রাকটর আবশ্যক

লং আইল্যান্ড সাফক কাউন্টি তে ফুলটাইম/ পার্টটাইম ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞতাসম্পন্ন ইনস্ট্রাকটর আবশ্যক। বেতন ২০ ডলার-২৫ ডলার /প্রতি লেসন্
যোগাযোগঃ ৬৩১-২৭৫-৪০০৭

## বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!
শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
**Bangladesh Center Inc**
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

## আবশ্যক

অ্যাপোলো ইমিগ্র্যান্ট ম্যানেজমেন্ট (এলমহার্স্ট, এনওয়াই ১১৩৭৩)-এর জন্য এলজন ফুল টাইম ইঞ্জিনিয়ার আবশ্যক। বেতন ঘন্টায় ৪১ ডলার ২ সেন্ট। আগ্রহীকে এমপ্লয়ীদের সুপারভাইজিং সহ মেশিন অপারেট, হার্ডওয়ার এবং নেটওয়াকিং প্রভৃতি দায়িত্ব পালন ছাড়াও ব্যবসায়িক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় দেখাশোনা ও পর্যবেক্ষণ করতে হবে। যোগ্যতা ব্যাচেলর ডিগ্রিসহ ইংরেজী, বাংলা ও হিন্দি ভাষায় অনর্গল কথা বলা জানতে হবে।
**যোগাযোগ: ৭১৮-৪২৬-৬৬০০**

## JAMAICA GARAGE FOR RENT

**INDOOR GARAGE WITH REMOTE KEY FOR RENT. 175 STREET & HILLSIDE AVENUE. LEAVE MESSAGE: 917-533-3928**

## মুসলিম কাজী অফিস

**Imam & Khatib**
**Bangla Bazar Jame Masjid**
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



**Quazi Moulana Abul Kashem Eahea**
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
**Marriage Registrar New York State**
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
**Tel: 347-208-9055**
Email:abuleahea@gmail.com

بسم الله الرحمن الرحيم

## পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn University, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
**Mobile Tel. No 646-591-4696**
**Res: 718-931-2509**
**e-mail: moondhs@gmail.com**

## MATRIMONIAL SERVICE

## কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
**KAZI MOWLANA MD. ABUL KHAIR**
IMAM & KHATUB
**MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.**
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444





# মামুন'স টিউটোরিয়ালের শিক্ষার্থীদের কৃতিত্বে ফুলেল শুভেচ্ছ

(শেষের পাতার পর)

পরীক্ষায় অসাধারণ কৃতিত্বের পরিচয় দিয়েছেন। এই টিউটোরিয়াল থেকে অংশ নিয়ে রেহান কাজী ১৬০০-তে ১৫৭০ পেয়েছেন। তিনি ম্যাথে ৮০০-তে ৭৯০ আর ইংরেজিতে ৮০০-এর মধ্যে পেয়েছেন ৭৮০। তাহরিন হোসেনও পেয়েছেন ১৫৭০। তিনি ম্যাথে ৮০০ এর মধ্যে ৮০০ আর ইংরেজিতে পেয়েছেন ৮০০-তে ৭৭০ নম্বর। এছাড়াও সৈয়দ আলী পেয়েছেন ১৫৪০ নম্বর। তিনি ম্যাথে ৮০০ এর মধ্যে ৭৮০ এবং ইংরেজিতে ৮০০ এর মধ্যে ৭৬০ নম্বর পেয়েছেন। শাহরিয়ার হোসেন পেয়েছেন ১৫৪০। ম্যাথে ৮০০ এর মধ্যে ৭৯০ আর ইংরেজিতে পেয়েছেন ৮০০-তে ৭৪০ নম্বর। নেমেরা বিসমা পেয়েছেন ১৫০০। ম্যাথে ৮০০ এর মধ্যে ৭৯০ আর ইংরেজিতে পেয়েছেন ৮০০-তে ৭১০ নম্বর। অন্যান্য শিক্ষার্থীরাও এসএটিতে ভালো নম্বর পেয়েছেন। মামুনস টিউটোরিয়ালের জ্যাকসন হাইটস ও ব্রঙ্কস শাখা থেকে শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নেন। মামুন'স টিউটোরিয়ালের কর্ণধার শেখ আল মামুন এ তথ্য জানান। এই রেজাল্টে শেখ আল মামুন সহ মামুন'স টিউটোরিয়ালের শিক্ষকবৃন্দ খুবই আনন্দিত।

এদিকে মামুন'স টিউটোরিয়ালের শিক্ষার্থীদের অসামান্য কৃতিত্বে শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে। এ উপলক্ষ্যে গত ২৬ নভেম্বর রোববার মামুন'স টিউটোরিয়ালের জ্যাকসন হাইটস শাখায় কৃতি শিক্ষার্থীদেরকে ফুলেল শুভেচ্ছা জানান মামুন'স টিউটোরিয়ালের কর্ণধার শেখ আল মামুন। এসময় কৃতি শিক্ষার্থীদের অভিভাবকরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে শেখ আল মামুন বলেন, এসএটি পরীক্ষায় স্কোর ভালো হলে এবং জিপিএ ফোর থাকলে ভালো স্কলারশিপ পাওয়া যায়। নিউইয়র্ক সিটি ও স্টেটে নিউইয়র্ক ইউ-নিভার্সিটি, কর্নেল ইউনিভার্সিটি, কলাম্বিয়া ইউনিভার্সিটিসহ খ্যাতনামা সব ইউনিভার্সিটি এবং সুনি, কিউনির মতো খ্যাতনামা কলেজ ও ইউনিভার্সিটিতে ভালো বিষয়ে সুযোগ পাওয়া ও স্কলারশিপ পাওয়ার জন্য এসএটির ভালো স্কোর অনেক কাজে লাগে। তিনি বলেন, দেখা গেছে যারা এসএটি পরীক্ষায় ভালো স্কোর পেয়েছে তারা এসএটি অপশনাল কলেজে আবেদন করেও ভালো স্কলারশিপ পেয়েছেন। এ কারণে ভালো কলেজে চান্স পেতে এসএটির ওপর গুরুত্ব দিতে আমরা স্টুডেন্টদের পরামর্শ দিচ্ছি।

শেখ আল মামুন জানান, যারা ভালো ফলাফল করেছেন তারা ন্যাশনাল র‍্যাঙ্কিংয়ে ৯৯ শতাংশ নম্বর পেয়েছেন। বিশেষ করে, খ্যাতনামা ইউনিভার্সিটিতে ভর্তির আবেদন করার জন্য এটি লাগবে। আর আবেদন বিবেচনার সময়ও এটি দেখা হয়। কারণ এসএটি অপশনাল হলেও ভর্তি প্রতিযোগিতায় এসএটির স্কোর দেখা হয়। এ ছাড়া যারা এসএটিতে ভালো রেজাল্ট করে তাদের মধ্যে একটি আত্মবিশ্বাসও তৈরি হয়। জিপিএ স্কোর ৪ ধরে রাখার আগ্রহ তৈরি হয়। এসএটি স্কোর ভালো হলে এবং জিপিএ ফোর থাকলে ভালো স্কলারশিপ পাওয়া যায়।

তিনি কমিউনিটির অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, আপনারা মামুন'স টিউটোরিয়ালের ওপর আস্থা রাখুন। মামুন'স টিউটোরিয়ালের গাইড লাইনগুলো ছেলে-মেয়েদের ফলো করান। তাহলে অবশ্যই আপনাদের সন্তানরা ভালো রেজাল্ট করতে পারবে বলে আমি দৃ ঢ়ভাবে বিশ্বাস করি।

# রেকর্ড হচ্ছে প্রতিটি

(শেষের পাতার পর)

আচেন যারা তার প্রত্যেকটি তৎপরতা লিপিবদ্ধ করছে। তার কোন কাজ ও কথাই তাদের রেকর্ড থেকে বাদ পড়ে না। অর্থাৎ আল্লাহ আদালতে যে সময় মানুষকে পেশ করা হবে তখন কে কি করে এসেছে সে বিষয়ে আল্লাহ নিজ থেকেই অবহিত থাকবেন। তাছাড়া সে বিষয়ে সাক্ষ দেয়ার জন্য এমন দু'জন সাক্ষীও উপস্থিত থাকবেন যারা তার কাজ-কর্মের লিখিত নথিভূক্ত প্রমাণাদি এনে সামনে পেশ করবেন। লিখিত এ প্রমাণাদি কেমন ধরনের হবে তার সঠিক ধারণা করা আমাদের জন্য কঠিন। তবে আজ আমাদের সামনে যেসব সত্য উন্মোচিত হচ্ছে তা দেখে এ বিষয়টি একেবারে নিশ্চিত মনে হয় যে, যে পরিবেশে মানুষ অবস্থান ও কাজ-কর্ম করে তাতে চতুরদিকের প্রতিটি অণু-পরমাণুর ওপর তার কণ্ঠস্বর,ছবি, ও গতিবি-ধির ছাপ পড়ে যাচ্ছে। এসব জিনিসের প্রত্যেকটিকে পু-নরায় হুবহু সেই আকার-আকৃতি ও স্বরে এমনভাবে পেশ করা যেতে পারে যে, আসল ও নকলের মধ্যে সামান্যতম পার্থক্যও থাকবে না। আল্লাহ তা'আলা বলেন, "এমন কোন শব্দ তার মুখ বের হয় না যা সংরক্ষিত করার জন্য একজন সদা প্রস্তুত রক্ষক উপস্থিত থাকে না।" (সুরা ক্বাফ:১৮)

মানুষ যন্ত্রপাতির সাহায্যে এ কাজটি অত্যন্ত সীমিত মাত্রায় করছে। কিন্তু আল্লাহর য়িরিশতারা এসব যন্ত্রপাতিরও মুখাপেক্ষী নয়, এসব প্রতিবন্ধকতায়ও আবদ্ধ নয়। মানুষের নিজ দেহ এবং তার চারপাশের প্রতিটি জিনিস তাদের জন্য টেপ ও ফিল্ম স্বরূপ। তারা এ সব টেপ ও ফিল্মের ওপর প্রতিটি শব্দ এবং ছবি অতি সুক্ষ্ণ ও খুঁটিনাটি বিষয়সহ অবিকল ধারণ করতে পারে এবং পৃথিবীতে ব্যক্তি যেসব কাজ করতো কিয়ামতের দিন তাকে তার নিজ কানে নিজ কণ্ঠস্বরে সেসব কথা শুনিয়ে দিতে পারে,নিজ চোখে তার সকল কর্মকা-ের এমন জ্বলজ্যান্ত ছবি দেখিয়ে দিতে পারে যা অস্বীকার করা তার জন্য সম্ভব হবে না। প্রযুক্তির ক্রমোন্নতি এ সত্য দিন দিন সুস্পষ্ট হচ্ছে।

এখানে একথাটিও ভালভাবে বুঝে নেয়া দরকার যে, আল্লাহ তা'আলা আখিরাতের আদালতে কোন ব্যক্তিকে কেবল নিজের ব্যক্তিগত জ্ঞানের ভিত্তিতে শাস্তি প্রদান করবেন না, বরং ন্যায় বিচারের সমস্ত পুর্বশর্ত পুরণ করে তাকে শাস্তি প্রদান করবেন। এ কারণে দুনিয়াতেই প্রত্যেক ব্যক্তির সমস্ত কথা ও কাজের পূর্ণাঙ্গ রেকর্ড তৈরী করা হচ্ছে যাতে অনস্বীকার্য সাক্ষে ভিত্তিতে তার সমস্ত কর্মকা-ের প্রমাণাদি পেশ করা যায়।

এ কথাটিকে আরো সুষ্টভাবে সুরা ইনফিতারে বলা হয়েছে,"অথচ তোমাদের ওপর পরিদর্শক নিযুক্ত রয়েছে, এমন সম্মানিত লেখকবৃন্দ, যারা তোমাদের প্রত্যেকটি কাজ জানে।" (আয়াত:১০-১২) এটি পূর্বাপর আলোচ-নার অংশ। অর্থাৎ বলা হচ্ছে, মানুষ চাইলে কর্মফল দিবসকে অস্বীকার করতে পারে কিন্তু এতে প্রকৃত সত্য বদলে যাবে না। প্রকৃত সত্য হচ্ছে এই যে, তাদের রব এই দুনিয়ায় তাদেরকে লাগামহীনভাবে ছেড়ে দেননি। বরং তিনি তাদের প্রত্যেকের ওপর অত্যন্ত সত্যনিষ্ঠ তত্ত্বাবধায়ক নিযুক্ত করে রেখেছেন। তারা নিরপেক্ষভাবে তাদের সমস্ত ভালো ও মন্দ কাজ রেকর্ড করে যাচ্ছে। তাদের কোন কাজ সম্মানিত তত্ত্বাবধায়কের অগোচরে থাকছে না। মানুষ অন্ধকারে, একান্ত নির্জনে, জনমানবহীন গভীর জংগলে অথবা এমন যে কোন অবস্থায় কোন কাজ করে থাকলে যে সম্পর্কে মানুষ পূর্ণ নিশ্চিন্ত থাকছে যে, তা সকল সৃষ্টির অগোচরে রয়ে গেছে, তারপরও তা তাদের কাছ থেকে গোপন থাকছে না। এই তত্ত্বাবধায়ক ফেরেশতাদের জন্য আল্লাহ "কিরামান কাতেবীন" শব্দ ব্যবহার করেছেন। অর্থাৎ লেখকবৃন্দ যারা কারীম। অত্যন্ত সম্মানিত ও মর্যাদাবান। তাদের কারোর সাথে ব্যক্তিগত ভালোবাসা বা শত্রুতা নেই। ফলে একজনের প্রতি অন্যায় পক্ষপাতিত্ব এবং অন্যজনের প্রতি অযথা বিরোধীতা করে সত্য বিরোধী ঘটনা রেকর্ড করার কোন অবকাশই সেখানে নেই। তারা খেয়ানতকারীও নয়। ডিউটি ফাঁকি দিয়ে নিজেদের তরফ থেকে খাতায় উল্টো সিধে লিখে দেয়া তাদের পক্ষে সম্ভব নয়। তারা ঘোষখোরও নয়। নগদ কিছু নিয়ে কারো পক্ষে বা কারো বিপক্ষে মিথ্যা রিপোর্ট দেবার কোন প্রশ্নই তাদের ব্যাপারে দেখা দেয় না। এ সব নৈতিক দূর্বলতা থেকে তারা মুক্ত। কাজেই সৎ ও অসৎ উভয় ধরণের মানুষের নিশ্চিত থাকা উচিত যে, তাদেও প্রত্যেকের সৎকাজ হুবহু রেকর্ড করা হবে এবং কারোর ঘাড়ে এমন কোন অসৎ কাজ চাপিয়ে দেয়া হবে না, যা সে করেনি। তারপর এই আয়াতে এই ফিরিশতাদের দ্বিতীয় যে গুণটি বর্ণনা করা হয়েছে তা হচ্ছে, "তোমরা যা কিছু করো তা তারা জানে।" অর্থাৎ তাদের অবস্থা দুনিয়ার সি,আই.ডি ও তথ্য সরবরাহ এজেন্সীগুলোর মতো নয়। সব রকমের প্রচেষ্টা ও সাধ্য-সাধনার পরও অনেক কথা তাদের কাছ থেকে গোপন থেকে যায়। কিন্তু এ ফেরেশতারা প্রত্যেক ব্যক্তির প্রত্যেকটি কথা ও কাজ সম্পর্কে পুরোপুরি অবগত। সব জায়গায় সব অবস্থায় সকল ব্যক্তির সাথে তারা এমনভাবে লেগে আছে যে, তারা জানতেই পারছে না যে, কেউ তাদের কাজ পরিদর্শন করছে। কোন ব্যক্তি কোন নিয়তে কি কাজ করেছে তাও তারা জানতে পারে। তাই তাদের তৈরি করা রেকর্ড একটি পূর্ণাঙ্গ রেকর্ড। এই রেকর্ডের বাইরে কোন কথা নেই। এ সম্পর্কেই সুরা কাহাফের ৪৯ নং আয়াতে বলা হয়েছে: "আর সে দিন আমলনামা সামনে রেখে দেয়া হবে। সে সময় তোমরা দেখবে অপরাধীরা নিজেদের জীবন খাতায় যা লেখা আছে সে জন্য ভীত হচ্ছে এবং তারা বলছে, হায় আমাদের দুর্ভাগ্য, এটা কেমন খাতা, আমাদের ছোট বড় এমন কোনো কিছুই এখানে লেখা থেকে বাদ পড়েনি। তাদের যে যা কিছু করেছিল সবই নিজের সামনে উপস্থিত পাবে এবং তোমার রব কারোর প্রতি জুলুম করবেন না।"

আসলে প্রত্যেক মানুষের কর্মকা- আল্লাহ সরাসরি জানলেও আখিরাতে যখন তিনি আদালত কায়েম করবেন তখন সেখানে যাকেই শাস্তি দিবেন ইনসাফ ও ন্যায়নীতির দাবী পুরোপুরি পালন করেই শাস্তি দিবেন। তাই উল্লেখিত রেকর্ড ছাড়াও মহান আল্লাহ সেদিন মানুষের অঙ্গ-প্রতঙ্গগুলোকে স্বাধীনভাবে কথা বলার সুযোগ সৃষ্টি করে দিবেন। তাঁর আদালতে প্রত্যেকটি অপরাধী মানুষের বিরুদ্ধে যে মামলা দায়ের করা হবে তার সপক্ষে এমনসব সাক্ষ্য-প্রমাণ পেশ করা হবে যার ফলে তার অপরাধী হবার ব্যাপারে কারো কোন বলার অবকাশ থাকবে না। সর্বপ্রথম পেশ করা হবে তার আমলনামা। আমলনামার পাশাপাশি তার অঙ্গ-প্রত্যঙ্গ এই আমলানামার প্রতিটি বিষয়ের সাক্ষ্য দিবে।

আল্লাহ তা'আলা বলেন," আজ আমি এদের মুখ বন্ধ করে দিচ্ছি, এদের হাত আমার সাথে কথা বলবে এবং এদের পা সাক্ষ্য দেবে এরা দুনিয়ায় কি উপার্জন করে এসেছে।" (সুরা ইয়াসীন : ৬৫) এখানে মুখ বন্ধ করার কথা বলা হয়েছে আবার সুরা নূরে মুখকে স্বাধীনভাবে কথা বলার কথা বলা হয়েছে। অর্থাৎ মুখ স্বাধীনভাবে কথা বলবে যা সে করেছে। আল্লাহ তা'আলা বলেন, "তারা যেন সেদিনের কথা ভুলে না যায় যেদিন তাদের নিজেদের কণ্ঠ এবং তাদের নিজেদের হাত পা তাদের কৃতকর্মের সাক্ষ্য দিবে।" (সুরা নুর:২৪)

এখানে এ প্রশ্ন দেখা দেয় যে, একদিকে আল্লাহ বলেন, আমি এদের কণ্ঠ রুদ্ধ করে দিবো এবং উল্লেখিত সুরা নুরের আয়াতে বলা হয়েছে যে, এদের কণ্ঠ সাক্ষ্য দিবে। এ দু'টি বক্তব্যের মধ্যে তাফসীরকারকগণ সামঞ্জস্য বিধান করছেন এভাবে যে, তাদের কথা বলার ক্ষমতা কেড়ে নেয়া হবে। অর্থাৎ এরপর তারা স্বেচ্ছায় নিজেদের মর্জি মাফিক কথা বলতে পারবে না। আর কণ্ঠের সাক্ষ্যদান অর্থ হচ্ছে, পাপিষ্ট লোকেরা তাদেরকে কোন কোন কাজে লাগিয়েছিল, তাদের মাধ্যমে কেমন সব কুফরী কথা বলেছিল, কোন ধরণের মিথ্যা উচ্চারণ করেছিল, কতপ্রকার ফিতনা সৃষ্টি করেছিল, কি কি কথা বলে মানুষের মধ্যে বিভেদের পাহাড় তৈরী করেছিল এবং কোন কোন সময় তাদের মাধ্যমে কোন কোন কথা বলেছিল সেসব বিবরণ তাদের কণ্ঠ স্বতস্ফূর্তভাবে দিয়ে যেতে থাকবে। অর্থাৎ মুখ তখন আর তার নিয়ন্ত্রণে থাকবে না। এটিকে পূর্ণভাবে স্বাধীন করে দেয়া হবে এবং সে যা সত্য তা স্বতস্ফূতভাবে বলার শক্তি দেয়া হবে। আল্লাহ তা'আলা বলেন, "পরে যখন সবাই সেখানে পৌঁছে যাবে তখন তাদের কান, তাদের চোখ এবং তাদের দেহের চামড়া তারা পৃথিবীতে কি করতো সে সম্পর্কে তাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে।" (সুরা হা-মীম আস সাজদা:২০)

আল্লাহ তা'আলা আরো বলেন," তারা তাদের শরীরের চা-মড়াসমূহকে বলবে, তোমরা আমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিলে কেন? তারা জবাব দিবে, সেই আল্লাহই আমাদের বাকশক্তি দান করেছেন যিনি প্রতিটি বস্তুকে বাকশক্তি দান করেছেন। তিনিই তোমাদেরকে প্রথমবার সৃষ্টি করেছিলেন। আর এখন তোমাদেরকে তাঁর কাছেই ফিরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। পৃথিবীতে অপরাধ করার সময় তোমরা গোপন করতে তখন তোমরা চিন্তাও করোনি যে, তোমাদের নিজেদের কান, তোমাদের চোখ এবং তোমাদের দেহের চামড়া কোন সময় তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে। তোমরা তো বরং মনে করেছিলে, তোমাদের বহু সংখ্যক কাজকর্মের খবর আল্লাহও রাখেন না। " (হা-মীম আস সাজদা: ২১-২২)

এ থেকে আরো জানা গেলো, সেদিন মানুষের অঙ্গ-প্রত্যঙ্গ ছাড়াও যেসব জিনিসের সামনে মানুষ কোন কাজ করেছিলো তার প্রতিটি জিনিসই কথা বলে উঠবে। আল্লাহ তা'আলা বলেন, "পৃথিবী তার ভেতরকার সমস্ত ভার বাইরে বের করে দেবে। আর মানুষ বলবে, এর কি হয়েছে। সেদিন সে তার নিজের সব অবস্থার বর্ণনা করবে।" (সুরা যিলযাল:২-৪) হযরত আবু হুরাইরা রা: বর্ণনা করেছেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ আয়াতটি পড়ে জিজ্ঞেস করেন: "জানো তার সেই অবস্থা কি?" লোকেরা জবাব দিলো, আল্লাহ ও তাঁর রাসুল ভালো জানেন। রাসুলুল্লাহ সা: বলেন, "সেই অবস্থা হচ্ছে, যমীনের পিঠে প্রত্যেক মানব মানবী যে কাজ করবে সে তার সাক্ষ্য দিবে। সে বলবে, এই ব্যক্তি উমুক দিন এই কাজ করেছিলো। এই হচ্ছে সেই অবস্থা, যা যমীন বর্ণনা করবে।"(মুসনাদে আহমাদ, তিরমিযি, নাসাঈ) এ ছাড়াও এই সাক্ষ্যের কথা আনাস রা:, আবু মুসা আশ'আরী রা:, আবু সাঈদ খুদরী রা: এবং ইবনে আব্বাস রা: বিভিন্ন হাদীসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেছেন এবং মুসলিম, নাসাঈতে উল্লেখ রয়েছে। তাছাড়া প্রত্যেককে তার নিজের আমলনামা পড়তে দেয়া হবে যাতে সে নিজের আমলনামা পড়ে সে নিজেই ফয়সালা দেয়ার জন্য যতেষ্ট হয়। অর্থাৎ বিচারক রায় শোনানোর প্রয়োজন হবে না। আল্লাহ তা'আলা বলেন,"পড়ো, নিজের আমলন-ামা, আজ নিজের হিসেব করার জন্য তুমি নিজেই যতেষ্ট।" (সুরা বনী ইসরাঈল:১৪)

# বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যুতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

# বদলে দেই পৃথিবী
# ধাঁপে ধাঁপে
# শুভকাজে

R

## RENAISSANCE
HOME HEALTH CARE



## নিউইয়র্ক সিটির সর্বশ্রেষ্ঠ হোমকেয়ার প্রতিষ্ঠান রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ার
## সর্বোচ্চ সম্মানীতে রেঁনেসা হোম এন্ড হেলথ কেয়ারে যোগ দিন

আপনার মর্যাদা, সম্মান ও সহানুভূতির সাথে সর্বোচ্চ গুণগত পরিসেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য

- আমাদের রয়েছে আকর্ষণীয় ক্ষতিপূরণ প্যাকেজ
- বিনামূল্যে প্রশিক্ষণের ব্যবস্থা
- ছুটির দিনে দ্বিগুণ বেতন
- গুগল-এ ৪.৫ স্টার রেটিং





## রেনেসাঁয় কাজ করতে চান? আজই যোগাযোগ করুন

(718) 649-3670

1959 WESTCHESTER AVE.
BRONX, NY 10462

www.renaissancehomehc.com

## নির্বাচনী প্রদীপের আলোয় স্বতন্ত্র প্রার্থীরা

**ঢাকা ডেস্ক:** দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের বড় প্রতিদ্বন্দ্বী যেন খোদ আওয়ামী লীগ। দলের ছাড় পেয়ে ঘরের ছেলেরা স্বতন্ত্র প্রার্থী হয়েছেন। এখন স্বতন্ত্রের সংখ্যাধিক্যই অস্বস্তির কারণ হয়ে উঠছে। কারণ দলের মাঠ পর্যায়ে বার্তাটি পরিষ্কার হয়নি। আবার আওয়ামী লীগের শরিক ও মিত্র দলগুলোর মধ্যেও স্বতন্ত্র প্রার্থী নিয়ে অস্বস্তি আছে, বিশেষ করে স্বতন্ত্র হিসেবে নির্বাচনে দাঁড়ানো আওয়ামী লীগ নেতাদের নিয়ে শরিক দলের অনেক প্রার্থী উদ্বিগ্ন। এর মধ্যে নির্বাচন কমিশন শনিবার স্বতন্ত্র প্রার্থীদের নিরাপত্তা দিতে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীকে নির্দেশনা দিয়েছে। ফলে এই নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীরা এখন পর্যন্ত বেশি দৃষ্টি কাড়ছেন বলা যায়। আওয়ামী লীগ থেকে মনোনয়ন চেয়ে যাঁরা নৌকা পাননি, তাঁদের একটি বড় অংশ স্বতন্ত্র প্রার্থী হয়ে নির্বাচনে অংশ নিতে মনোনয়নপত্র জমা দিয়েছেন। দলের মনোনয়ন না পাওয়া বর্তমান ৭১ সংসদ সদস্যের মধ্যে ৬১ জনও আছেন এই তালিকায়। এত দিন এ বিষয়ে এক ধরনের ছাড় দিয়ে রাখা হলেও আস্তে আস্তে বিষয়টি নিয়ে ভাবতে শুরু করেছে আওয়ামী লীগ।

## নিউইয়র্কে জেবিএ কেয়ার সেন্টার চালুর সিদ্ধান্ত

**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কে 'জ্যামাইকা বাংলাদেশ এসোসিয়েশন ইনক' (জেবিএ) এর কার্যকরি ও উপদেষ্টা কমিটির যৌথসভা গত ২০ নভেম্বর সোমবার জামাইকার একটি রেষ্টুরেন্টে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ও সাপ্তাহিক আজকাল সম্পাদক শাহ নেওয়াজ। পরিচালনায় ছিলেন সাধারন সম্পাদক রাব্বী সৈয়দ। সভায় সংগঠনের গঠনতন্ত্র প্রনয়নের জন্য এডভোকেট কামরুজ্জামান বাবুকে প্রধান করে ৫ সদস্য বিশিষ্ঠ কমিটি গঠন করা হয়। নতুন কমিটিকে বরণ করার লক্ষ্যে একটি অভিষেক কমিটি গঠিত হয়েছে। যার আহবায়ক আহসান হাবিব ও সদস্য সচিব মাকসুদুল এইচ চৌধুরী।

সভায় আগামী ১৬ ডিসেম্বর বিজয় দিবস পালনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। যৌথ কমিটি কমিউনিটির কল্যানে 'জেবিএ কেয়ার সেন্টার' চালুর সিদ্ধান্ত নিয়েছে। এই সেন্টারের ঠিকানা হবে ৮৭-৫৪ ১৬৮স্ট্রিট (সেকেন্ড ফ্লোর), জামাইকা, নিউইয়র্ক ১১৪৩২। সংগঠনটি কমিউনিটির সদস্যদের বিনা খরচে ইমিগ্রেশন, মেডিকেশন ও স্বাস্থ্যসেবা, চাকুরি ও সিটিজেনশীপসহ তথ্যমূলক সেবা প্রদান করবে।

সভায় অন্যান্য কর্মকর্তার মধ্যে সংগঠনের সিনিয়র সহ সভাপতি আহসান হাবিব ও মাকসুদুল এইচ চৌধুরী ও রীনা সাহা, সাধারণ সম্পাদক রাব্বী সৈয়দ, সহ সাধারণ সম্পাদক আনজাম সিদ্দিকী রাফি, কোষাধ্যক্ষ আহনাফ আলম, সাংগঠনিক সম্পাদক লুৎফর রহমান, সাহিত্য সম্পাদক মঞ্জুর কাদের, সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান বাবু, সহ সাংস্কৃতিক সম্পাদক মরিয়ম মারিয়া, প্রচার সম্পাদক জলি আহমেদ, আইন বিষয়ক সম্পাদক এডভোকেট কামরুজ্জামান বাবু, সমাজ কল্যাণ সম্পাদক এডভোকেট সামিউল করিম আলমগীর, ক্রীড়া সম্পাদক সজিব চৌধুরী, দপ্তর সম্পাদক বদরুদ্দোজা সাগর, আপ্যায়ন সম্পাদক মোতালিব সিকদার, মহিলা বিষয়ক সম্পাদক কবি সালেহা ইসলাম, সদস্য মোহাম্মদ আলী, মোসলেহউদ্দিন খান সেলিম, ডিউক খান, সেলিম খান, ডা. নাফিসুর রহমান, শেখ হায়দার আলী, কাজী জামান বিটু, সুলতান বোখারী, শিবলী নোমানী, মনিউর রহমান জাহাঙ্গীর, শামস চৌধুরী রুশো, সোহেল সীমান্ত, হাফিজ উদ্দিন, ডা. আইরুন নাহার রুলী, নাজিয়া জাহান, মাহবুবুল ফিরোজ, হুমায়ুন কবীর তুহিন ও মোস্তফা অনিক রাজ উপস্থিত ছিলেন।

এছাড়াও উপদেষ্টা সদস্যদের মধ্যে মোর্শেদ আলম, আওয়াল সিদ্দিকী, ফখরুল আলম, মোহাম্মদ তৈয়েবুর রহমান হারুন, মোস্তাক আহমেদ নিউটন, আকাশ রহমান, এডভোকেট মতিউর রহমান, রেজাউল করীম চৌধুরী, রাফাত হোসাইন, খলিলুর রহমান, শেখ ইলিয়াস হাবীব, শাহ মোয়াজ্জেম, আলমগীর ভূইয়া, কাজী হেলাল আহমেদ, রুবাইয়া রহমান, মোহাম্মদ কবীর, আকতার রহমান ও ডা. নার্গিস রহমান উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।



## ঢাকায় বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের শিক্ষার্থীরদের মতবিনিময়



**আমেরিকান উচ্চ শিক্ষা সম্পর্কে ধারণা লাভ এবং দু'দেশের শিক্ষার্থীদের মধ্যে ভাবনার আদান-প্রদান ও গভীরতর সম্পর্ক গড়ে তোলার লক্ষ। ঢাকা:** যুক্তরাষ্ট্রের ঢাকাস্থ দূতাবাসের এডুকেশন ইউএসএ সেন্টার গত ২৮ নভেম্বর ঢাকার গুলশানের নতুন ইএমকে সেন্টারে বাংলাদেশ এবং আমেরিকান স্নাতকদের মধ্যে একটি মত বিনিময় বৈঠকের আয়োজন করে। খবর বাসস'র।

দূতাবাসের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় যুক্তরাষ্ট্রের শীর্ষ দশ লিবারেল আর্ট কলেজের মধ্যে একটি (ইউএস নিউজ অ্যান্ড ওয়ার্ল্ড রিপোর্ট অনুসারে) কার্লটন কলেজ থেকে ঢাকায় আগত অর্থনীতির ১৩ জন আমেরিকান ছাত্র এতে যোগ দেন। আমেরিকান উচ্চ শিক্ষার সম্পর্কে ধারণা লাভ এবং দু'দেশের শিক্ষার্থীদের মধ্যে ভাবনার আদান-প্রদান ও গভীরতর সম্পর্ক গড়ে তোলার লক্ষে কার্লটনের শিক্ষার্থীরা স্কলাস্টিকা, আগা খান একাডেমি, ঢাকা বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ স্থানীয় বেশ কয়েকজন বাংলাদেশি শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করেন। যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে কীভাবে সমর্থন করে সে বিষয়ে একটি উপস্থাপনাও এতে তুলে ধরা হয়।

## 'নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা' ২৪-২৭ মে

**নিউইয়র্ক:** 'যত বই তত প্রাণ' এই শ্লোগানে আগামী ২৪-২৭ মে ৩৩ তম 'নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা' অনুষ্ঠিত হবে। নিউইয়র্কে জ্যামাইকা পারফর্মিং আর্ট সেন্টারে এই বইমেলা' অনুষ্ঠিত হবে। মুক্তধারা ফাউন্ডেশনের সভাপতি ড. নূরুন নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত নির্বাহী কমিটির এক সাম্প্রতিক সভায় চারদিন ব্যাপী এই বইমেলার তারিখ নির্ধারণ করা হয়। ইতিপূর্বে বইমেলার আহবায়ক হিসাবে লেখক ও সাংবাদিক হাসান ফেরদৌসকে সর্বসম্মতভাবে মনোনীত করা হয়। প্রবাসের ঐতিহ্যবাহী সংগঠন মুক্তধারার আয়োজনে গত তিন দশকের বেশি ধরে অনুষ্ঠিত নিউইয়র্ক বাংলা বইমেলা বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের বাইরে সর্ববৃহৎ বাংলা বইমেলা ও বাংলা ভাষা ও সাহিত্য সম্মেলন হিসাবে ইতোমধ্যেই সর্বত্র আদৃত হয়েছে। বিগত ঐতিহ্য অনুসরণ করে ৩৩তম আসরেও বাংলা ভাষার সেরা লেখক এবং উভয় বাংলার জনপ্রিয় প্রকাশকবৃন্দ অংশগ্রহণ করবেন। নিউ ইয়র্ক ও যুক্তরাষ্ট্রের বিভিন্ন শহরের সাহিত্য সংগঠনকেও তাদের প্রকাশিত নতুন গ্রন্থ প্রদর্শনীর জন্য আমন্ত্রণ জানানো হবে।




উল্লেখযোগ্য, ২০২৩ সালে ৩২তম বইমেলায় প্রায় ৩০টির মত প্রকাশক ও সংগঠন অংশগ্রহণ করে।

কমিটির সিদ্ধান্ত অনুসারে, ৩৩তম মেলাতেও বাংলা ভাষা ও সাহিত্যে অবদানের স্বীকৃতি হিসাবে 'জি এফ বি/মুক্তধারা সাহিত্য পুরষ্কার' দেওয়া হবে। এই পুরষ্কারের মূল্যমান ৩,০০০ ইউএস ডলার। ইতিপূর্বে যারা এই পুরষ্কার পেয়েছেন তাঁদের মধ্যে রয়েছেন নির্মলেন্দু গুণ, আবদুল্লাহ আবু সায়ীদ, দিলারা হাশেম, শামসুজ্জামান খান ও আসাদ চৌধুরী। মেলায় অংশগ্রহণকারী সেরা প্রকাশককে 'চিত্তরঞ্জন সাহা প্রকাশক পুরষ্কার' প্রদানের ব্যাপারেও সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এই পুরষ্কারের মূল্যমান ৫০০ মার্কিন ডলার। ২০২৩ সালের বইমেলায় এই পুরষ্কার পেয়েছিলো ঢাকার কথাপ্রকাশ ও নালন্দা প্রকাশনী যৌথভাবে।

পরবর্তি বইমেলা সুচারুভাবে আয়োজনের জন্য একটি প্রস্তুতি কমিটি গঠন করা হয়েছে। বইমেলার অর্থায়নে সহায়তা করার লক্ষ্যে বাসের গুণীজনকে 'সম্মানিত সদস্য' হিসাবে যুক্ত করারও উদ্যোগ নেওয়া হয়েছে। -প্রেস বিজ্ঞপ্তি।




# চিত্রে আসন্ন সংসদ নির্বাচন নৌকার প্রার্থী শফিউল আলম চৌধুরী নাদেল-এর সমর্থনে কুলাউড়া পৌর আওয়ামী লীগের প্রস্তুতি সভা













TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

NMLS#177308
MEADOWBROOK FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO CPA



# ১৫ ডিসেম্বর বাংলা পত্রিকা ও টাইম টিভি'র অনুষ্ঠান

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটি সাংবাদিকতার শীর্ষস্থানীয় মিডিয়া হাউজ সাপ্তাহিক বাংলা পত্রিকার ২৭ বছর ও টাইম টেলিভিশনের নবম বছর পূর্তী উপলক্ষ্যে আগামী অনুষ্ঠান ১৫ ডিসেম্বর শুক্রবার এক অনুষ্ঠানের আয়োজন **(বাকি অংশ ২৩ পাতায়)**



# কুইন্স হাসপাতালে জিহানের আঁকা ম্যুরাল উদ্বোধন

**বিশেষ প্রতিনিধি:** নিউইয়র্ক সিটি হেলথ এন্ড হসপিটাল বিভাগের কুইন্স হাসপাতালে বিশালকায় **(বাকি অংশ ৪০ পাতায়)**

# বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে **(বাকি অংশ ৪৪ পাতায়)**

অনুসন্ধানী রিপোর্ট-০১

# বাড়ছে কমিউনিটি, বাড়ছে সংগঠন, বাড়ছে না সেবা

**বিশেষ প্রতিনিধি:** বিশ্বের রাজধানী হিসেবে খ্যাত নিউইয়র্ক থেকে শুরু করে যুক্তরাষ্ট্রের নিউজার্সী, কানেকটিকাট, মেরিল্যান্ড, পেনসিলভেনিয়া, ওয়াশিংটন ডিসি, ভার্জেনিয়া, নর্থ কেরোলিনা, ফ্লোরিডা, টেক্সাস, ম্যাসাচুয়েটস, জর্জিয়া, মিশিগান, ক্যালিফোর্নিয়া প্রভৃতি রাজ্য এখন প্রবাসী বাংলাদেশীদের রাজ্য হিসেবে স্বীকৃত। বিশেষ করে ৯০'র দশকে ওপি ওয়ান এবং ডিভি লটারীর মাধ্যমে এবং পরবর্তীতে ইমিগ্রান্ট ভিসায় বাংলাদেশ থেকে হাজার হাজার বাংলাদেশী যুক্তরাষ্ট্রে স্থায়ী বসবাস গড়ে তুলেছেন। আর এসব প্রবাসীর পদচারণায় রাজ্যে রাজ্যে গড়ে উঠেছে বাংলাদেশী জনপদ অর্থাৎ মিনি বাংলাদেশ। সমগ্র যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশীর সংখ্যা বৃদ্ধির পাশাপাশি বাড়ছে বাংলাদেশী কমিউনিটি, বাড়ছে সংগঠন। কিন্তু বাড়ছে না কমিউনিটির সেবা। আর সেবার মান বৃদ্ধি না পাওয়ায় সাধারণ প্রবাসীরা **(বাকি অংশ ২৩ পাতায়)**

# মিশিগান স্টেটে ভোট ও প্রাক নিবন্ধনের অনুমতি

**বাংলা পত্রিকা ডেস্ক:** যুক্তরাষ্ট্রের মিশিগান স্টেটে ভোট ও প্রাক নিবন্ধনের অনুমতি দিলেন গভর্নর হুইটমার। গণতন্ত্র রক্ষায় ভোট প্রদান অবাধ সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে বৃহস্পতিবার (৩০ নভেম্বর) দুপুরে মিশিগান স্টেটের ডেট্রয়েট সিটির ন্যাশনাল এসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ কালারড পিপলের (এসএএসিপি) অফিসে মিশিগানের গভর্নর গ্রেচেন হুইটমার এই বিলে স্বাক্ষর করেন। নতুন বিলে স্বাক্ষরে ১৬ এবং ১৭ বছর বয়সীদের ভোট দেওয়ার জন্য প্রাক **(বাকি অংশ ২৩ পাতায়**

নিউইয়র্কে এসএটি পরীক্ষায়

# মামুন'স টিউটোরিয়ালের শিক্ষার্থীদের কৃতিত্বে ফুলেল শুভেচ্ছা



**বাংলা পত্রিকা ডেস্ক:** নিউইয়র্কের মামুন'স টিউটোরিয়ালের স্টুডেন্টরা এসএটি (স্যাট) পরীক্ষায় কৃতিত্বেও স্বাক্ষর রেখেছে। মামুন'স টিউটোরিয়ালের কৃতি শিক্ষার্থী রেহান কাজী ও তাহরিন হোসেন অতি সম্প্রতি অনুষ্ঠিত এসএটি **(বাকি অংশ ৪৪ পাতায়)**

মূলধারার রাজনীতিক গিয়াস আহমেদের বাসায় মেয়র এরিক এডামস

# বাংলাদেশী কমিউনিটির সাথে মতবিনিময়

**বাংলা পত্রিকা রিপোর্ট:** নিউইয়র্কের আলোচিত মেয়র এরিক অ্যাডামস। সাবেক পুলিশ অফিসার অ্যাডাম প্রথমবারের মতো বিশ্বের রাজধানী খ্যাত নিউইয়র্ক সিটির নির্বাচিত মেয়র হিসেবে দায়িত্ব পালন করছেন। মেয়র হিসেবে ব্যক্তিগত সমস্যা থেকে শুরু করে সিটির নানা সমস্যা তাকে মোকাবেলা করতে হচ্ছে। আর এসবের মধ্যে মেয়রাল নির্বাচনে প্রচারাভিযান থেকে শুরু কলে অদ্যবধি বাংলাদেশী কমিউনিটির সাথে তাঁর গভীর ও মধুর সম্পর্ক গড়ে উঠছে বলে অনেকরেই অভিমত। আর তাই তো মেয়র বাংলাদেশী কমিউনিটির সভা-সমাবেশ থেকে শুরু করে এখন ব্যক্তিগত ও পারিবারিক অনুষ্ঠানেও যোগ দিচ্ছেন। মঙ্গলবার (২৮ নভেম্বর) রাতে নিউইয়র্কের বিশিষ্ট ব্যবসায়ী ও মূলধারার রাজনীতিক এবং কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য গিয়াস আহমদের লং আইল্যান্ডের বাসায় তিনি কমিউনিটির প্রতিনিধিত্বশীল ব্যক্তিদের সাথে **(বাকি অংশ ২২ পাতায়)**






# রেকর্ড হচ্ছে প্রতিটি কথা ও কাজ

জাফর আহমাদ

এক দিকে স্বয়ং আল্লাহ নিজে সরাসরি মানুষের প্রতিটি গতিবিধি এবং চিন্তা ও কল্পনা সম্পর্কে অবহিত। অপর দিকে প্রত্যেক মানুষের জন্য দু'জন ফেরেশতা নিয়োজিত **(বাকি অংশ ৪৪ পাতায়)**

## খেলার খবর

# দক্ষিণ আফ্রিকার মাটিতে ঐতিহাসিক জয় বাংলাদেশের

**স্পোর্টস ডেস্ক:** দক্ষিণ আফ্রিকার মেয়েদের জন্য বাংলাদেশের মেয়েদের লক্ষ্য ছিল ১৫০ রান। **(বাকি অংশ ৪০ পাতায়)**

## হেলথ টিপস

# সৌন্দর্য ধরে রাখার গোপন মন্ত্র

**বাংলা পত্রিকা ডেস্ক:** সৌন্দর্য ধরে রাখার যত গোপন মন্ত্র রয়েছে তার মধ্যে অন্যতম হচ্ছে সুস্থ-স্বাভাবিক এবং নিয়ম মেনে চলা জীবনযাপন। যাপিত জীবনে নানা ব্যস্ততায় কজনই বা **(বাকি অংশ ৩৬ পাতায়)**

## বিনোদন

# লিওনার্দোই সেরা বন্ধু কেটের

**বিনোদন ডেস্ক:** ১৯৯৭ সালে মুক্তিপ্রাপ্ত ব্লকবাস্টার ফিল্ম 'টাইটানিক' থেকেই উত্থান হয় হলিউডের আইকনিক জুটি লিওনার্দো ডি ক্যাপ্রিও এবং কেট উইন্সলেটের। টাইটানিকের **(বাকি অংশ ৩৬ পাতায়)**

# খলিলের কুড়মুড়ে মুচমুচে ঝালমুড়ি



**হাবিব রহমানঃ**
'মনে মন মিলুক
হাতে মিলুক হাত
হৃদয়ে হৃদয়ে মিলুক
জিভে মিলুক স্বাদ'

বাঙালীর রসনায় দুই দুর্বলতা-চাল আর ঝাল। আর ঝালমুড়ি হচ্ছে সে দুয়ের-ই মহামিলন। **(বাকি অংশ ২৩ পাতায়)**

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ
• ব্যক্তিগত ও বিজনেস ট্যাক্স ফাইলিং • আই আর এস ও স্টেট অডিট সমাধান
• কর্পোরেশন ও এল এল সি সেটআপ • বিজনেস পরামর্শ • সেলস ট্যাক্স ফাইলিং
• বুককিপিং • সিটিজেনশিপ কেস • এসাইলাম কেস • ফ্যামিলি ভিসা • পে-রোল
929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত ৩১ পাতায়

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
হজ্জব্রত পালনকারীরগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্জ
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
Kuwait Airways
BRITISH AIRWAYS
গ্লোবাল এয়ার
Authorized Agent of
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE P0ARK, NY 11416
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com